



এই পুলিশ দ্বারা শান্তিপূর্ণ নির্বাচন করা অসম্ভব। রাজ্যে নিরপেক্ষ পদ্ধায়েত ভোট করতে হলে কেন্দ্রীয় বাহিনীর প্রয়োজন। দাবি সূকান্ত মজুমদারের। ...বিস্তারিত পাতা ৩



মনোনয়নের প্রথম দিনেই অশান্তি হল বীরভূমের মাড়গ্রাম। পুলিশের সামনেই মারধর করা হল কংগ্রেসের ব্লক সভাপতি মহম্মদ শাজাহান আলিকে। ...বিস্তারিত পাতা ৫



ইউক্রেনের একটি বাঁধ উড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছিল রাশিয়ার বিরুদ্ধে। পরিস্থিতি খতিয়ে দেখতে ঘটনাস্থলে যান ইউক্রেনের প্রেসিডেন্ট। ...বিস্তারিত পাতা ৬



মরসুম শেষে দেখা যাচ্ছে, রোনাল্ডোর অর্জন নেই ব্যক্তিগত জায়গাতেও। লিগের মরসুমসেরা একাংশে জায়গা হয়নি ৩৮ বছর বয়সী পর্তুগিজ তারকার। ...বিস্তারিত পাতা ৮

‘কোনও দলের তালিকাই প্রকাশ হয়নি, মনোনয়ন দিতে গেলেন কারা?’ তাজব ফিরহাদ

দুরন্ত বার্তা, কলকাতা, জুনঃ বৃহস্পতিবার পঞ্চায়েত ভোটের নির্ধািত ঘোষণা করে দিয়েছে রাজ্য নির্বাচন কমিশন। আজ থেকে শুরু হয়েছে মনোনয়ন পত্র তোলার পালা। আর তা নিয়ে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে বিক্ষিপ্ত গোলামলের খবর উঠে আসছে। কোথাও মনোনয়ন পত্র জমা দিতে যাওয়ার সময় পুলিশের সঙ্গে বিজেপি কর্মীদের বচসা। আবার কোথাও অভিযোগ, ডিসিআর এসে পৌঁছানি। সেই কারণে মনোনয়ন জমা না দিয়েই ফিরতে হয়েছে বিজেপিকে। এমন সব অভিযোগের বিষয়গুলি নিয়ে শুক্রবার বিকেলে প্রশ্ন করা হয়েছিল রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিমকে। তাঁর বক্তব্য, “এখনও তো কোনও দলই তালিকা প্রকাশ করেনি। আমি যতদূর জানি, তৃণমূল, বিজেপি, কংগ্রেস, সিপিএম কেউ এখনও লিস্ট বের করেনি। তাহলে মনোনয়ন দিতে গেলেন কারা?” ফিরহাদ হাকিমের এই মন্তব্যের কড়া সমালোচনা করেছে বিজেপি নেতা শমীক ভট্টাচার্য। মন্ত্রীকে পাঠ্য দিয়ে তিনি বলেন, “ফিরহাদ হাকিম এই কথা বলে মানুষকে অপমান করেছেন। কোনও রাজনৈতিক দলেরই পঞ্চায়েত ৭৩ হাজারের বেশি প্রার্থী তালিকা এভাবে প্রকাশ হয় না। এগুলি পুরোটািই জেলাস্তরে ও মহকুমাস্তরে হয়। উনি সব জেনেও এসব বলছেন।” এদিকে মনোনয়ন পর্বের প্রথম দিনেই যে দৃশ্য ধরা পড়েছে বিভিন্ন জেলায়, তা নিয়ে প্রশ্ন তুলে দিয়েছেন বঙ্গ বিজেপির



মুখপাত্র শমীক ভট্টাচার্য। বলেছেন, “একটা অদ্ভুত চিত্র উঠে আসছে। বহু জায়গায় বিডিও প্রস্তুত নন। কোনও টেবিল নেই, কোনও মনোনয়ন পত্র নেই। কোনও কাগজ দিতে পারছেন না। তুফানগঞ্জ, বারুইপুৰ, বহরমপুর সব বিস্তীর্ণ জায়গায় আজ বিডিওরই নির্বাচনের জন্য প্রস্তুত নন। কোনও প্রস্তুতি ছাড়া শুধুমাত্র একটি দলগোষ্ঠীর নিয়ন্ত্রণেই মানুষের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে।” রাজ্য নির্বাচন কমিশনের তরফে যেভাবে নির্বাচনের বিজ্ঞপ্তি ঘোষণা করা হয়েছে, তা নিয়ে তোপ দেগেছেন সিপিএম নেতা সূজন চক্রবর্তীও। সিপিএম নেতা বলেন, “সরকারি দফতর প্রস্তুত নয় মনোনয়নের জন্য। কিন্তু তৃণমূলের গুণ্ডাবাহিনী পুলিশের প্রশংসে রিটার্নিং অফিসারের পাশে বসে আছে, ধাক্কাধাক্কি করছে। মনোনয়ন তুলতে যেতে বাধা দিচ্ছে। যারা বাধা অতিক্রম করে যাচ্ছেন, তাঁরা আবার অফিস থেকে ফর্য পাচ্ছেন না। প্রথম দিনেই কমিশনের ব্যর্থতা স্পষ্ট।” তোপ দেগেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীও। তাঁরও বক্তব্য, “কংগ্রেস প্রার্থী মনোনয়ন জমা দিতে যাওয়ার সময় তৃণমূলের মস্তান বাহিনী পুলিশের মদতে বিডিও অফিস ঘিরে রেখেছে। কাউকে ঢুকতে দেওয়া হচ্ছে। নির্বাচন কী হবে, তার ছোট প্রমাণ আজ তৃণমূল দিয়ে দিয়েছে।” এদিকে এখন থেকেই রাজ্যে শুরু হয়ে গিয়েছে আর্দ্র নির্বাচনী রীতি। পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণার পর শুক্রবার জেলাশাসকদের সঙ্গে নয় নির্বাচন কমিশনার ডায়াল বৈঠকে বসেন। আগামী সোমবার সর্বদল বৈঠক হতে পারে বলে সূত্রের খবর। এদিন হাওড়ায় মনোনয়নপত্র জমা দেওয়া নিয়ে ক্ষোভ প্রকাশ করে সিপিএম। আবার কোথাও বিক্ষোভ দেখায় বিজেপি।

ইডিকে তুলোধোনা বিচারপতি অমৃতা সিনহার

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ জুনঃ শিক্ষক নিয়োগ সংক্রান্ত দুর্নীতির পাশাপাশি রাজ্যে পুর নিয়োগ দুর্নীতির তদন্তও চলছে পুরোদমে। তবে সেই তদন্তের যে রিপোর্ট জমা পড়ল আদালতে, তা দেখে রীতিমতো অসন্তোষ প্রকাশ করলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। এনফোর্সমেন্ট ডিরেক্টরেট ও সিবিআই- দুই

পুর নিয়োগ দুর্নীতি তদন্ত নিয়ে অসন্তোষ হাইকোর্টের

কেন্দ্রীয় সংস্থাকেই ওই মামলায় রিপোর্ট দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল। শুক্রবার আদালতে ইডি-র জমা দেওয়া রিপোর্ট দেখে বিচারপতি সিনহা মন্তব্য করেন, ‘একবারেই সন্তোষজনক নয়।’ একইসঙ্গে রাজ্যকেও ভরসনা



করছেন বিচারপতি। সুপ্রিম কোর্টে স্পেশাল লিড পিটিশন করেও কেন সেই মামলা তুলে নেওয়া হল, তা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন বিচারপতি। এদিন বন্ধ খামে রিপোর্ট জমা দিয়েছে ইডি। সেই রিপোর্ট দেখে বিচারপতি বলেন, “ন্যূন কী আছে? যা যা পদক্ষেপের কথা আছে, সেগুলো তো আগেই করা হয়েছে? এত শ্রুত গতি কেন?” তাঁর নির্দেশ অনুযায়ী যে পদক্ষেপ করা হয়েছে, সেই সংক্রান্ত রিপোর্ট বন্ধ খামে জমা দেওয়ার কোনও প্রয়োজন নেই বলেও জানিয়েছেন তিনি। ইডি-র তরফে আইনজীবী ধীরজ ব্রিেন্দী বলেন, “মূল তদন্ত সিবিআই করছে। ফলে তার উপর নির্ভর করে রিপোর্ট তৈরি করা

হয়েছে।” ইডি রিপোর্ট দিলেও সিবিআই এদিন কোনও রিপোর্ট দিতে পারেনি। আরও কিছুটা সময় চেয়ে নেন সিবিআই-এর আইনজীবী বিদ্বদ্বল ভট্টাচার্য। তিনি জানান, রিপোর্ট প্রস্তুত, তবে আদালতে পেশ করতে আরও কিছুদিন সময় লাগবে। এই বক্তব্য কিছুটা ভরসনা করেই বিচারপতি অমৃতা সিনহার বলেন, “একবার বলছেন রেডি।

আবার চেঞ্জ করতে চাইছেন?” আগামী বুধবার সিবিআই ও ইডিকে ‘সিলভ’ কভারে রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এই মামলায় সিঙ্গল বেঞ্চের নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল রাজ্য। পরে সেই আবেদন

প্রত্যাহার করা হয়েছে। রাজ্যের তরফে আইনজীবী শীর্ষ্য বন্দ্যোপাধ্যায় এ কথা জানানোর পর বিচারপি বলেন, “এটা কী! যারা মামলা করছেন, তারা কি বিনে পয়সায় করছেন? কাদের টাকায় এই মামলা হচ্ছে?” উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশে বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের বেঞ্চ থেকে পুর নিয়োগ সংক্রান্ত মামলা সরে যাওয়ার পর মামলা চলছে বিচারপতি অমৃতা সিনহার বেঞ্চে। বিচারপতি সিনহাও এই দুর্নীতিতে সিবিআই তদন্তের নির্দেশ বহাল রেখেছেন। সেই নির্দেশ অনুসারে কেন্দ্রীয় সংস্থা সম্প্রতি একাধিক পুরসভায় ও নগরোন্নয়ন দফতরে তল্লাশিও চালিয়েছে।

হাত তুলে নিয়েছে ২ প্রতিবেশী রাজ্য! পঞ্চায়েত ভোটে কোথা থেকে আসবে এত পুলিশ?

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ জুনঃ ঘোষণা হয়ে গিয়েছে পঞ্চায়েত নির্বাচনের নির্ধািত। বৃহস্পতিবার সাংবাদিক বৈঠক ডেকে পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করেছে রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা। আগামী ৮ জুলাই হতে চলবে পঞ্চায়েত ভোট। ভোটপর্বের সমাধা হবে এক দফাতেই। কিন্তু, রাজ্যজুড়ে প্রায় ৭৩ হাজার আসন, তারও বেশি সংখ্যক বুথ। এই সমস্ত বুথে পুলিশ নিরাপত্তা দেওয়া কতটা সম্ভব তা নিয়ে প্রশ্ন উঠছে প্রায় সব মহলেই। এক দফায় এত সংখ্যক পুলিশ দেওয়া কীভাবে সম্ভব? তবে কি কেন্দ্রীয় বাহিনী চাওয়ার কথা ভাবছে রাজ্য? এ প্রশ্নের উত্তরে অবশ্য নির্বাচন কমিশনার জানিয়েছেন, প্রয়োজন এবং অবস্থা বুঝেই সিদ্ধান্ত নেওয়া হবে। তবে কি অন্য পরিকল্পনা রয়েছে? সূত্রের খবর, নিরাপত্তা সংক্রান্ত সমস্যা সমাধানে অ্যান্য রাজ্যের কাছে পুলিশ চেয়ে আবেদন জানানো পােরে নব্বা। রাজ্য নির্বাচন কমিশনের সঙ্গে ইতিমধ্যেই রাজ্যের সার্বাঙ্গী দফতরের এই নিয়ে বৈঠক হয়েছে। বৃথ ভিত্তিক নিরাপত্তায় রাজ্যপুলিশ মোতায়েন করলে একদিনে এত সংখ্যক পুলিশ পাওয়া কী ভাবে সম্ভব এখন তা-ই নিয়েই মাথাব্যথা রাজ্য নির্বাচন কমিশনের। ইতিমধ্যেই পার্শ্ববর্তী দুটি রাজ্য পুলিশ পাঠাতে পারবে না বলে নবাবকে জানিয়ে দিয়েছে। এরপরে আরও দুটি রাজ্যকে চিঠি লিখতে চলছে রাজ্য। তেমনটাই সূত্রের খবর। সেফ্রে ২০২১-এর বিধানসভা নির্বাচনের ক্ষেত্রে পার্শ্ববর্তী রাজ্যগুলি থেকে রাজ্যে পুলিশ আনা হয়েছিল, সেই প্রসঙ্গ উল্লেখ করে চিঠি দেওয়া হবে বলে জানা গিয়েছে। প্রসঙ্গত, আজ থেকেই শুরু হয়েছে পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন



পত্র গ্রহণ। মনোনয়নপত্র জমা দেওয়ারকে কেন্দ্র করে সতর্কতা অবলম্বন করা হচ্ছে বলে জানা গিয়েছে। জানানো হয়েছে, পঞ্চায়েত অফিসারের কাছে মনোনয়নপত্র জমা দেওয়ার সময় ১০০ মিটারের মধ্যে শুধুমাত্র একটি গাড়ি প্রবেশ করতে পারবে। মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় প্রার্থীর সঙ্গে থাকতে পারবে শুধুমাত্র দুজন। এই নিয়ম মানা হচ্ছে কিনা, তার জন্য প্রত্যেকটি জায়গায় দায়িত্বপ্রাপ্ত পুলিশ আধিকারিকরা নজরদারি করছেন। এছাড়া, কমিশনের তরফে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে, প্রচার কর্মসূচিতে কোনও বাইক মিছিল চলবে না। রাজনৈতিক প্রচারে মোটরবাইক মিছিল সম্পূর্ণ নিষিদ্ধ। এছাড়া, জেলা পরিষদের নির্বাচনে যাঁরা প্রার্থী হলেন, তাঁদের ক্ষেত্রে প্রচারের জন্য একটি করে চার চাকা গাড়ির অনুমতি দেওয়া হবে। পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েতের যাঁরা প্রার্থী হলেন, তাঁরা চার চাকা গাড়ি নিয়ে প্রচার করতে পারবেন না। সেফ্রে, তাঁরা শুধুমাত্র দু'চাকা বা তিন চাকার যানবাহন ব্যবহার করতে পারবেন। যখন কোনও রোড শো হবে, শুধুমাত্র চারটি গাড়িকেই প্রচারের জন্য অনুমতি দেওয়া হবে। রাজনৈতিক দলগুলি নির্বাচন কমিশনের এই নির্দেশিকা না মানলে আইন অনুযায়ী কারা দণ্ডিত করা হবে বলেও জানা গিয়েছে। ইতিমধ্যেই এই নির্দেশিকা বিভিন্ন জেলা প্রশাসনের কাছে পৌঁছে দিয়েছে নির্বাচন কমিশন।

মনোনয়নের সময়সীমা বাড়াতে পারে কমিশন

আদালতের পর্যবেক্ষণের পর ইঙ্গিত রাজীব সিনহার

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ জুনঃ মনোনয়ন সবে শুরু হয়েছে। দু'দিন যাক। মনে হয় সময় বাড়তে হবে। দেখাব। আইনে সম্ভব হলে আমরা সময় বাড়াব। আশ্বাস দিলেন রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা। কমিশনের তরফ থেকে জানানো হয়েছে, হাইকোর্টের পর্যবেক্ষণের পর মনোনয়নের সময়সীমা কয়েকদিন বাড়ানো হতে পারে। অশ্বিনত মনোনয়ন কত দিন হবে, তার কোনও নিয়ম নেই। ফলে দিন বাড়ানো হলে সমস্যা নেই। তবে সব দিক বিবেচনা করেই সিদ্ধান্ত নেবে কমিশন। বৃহস্পতিবারই পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করেছে। নির্বাচন করানোর ক্ষেত্রে পুলিশের ওপর আস্থা রেখেছে রাজ্য। তারপরই শুক্রবার মনোনয়নপত্র জমা দেওয়া শুরু হয়েছে। ১৫ জুন শেষ তারিখ। ৭ জুন ক্ষুণ্ণিতার তারিখ ধার্য করা হয়েছে। মনোনয়নে কোনও সমস্যা যাতে না হয়, তার জন্য পুলিশ



এসডিও অফিস, এবং গ্রাম পঞ্চায়েত, বিডিও অফিস, গ্রাম পঞ্চায়েত সমিতিতে নোটিশ দিতে পারে কমিশন। শুক্রবার পঞ্চায়েত নির্বাচন মামলা সংক্রান্ত একটি মামলায় ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ ছিল, ‘প্রাথমিকভাবে ভাবে মনে হচ্ছে মনোনয়ন থেকে ভোটগ্রহণ পুরো সময়টি অত্যন্ত দ্রুততার সঙ্গে করা

থেকে স্পষ্ট করে দেওয়া হয়েছে, মনোনয়ন যেখানে জমা নেওয়া হবে, সেখানে ২০০ মিটারের মধ্যে ১৪৪ ধারা জারি থাকবে। যদিও এক্ষেত্রে উল্লেখ্য, মনোনয়নপত্র

হচ্ছে। মনোনয়নে সময় খুবই কম দেওয়া হয়েছে। ভোটের নির্ধািত নিয়ে পুনর্বিবেচনা করা উচিত।’ মহকুমাশাসক, জেলাশাসক বা কমিশনের অফিসে মনোনয়ন জমা দেওয়ার ব্যবস্থা করা যায় কি না দেখতে হবে। প্রসঙ্গত এদিন জেলাশাসক ও পুলিশ সুপারদের সঙ্গে হওয়া বৈঠকে রাজ্য নির্বাচন কমিশনের অবস্থান স্পষ্ট করলেন নির্বাচন কমিশনার। তিনি বলেন, “মনোনয়নপত্র জমা দেওয়া বা তোলার সময় যা দেওয়া হয়েছে এর থেকে অতিরিক্ত সময় দেওয়া আমাদের পক্ষে সম্ভব নয়।” জেলাশাসক, পুলিশ সুপারের সঙ্গে বৈঠকে রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা বলেন, “আমরা চাই শান্তিপূর্ণভাবে ও নির্বিঘ্নে নির্বাচন পরিচালনা করতে। কোনও কিছু নিয়ে আপনাদের আতঙ্কিত হওয়ার কারণ নেই। পুলিশের মোতায়েন কীভাবে হবে তা আমরা যথা সময় জানাবো।”

পঞ্চায়েত ভোট শেষ না হওয়া পর্যন্ত কোনও ছুটি নয় পুলিশের

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ জুনঃ রাজ্যে পঞ্চায়েত ভোটের দামামা বেজে গিয়েছে। হাতে আর এক মাসও সময় নেই। ৮ জুলাই এক দফাতেই হবে পঞ্চায়েত ভোট। পঞ্চায়েত ভোটে কেন্দ্রীয় বাহিনী থাকবে কি না, তা নিয়ে এখনও পর্যন্ত রাজ্য নির্বাচন কমিশনের থেকে স্পষ্ট করে কিছু জানানো হয়নি। তবে রাজ্য পুলিশের উপরেই ভরসা রাখার কথা বলেছেন রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা। এবার রাজ্য পুলিশের সমস্ত কর্মীর ছুটি বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পঞ্চায়েত ভোট শেষ না হওয়া পর্যন্ত কেউ ছুটি নিতে পারবেন না বলে জানিয়ে দেওয়া হয়েছে। আগামিকাল (১০ জুন) থেকে পঞ্চায়েত ভোটের পর্ব না শেষ হওয়া পর্যন্ত এই ছুটি বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্য পুলিশের ওই জরুরি বার্তায় বলা হয়েছে, জরুরি কোনও প্রয়োজন ছাড়া আগামিকাল থেকে পঞ্চায়েত ভোট শেষ না হওয়া পর্যন্ত কেউ ছুটি নিতে পারবেন না। উল্লেখ্য, অতীতে রাজ্যে পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে বার বার অশান্তির অভিযোগ উঠেছে। আজ পঞ্চায়েতের মনোনয়ন পর্বের প্রথম দিনেও রাজ্যের একাধিক জেলা থেকে বিক্ষিপ্ত গোলামলের খবর এসেছে। এরই মধ্যে পুলিশের ভূমিকা নিয়ে আজও প্রশ্ন তুলেছে বিরোধী দলগুলি।

অমিত শাহকে শুভেন্দু কেন্দ্রীয় বাহিনী পাঠালেও টাকা চাইবেন না প্লিজ

নয়াদিল্লি, ৯ জুনঃ পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা হতেই স্বরাষ্ট্রমন্ত্রকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর সঙ্গে রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সাক্ষাৎ করলেন। দু'জনের মধ্যে আধ ঘণ্টা মতো কথাবার্তা হয়। সূত্রের খবর,



পঞ্চায়েত নির্বাচনের স্ট্যাটুটেজি ও কেন্দ্রীয় বাহিনী নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে। বৃহস্পতিবারই পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা হয়েছে। তারপর শুক্রবার সকালেই ডিউজি সিল্লি বান শুভেন্দু। সূত্রের খবর, অমিত শাহের কাছে শুভেন্দু আবেদন করেছেন, যদি হাইকোর্ট কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট করানোর নির্দেশ দেয় তাহলে যেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক বিনা পয়সায় বাহিনী

পাঠায়। বিজেপি সূত্রে খবর, শাহকে রাজ্যের রাজনৈতিক প্রেক্ষাপট বুঝিয়ে বলেছেন শুভেন্দু। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক যদি টাকা দাবি করে তাহলে রাজ্য সেই অছিলায় নতুন করে সবার খেঁচে দিতে পারে। তাতে ক্ষতি হবে বিজেপিরই। কারণ সঠি ভোটটিই করানো যাবে না। এ ব্যাপারে তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেন, “একুশের ভোটেও তো শুভেন্দু অধিকারীদের দিল্লির বড়বাবুরা বাহিনী পাঠিয়েছিল। আট দফায় নির্বাচন হয়েছিল। তাতে বিজেপি কী বিপ্লব করে ফেলেছিল? শুভেন্দুকেই লোডশেডিং করে জিততে হয়েছে নন্দীগ্রামে।” নির্বাচনের দিন ঘোষণা হতেই ভোটে কেন্দ্রীয় বাহিনীর দাবি তুলে

টুইট করেন শুভেন্দু। তিনি অভিযোগ করেন, বাংলায় গণতন্ত্রের হত্যা হচ্ছে। রাজ্য, ব্লক, জেলাস্তরে একটিও সর্বদলীয় বৈঠক না করে কীভাবে নির্বাচনের দিন ঘোষণা হয়ে গেল, তা নিয়ে প্রশ্ন তোলেন শুভেন্দু। পাশাপাশি কেন রাজ্যে এক দফা নির্বাচন, তা নিয়েও সর্বব হন। ইউটে শুভেন্দু প্রশ্ন করেন, “রাজ্য নির্বাচন কমিশনের উদ্দেশ্যটা খুব পরিষ্কার। হঠাৎ করে এই ভাবে ভোট ঘোষণা থেকে এটা খুব পরিষ্কার কমিশন তৃণমূলের আঞ্চলিক শাখা সংগঠন হিসাবে কাজ করছে। হঠাৎ করে ভোটের দিন ঘোষণা, আর উপযুক্ত সুরক্ষার ব্যবস্থা কেন নেওয়া হল না, তা নিয়েও প্রশ্ন তোলেন। ইতিমধ্যেই পঞ্চায়েত নির্বাচনে কেন্দ্রীয় বাহিনীর দাবি জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন শুভেন্দু। বাহিনীর দাবি নিয়ে মামলা করছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী। রাজ্য পুলিশ দিয়ে কীভাবে এক দফাতে ভোট নিরাপত্তার সন্ধে করতে পারবে কমিশন, তা নিয়ে ধন্দে বিরোধীরা। সেফ্রে শুভেন্দু আগেই হুঁশিয়ারি দিয়েছেন, রাজ্যে নির্বাচনে কোনও রকমের অশান্তি হলে, তার জন্য দায়ী থাকবেন মুখ্যমন্ত্রী ও রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা।

মণিপুরে ফের জঙ্গি হামলায় ৩ জন নিহত, মৃত্যু বেড়ে ১০৫

ইম্ফল ৯ জুনঃ মণিপুরে হিংসায় কিছুতেই লাগাম দেওয়া যাচ্ছে না। শুক্রবার দুপুরে চুড়াইচাঁদপুর জেলায় ফের হিংসার বলি হয়েছে তিনজন। তিনজনই কৃকি সম্প্রদায়ের মানুষ বলে জানা গিয়েছে। নিহতদের একজন মহিলা। বাকি দু'জন মাঝবয়সী পুরুষ। গত মাসের ৩ তারিখ থেকে উত্তরপূর্বের এই পাড়াহাটি রাজ্যে শুরু হওয়া অশান্তি কিছুতেই থামছে না। সরকারিভাবে মৃত্যু বেড়ে হল ১০৫। যদিও বহু মানুষ নিখোঁজ। মনে করা হচ্ছে নিখোঁজদের অনেকেই বেঁচে নেই। ৩ থেকে ৭ মে পর্যন্ত চলা সংঘর্ষে নিহত অনেকের দেহ লোপাট করে দেওয়া হয়েছে। অনেকেকে জঙ্গলে নিয়ে গিয়ে খুন করা হয়েছে। তাদের দেহের হাদিশ নেই। অনেকেই পরিজনের খোঁজ চেয়ে থানায় মিসিং ডায়েরি করেছেন। শুক্রবার সংঘর্ষের পর কৃকি জনজাতিদের সংগঠন ইন্ডিজিনিয়াস ট্রাইবাল লিডার্স ফোরাম বলেছে, এলাকায় সেনা, আধা সেনা ও পুলিশের টহল চলছিল। যৌথ বাহিনীকে তল্লাশিতে সাহায্য করতেই স্থানীয় মানুষ গ্রামের এক প্রান্তে জড়ো হয়েছিলেন। তল্লাশি অভিযান শেষ হতেই একদল লোক এসে মালা চালায়। হামলাকারীরা সামরিক পোশাক পরা



ছিল বলে গ্রামবাসীরা জানিয়েছে। তারা দুটি মোটর সাইকেলে করে এসে এলোপাথারি গুলি চালিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলেই দু'জন গ্রামবাসী নিহত হয়। হাসপাতালে নিয়ে যাওয়ার পথে মারা যায় আরও একজন। বৃহস্পতিবার রাতে বিজেপির এক বিধায়কের বাড়িতেও হামলা চলে। শাসক দলের বিধায়কের বাড়ি লক্ষ্য করে গুলোতে ছোড়ে জঙ্গিরা। তাতে বাড়ির একাংশ ক্ষতিগ্রস্ত হলেও বিধায়ক ও তাঁর পরিবারের কেউ আহত হননি। গত সপ্তাহে আক্রান্ত হয় এক কংগ্রেস বিধায়কের বাড়িও। তাঁর বাড়িতে আগুন ধরিয়ে দেয় ক্ষিপ্ত জনতা। বিধায়ক কোনওরকমে পরিবারের লোকজনকে নিয়ে পালিয়ে বাঁচেন। তাঁর বাড়ির কিছুই আর অবশিষ্ট নেই। সব মিলিয়ে চলতি সপ্তাহেই জাতি সংঘাতে প্রাণ গেল ১১ জনের। গত সোম ও মঙ্গলবার যথাক্রমে তিনজন ও, পাঁচজন খুন হয় হামলায়। এদিকে, কটকের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের শান্তি প্রস্তাব কৃকি এবং মেইতাই, দুই সম্প্রদায়ই অগ্রাহ্য করায় মণিপুরের প্রশান্তি নিয়ে দৃশ্চিন্ধ্য বাড়ছে। পরিস্থিতির সামনে এখন একটাই চ্যালেঞ্জ কীভাবে প্রত্যন্ত এলাকায় স্বালানি এবং নিতাপ্রয়োজনীয় খাদ্যসামগ্রী পৌঁছে দেওয়া যায়।

‘খোকাবাবুর দেওয়া তথ্যেই গ্রেফতার হচ্ছেন তৃণমূল নেতারা’, বিস্ফোরক অধীর

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ জুনঃ কেন্দ্রীয় সংস্থাকে তথ্য দিয়ে এসেছিলেন অভিযেক, আর সেই তথ্যের ওপর ভর করেই একের পর এক তৃণমূল নেতাকে গ্রেফতার করা হয়েছে। এমনই বিস্ফোরক দাবি করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি সাংবাদিকদের মুখোমুখি হয়ে নাম না করে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক সম্পর্কে যে দাবি অধীর করেছেন, তা রাজ্য রাজনীতিতে সাড়া ফেলে দেওয়ার জন্য যথেষ্ট। বহরমপুরের সাংসদের দাবি, পশ্চিমবঙ্গে যাতে বিজেপি সরকার গড়তে পারে, সে ব্যাপারে সাহায্য করার প্রতিশ্রুতিও নাকি দিয়ে এসেছিলেন ‘খোকাবাবু’। একদিকে, যখন অভিযেক বন্দ্যোপাধ্যায়কে তলব করা হয়েছে কেন্দ্রীয় সংস্থার তরফে, তার মধ্যেই কংগ্রেস নেতার এমন দাবি চাঞ্চল্যকর। অধীর বলেছেন, “২০২১ সালের ৯ সেপ্টেম্বর খোকাবাবু দিল্লিতে গিয়ে ইডি-র

দফতরে গিয়ে তথ্য উগরে দিয়ে এসেছেন। তার ওপর ভিত্তি করেই তৃণমূলের এরের পর এক নেতা গ্রেফতার হয়েছেন। সেদিন খোকাবাবু এটাও প্রতিশ্রুতি দিয়ে এসেছিল যে ৭৩ জন এমএলএ সঙ্গে আছেন, আপনাদের বাংলা দফতরে ব্যবস্থা আমি করে দেব।” কার্যত বিজেপির সঙ্গে আঁতড়তে অভিযোগ তুলেছেন তিনি। অধীরের দাবি, সেই প্রতিশ্রুতি রাখতে পারছেন না বলেই অভিযেককে ইডি-সিবিআই চাপ দিচ্ছে। অভিযেকের নাম না করলেও আপত্তে যে তাঁর চাঞ্চল্যকর। অধীর বলেছেন, “২০২১ সালের ৯ সেপ্টেম্বর খোকাবাবু দিল্লিতে গিয়ে ইডি-র

হাজিরা দিয়েছিলেন। উল্লেখ্য, কয়লা-কাণ্ডে একাধিকবার তলব করা হয়েছে অভিযেক বন্দ্যোপাধ্যায়কে। দিল্লিতে ইডি-র সদর দফতরে ৭৩ জন এমএলএ সঙ্গে আছেন, আপনাদের বাংলা দফতরে ব্যবস্থা আমি করে দেব।” কার্যত বিজেপির সঙ্গে আঁতড়তে অভিযোগ তুলেছেন তিনি। অধীরের দাবি, সেই প্রতিশ্রুতি রাখতে পারছেন না বলেই অভিযেককে ইডি-সিবিআই চাপ দিচ্ছে। অভিযেকের নাম না করলেও আপত্তে যে তাঁর চাঞ্চল্যকর। অধীর বলেছেন, “২০২১ সালের ৯ সেপ্টেম্বর খোকাবাবু দিল্লিতে গিয়ে ইডি-র

অধীরের। তবে অধীরের বিরুদ্ধেই পাল্টা তোপ দেগেছে ঘাসফুল শিবির। তৃণমূল নেতা জয়প্রকাশ মজুমদার বলেন, “এতদিন আমরা দেখেছি শুভেন্দু অধিকারী বা দিলীপ ঘোষা ইডি-সিবিআই-এর তিতরের কথা বলতেন।

এমনভাবে বলতেন যাতে বিজেপি নেতাদের কেন্দ্রীয় সংস্থার এজেন্ট বলে মনে হত। সেই দলে যে অধীর ঢুকে গিয়েছেন, তা জানা যায়নি।” জয়প্রকাশের দাবি, অধীরের রাজনৈতিক ভবিষ্যৎ এতই অনিশ্চিত যে এই ধরনের এলোমেলো কথা বলতে শোনা যাচ্ছে তাকে। আঁতড়ের অভিযোগ প্রসঙ্গে অধীরকে কটাক্ষ করেছেন বিজেপির মুখপাত্র শমীক ভট্টাচার্য। তিনি বলেন, “একদিকে প্রবল গম্ভ। অন্যদিকে, সিপিএমের সঙ্গে জোট করেও সাংসদ হতে বহরমপুরের সাংসদ হতে পারবেন কি না, সেই চাপও আছে। ভোটের মেল ফেলতে পারছেন না অধীর। আবার দিল্লিতে গিয়ে দেখছেন, তাঁর দলই দুর্নীতির অভিযোগ থেকে তৃণমূলকে রক্ষা করার জন্য আইনজীবীদের নামিয়ে দিচ্ছেন। এসব দেখে অধীরবাবু বিভ্রান্ত হয়ে যাচ্ছেন। তাঁর বিশ্রামের প্রয়োজন।”

শুক্রবারেও অপরিবর্তিত জ্বালানির দাম



নয়াদিল্লি, ৯ জুন : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। তবুও আজ শুক্রবার দেশে পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল রয়েছে। আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বৃদ্ধির প্রবণতা রয়েছে। গত ২৪ ঘণ্টায় ব্রেস্ট ব্রুডের দাম বৃদ্ধির প্রতি প্রায় ৭৬ ডলার এবং উব্রিউটিআই ব্রুডের দাম ব্যারেল প্রতি ৭১ ডলারের কাছাকাছি। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ফলে একবছরেরও বেশি সময় ধরে অপরিবর্তিত থাকল জ্বালানির দাম।শুক্রবার ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের এক বিজ্ঞপ্তি অনুসারে, দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টকায় ব্রিক্রি হচ্ছে।মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৬১ টকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা।ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবারগিরি শুল্ক নিয়ে থাকে।প্রসঙ্গত, গত ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

দিল্লির বৈশালী কলেনিতে নবজাতকদের হাসপাতালে আগুন, সুরক্ষিত সমস্ত শিশু

নয়াদিল্লি, ৯ জুন : পশ্চিম দিল্লির বৈশালী কলেনিতে আগুন লাগল নবজাতকদের একটি হাসপাতালে। বৃহস্পতিবার মধ্যরাতের পরে আগুন লাগে পশ্চিম দিল্লির জনকপুরী এলাকায় অবস্থিত ওই নবজাতকদের হাসপাতালে। অগ্নিকণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন ভাঙতে পৌঁছয় দমকলের মোট ৮টি ইঞ্জিন। ২০টি নবজাতককে নিরাপদে উদ্ধার করা হয়েছে এবং নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সমস্ত শিশু সুস্থ রয়েছে।দিল্লি পুলিশ ও দমকল জানিয়েছে, শুক্রবার মধ্যরাতের পর ১.৩৫ মিনিট নাগাদ নবজাতকদের হাসপাতালে আগুন লাগার খবর পাওয়া যায়। হাসপাতালের বেসমেন্টের কিছু আসবাবপত্রে আগুন লাগে। শুক্রবার ভোররাত ২.২৫ মিনিট নাফান আগুন নিয়ন্ত্রণে আসে। ২০টি নবজাতককে কাছাকাছি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। দিল্লি দমকলের ডিরেক্টর অভুল গর্গ বলেছেন, দমকল যথাযথ সময়ে পৌঁছে আগুন নিভিয়েছে। সমস্ত শিশুকে উদ্ধার করে বিজয় হাসপাতালে পাঠানো হয়েছে।কেউ আহত হয়নি।

অনূর্ধ্ব-২০ ফুটবল বিশ্বকাপঃ ফাইনালে উরুগুয়ের মুখোমুখি ইতালি

আর্জেন্টিনা, ৯ জুন : ব্রাজিলকে হারিয়ে অনূর্ধ্ব বিশ্বকাপ মিশন শুরু করেছিল ইতালি। সেই ইটালি দক্ষিণ কোরিয়াকে হারিয়ে এবার ফাইনালেরও টিকিট কাটল। বৃহস্পতিবার (৮ জুন) রাতে অনূর্ধ্ব-২০ বিশ্বকাপের সেমিফাইনালে দক্ষিণ কোরিয়াকে ২-১ গোলে হারিয়েছে ইতালি। শিরোপার মঞ্চ তাদের প্রতিপক্ষ উরুগুয়ে। আগামী ১১ জুন ভারতীয় সময় রাত তিনটায় শিরোপার লাইনে নামবে এই দুটি দল।অনূর্ধ্ব-২০ বিশ্বকাপে এখন পর্যন্ত একটি ফাইনালও খেলতে পারেনি বড়দের প্রতিযোগিতায় চারবারের চ্যাম্পিয়ন ইতালি। অনাদিকি, উরু গুয়েও এখন পর্যন্ত কোনো শিরোপার দেখা পায়নি। বয়সভিত্তিক এই টুর্নামেন্টে। তাই যে দলই ফাইনালে জিতুক নতুন কোনো চ্যাম্পিয়নে পেতে চলেছে ফুটবল বিশ্ব।

গোপন নথি ফেরত না দেওয়ার মামলায় ফাঁসলেন ডোনাল্ড ট্রাম্প, বিপদে প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট

ওয়াশিংটন, ৯ জুন : ক্ষমতাচ্যুত হওয়া সত্ত্বেও, আমেরিকার গোপন নথি স্ক্ষে করে নিয়ে গিয়েছিলেন প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ বার এই সংক্রান্ত মামলায় তাকে মূল অভিযুক্ত করে তদন্ত শুরু করতে চলেছে আমেরিকা প্রশাসন। এদিকে, ভুয়ো অভিযোগ আনার জন্য ট্রাম্প

কোভিড-সংক্রমণ কমে ১৬৯ আরোগ্যের হার ৯৮.৮১ শতাংশ, ২৪

নয়াদিল্লি, ৯ জুন : ভারতে করোনার দৈনিক সংক্রমণ আরও কিছুটা কমেছে, নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে মৃত্যুর সংখ্যাও। বিগত ২৪ ঘণ্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ১৬৯ জন, এই সময়ে দু’জনের মৃত্যু হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক

ওডিশায় দুর্গ-পুরী এক্সপ্রেসের এসি কামরায় আগুন যাত্রীদের মধ্যে আতঙ্ক, কেউ হতাহত হননি

ভুবনেশ্বর, ৯ জুন : ফের বিপত্তি ভারতীয় রেলো! এবারও সেই ওডিশা। বৃহস্পতিবার রাতে ওডিশার নৌপাড়া জেলায় ছোট্টখাটো আগুন লাগল দুর্গ-পুরী এক্সপ্রেসের একটি এসি কামরার ভিতরে। ট্রেনের কামরার ভিতরে অগ্নিকণ্ডের জেরে যাত্রীদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়। ইস্ট কোস্ট রেলওয়ে কর্তৃপক্ষ নিশ্চিত করেছে, যে এই ঘটনায় কোনও আহত অথবা হতাহতের ঘটনা ঘটেনি।রেলের পক্ষ থেকে জানানো হয়েছে, ঘর্ষণ ও ব্রেকের অসম্পূর্ণ মুক্তির কারণে ব্রেক প্যাডে আগুন ধরে যায়। আগুন ব্রেক প্যাডেই সীমাবদ্ধ ছিল। কোনও ক্ষতি হয়নি। বৃহস্পতিবার রাতে খারিয়ার রোড স্টেশনে পৌঁছতেই ট্রেনের বি্ত কোচে থোঁয়া দেখা যায়। রেলওয়ে কর্তৃপক্ষ এক ঘণ্টারও কম সময়ের মধ্যে সমস্যার সমাধান করে এবং ট্রেনটি রাত এগারোটটা নাগাদ গন্তব্যের উদ্দেশে রওনা দেয়।

অমৃতসরে ফের ড্রোন গুলি করে নামাল বিএসএফ, এবারও উদ্ধার বিপুল হেরোইন

অমৃতসর, ৯ জুন :পঞ্জাবের আন্তর্জাতিক সীমান্তে পাকিস্তানি ড্রোনের গতিবিধি ক্রমশ বেড়েই চলেছে।অমৃতসরে ভারত-পাকিস্তান আন্তর্জাতিক সীমান্তের ফের একটি পাকিস্তানি ড্রোন গুলি করে নামাল সীমান্ত রক্ষী বাহিনী (বিএসএফ)। ড্রোনটি মাটিতে আছড়ে পড়ার পর ড্রোনটি চালানো হয়, সেই সময় উদ্ধার হয় একটি বড় প্যাকেট। ওই প্যাকেটে নিলেছে বিপুল পরিমাণ হেরোইন।শুক্রবার সন্ধ্যার গভীরে বিএসএফ জানিয়েছে, ৯ জুন সকাল রাত ১.৩০ মিনিট নাগাদ অমৃতসর

জেলায় রাই গ্রামের কাছে সন্দেহজনক একটি ড্রোনের গতিবিধি নজরে আসে বিএসএফ জওয়ানদের, তৎক্ষণা ও ই ড্রোনটিকে লক্ষ্য করে বিএসএফ জওয়ানরা গুলি চালান। উল্লাশি চালানোর সময় একটি বড় প্যাকেট উদ্ধার হয়েছে, যা হলুদ রঙের আঠালো টেপে মোড়ানো ছিল এবং একটি সবুজ রঙের নাইলনের দড়ি মিলেছে। প্যাকেট খোলার পর ৫.২৬০ কেজি ওজনের ৫ প্যাকেট হেরোইন পাওয়া যায়।

নর্থ ও সাউথ ব্লকের নির্মীয়মান জাতীয় সংগ্রহালয়ের ভার্চুয়াল ওয়াক-থ্রু-র উদ্বোধন

নয়াদিল্লি,৯জুনঃপ্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লির প্রগতি ময়দানে ইন্টারন্যাশনাল মিউজিয়াম এক্সপো, ২০২৩-র উদ্বোধন করেছেন। তিনি নর্থ এবং সাউথ ব্লকের নির্মায়মান জাতীয় সংগ্রহালয়ের ভার্চুয়াল ওয়াক-থ্রু-রও উদ্বোধন সক্ষম । প্রধানমন্ত্রী এই উপলক্ষে টেকনো মেলা, কনজারভেশন ল্যাব এবং প্রদর্শনী ঘুরে দেখেন। ৪৭তম আন্তর্জাতিক সংগ্রহালয় দিবস উদযাপনে ‘ আর্জাদি কা অমৃত মহোৎসব’-এর অঙ্গ হিসেবে ইং টারন্যাশনাল মিউজিয়াম এক্সপো-র আয়োজন করা হয়েছে। এ বছরের থিম - ‘ সাসটেনেবিলিটি অ্যান্ড ওয়েলবিইং’। সমাবেশে ভাষণে প্রধানমন্ত্রী আন্তর্জাতিক সংগ্রহালয় দিবস উপলক্ষে সকলকে অভিনন্দন জানান। অনুষ্ঠানের গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, যখন ভারত স্বাধীনতার ৭৫ বছরে অমৃত মহোৎসব পালন করলে, তখন ইন্টারন্যাশনাল মিউজিয়াম এক্সপো-তে প্রযুক্তির ব্যবহারে ইতিহাসের বিভিন্ন ধারা জীবন্ত হয়ে উঠছে। তিনি বলেন, যখন আমরা মিউজিয়ামে প্রবেশ করি তখন অতীতের সঙ্গে সঙ্গন্ধ তৈরি হয় এবং মিউজিয়াম আমাদের সামনে তথ্য ও সাক্ষ্য-নির্ভর বাস্তবকে তুলে ধরে, অতীত থেকে অনুপ্রেরণা যোগায় এবং ভবিষ্যতের প্রতি কর্তব্যবোধ জাগায়। তিনি বলেন যে এবারের থিম - ‘ আন্ড ওয়েলবিইং’। আজকের বিশ্বের অগ্রাধিকারকে তুলে ধরবে এবং এই অনুষ্ঠানকে আরও প্রাসঙ্গিক করে তুলছে। শ্রী মোদী আশা প্রকাশ করে বলেন যে আজকের প্রয়াসে তরুণ প্রজন্ম আরও ভালোভাবে ইতিহ্যের সঙ্গে সম্পর্কিত হবে।প্রধানমন্ত্রী আজকের অনুষ্ঠানস্থলে আসার আগে মিউজিয়াম পরিদর্শনের কথা উল্লেখ করেন এবং দর্শকদের মনে বা ছাপ করলে, তখন ইন্টারেক্শন এবং কার্যকরী প্রয়াস নেওয়া হয়েছে তার প্রশংসা করেন। শ্রী মোদী বলেন, তাঁর বিশ্বাস যে আজকের এই অনুষ্ঠান ভালোভাবে মিউজিয়ামগুলির জন্য একটি গুরুত্বপূর্ণ সাক্ষিক্ষাদাসত্বকালে দেশের শত শত বছরের অনেক ইতিহাই নই হয়ে যখন প্রাচীন পৃথি এবং গ্রন্থাগার পুড়িয়ে দেওয়া হয়েছে - একথার উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এটা শুধুমাত্র ভারতের ক্ষতি নয়, এতে সমগ্র বিশ্বই ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি খেদ প্রকাশ করে বলেন, স্বাধীনতার পরে

আক্রমণ করেছেন বাইডেন প্রশাসনকেও। ট্রাম্প সামাজিক মাধ্যমে লিখেছেন, দুর্নীতিগ্রস্ত বাইডেন প্রশাসন আমার আইনজীবীকে জানিয়েছে, আমি নাকি এই মামলায় অভিযুক্ত হতে চলেছি। ট্রাম্প এ-ও লিখেছেন যে, মঙ্গলবার তাঁকে মায়ামির যুক্তরাষ্ট্রীয়

জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ২,৫৫৫-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০১ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। দু’জনের মৃত্যুর পর শুক্রবার সকাল আটটা পর্যন্ত মৃত্যু হয়েছে ৫,৩১,৮৮৮ জনের (১.১৮ শতাংশ)।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৫৮,০১৯ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। বিগত ২৪ ঘণ্টায় টিকা পেয়েছেন ০০,৮৮৭

দিল্লির বৈশালী কলেনিতে নবজাতকদের হাসপাতালে আগুন, সুরক্ষিত সমস্ত শিশু

নয়াদিল্লি, ৯ জুন :পশ্চিম দিল্লির বৈশালী কলেনিতে আগুন লাগল নবজাতকদের একটি হাসপাতালে। বৃহস্পতিবার মধ্যরাতের পরে আগুন লাগে পশ্চিম দিল্লির জনকপুরী এলাকায় অবস্থিত ওই নবজাতকদের হাসপাতালে। অগ্নিকণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন ভাঙতে পৌঁছয় দমকলের মোট ৮টি ইঞ্জিন। ২০টি নবজাতককে নিরাপদে উদ্ধার করা হয়েছে এবং নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সমস্ত শিশু সুস্থ রয়েছে।দিল্লি পুলিশ ও দমকল জানিয়েছে, শুক্রবার মধ্যরাতের পর ১.৩৫ মিনিট নাগাদ নবজাতকদের হাসপাতালে আগুন লাগার খবর পাওয়া যায়। হাসপাতালের বেসমেন্টের কিছু আসবাবপত্রে আগুন লাগে। শুক্রবার ভোররাত ২.২৫ মিনিট নাফাদ আগুন নিয়ন্ত্রণে আসে। ২০টি নবজাতককে কাছাকাছি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। দিল্লি দমকলের ডিরেক্টর অভুল গর্গ বলেছেন, দমকল যথাযথ সময়ে পৌঁছে আগুন নিভিয়েছে। সমস্ত শিশুকে উদ্ধার করে বিভিন্ন হাসপাতালে পাঠানো হয়েছে। কেউ আহত হয়নি।

পঞ্চায়েত ভোট হবে শান্তিপূর্ণ, দাবি মদন মিত্রের

কলকাতা, ৯ জুন : পঞ্চায়েত ভোট হবে শান্তিপূর্ণ। একটা লাঠি, একটা বোমা, একটা গুলিও পড়বে না। পঞ্চায়েত ভোটের বিজ্ঞপ্তি জারি হওয়ার পর শুক্রবার বেলাঘরিয়ায় এক সভা থেকে এনএনটিই বলেন কামরাহাটির তৃণমূল বিধায়ক মনোজ তিহি বলেন, এবারের পঞ্চায়েত ভোটে তৃণমূল ৯৮ শতাংশ আসনে বিনা প্রতিদ্বন্দিতায় জিতবে। সব ঠিক থাকলে শুভেন্দু অধিকারী বাড়ির বাইরে যা ফেলতে পারবেন না। মদনের আরও মন্তব্য, মনোনয়নপত্র তোলার জন্য দশটি করে সিআরপি দিতে হবে এবং বিজেপির প্রার্থী হওয়ার জন্য মনোনয়নপত্র তুলতে এসেছি। বিজেপির লোকজন সিপিএম, কংগ্রেসের হাত ধরে বাড়ির ভিতর গড়ে লুকিয়ে থাকবে। একই সঙ্গে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে কর্তৃপক্ষ করে মদন বলেন, তৃণমূল অফিসে খবর দিলে আমরা তাদের রাস্তা পরিষ্কার করে দেব। ভালো করে লুচি-মাংস খাওয়ায।

৩৬ ঘণ্টায় আরও শক্তিশালী হতে পারে ঘূর্ণিঝড় ‘বিপর্যয়’ঃআইএমডি

নয়াদিল্লি, ৯ জুন ৪ইতিমধ্যেই অতি প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছে ৩৬ ঘণ্টায় আরও শক্তিশালী হতে পারে এই ঘূর্ণিঝড়। পূর্ব মধ্য এবং সরলগ্র দক্ষিণ পূর্ব আরব সাগরের উপর অবস্থান করছে এই ঝড়। শুক্রবার সকালে ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) এনএনটিই জানিয়েছে। ৮ জুন রাত ১১.৬০ মিনিট নাগাদ ঘূর্ণিঝা বিপর্যয় পূর্ব-মধ্য আরব সাগরের ওপর, গোয়া থেকে প্রায় ৮৪০ কিলোমিটার পশ্চিম ও দক্ষিণ-পশ্চিমে, মুম্বই থেকে ৮৭০ কিলোমিটার পশ্চিম-দক্ষিণ-পশ্চিমে অবস্থান করছিল।আইএমডি জানিয়েছে, পরবর্তী ৩৬ ঘণ্টায় আরও শক্তি সঞ্চয় করে আগামী ২ দিন উত্তর উত্তর পশ্চিম দিকে অগ্রসর করবে ঝড়। তবে ঘূর্ণিঝড়টি কোথায় আঙুড়ে পড়বে, তা এখনও জানানি।আইএমডি। ভারতে ঝড়ের ল্যান্ডফলের সম্ভাবনা নেই বলেই মনে করা হচ্ছে। ঘূর্ণিঝড়ের প্রভাবে দক্ষিণ গুজরাট, সৌরাষ্ট্রে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ঝড়ের প্রভাবে উত্তাল হতে পারে সমুদ্র। পোরবন্দরে সমুদ্রে যেতে মস্যাঁজীবীদের নিষেধ করা হয়েছে। গভীর সমুদ্র থেকে মৎস্যজীবীদের ফিরে আসার পরামর্শ দেওয়া হয়েছে।

বিগত ৯ বছরে দুর্দান্ত পরিবর্তন দেখেছে ভারতঃজে পি নাড্ডা



নয়াদিল্লি, ৯ জুন : নরেন্দ্র মোদী সরকারের ৯ বছরের শাসনকালকে ‘সফল’ আখ্যা দিয়েছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। তিনি বলেছেন, বিগত ৯ বছরে দুর্দান্ত পরিবর্তন দেখেছে ভারত। ভোট ব্যাকের রাজনীতি আর নেই, বরং বর্তমানে ‘রিপোট কার্ড’-এর রাজনীতি বিদ্যমান। শুক্রবার সকালে রাজধানী দিল্লিতে বিজেপি নতুন দফতরের ভিত্তিপ্রস্তর স্থান করেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগ প্রকাশ নাড্ডা। পাশাপাশি শুধু দেশের সরকারই বদলাননি, জাতীয় রাজনীতির সংস্কৃতিও পাল্টে দিয়েছেন।নাড্ডা আরও বলেছেন, প্রধানমন্ত্রী মোদী শুধু সরকারই বদলানেনে তা নয়, রাজনীতির সংস্কৃতিকেও পরিবর্তন করেছেন তিনি...’পরিবারবাদ’ থেকে, প্রধানমন্ত্রী মোদী এমন একটি সংস্কৃতি নিয়ে এসেছেন যেখানে একজন একজন বিনয়ী ব্যাকড়াউন্ডের ব্যক্তি প্রধানমন্ত্রী, দলীয় প্রধান, রাজ্য প্রধান এবং মুখ্যমন্ত্রীও হতে পারেন। ভোট ব্যাকের রাজনীতি থেকে আমরা রিপোট কার্ডের রাজনীতি করতে এসেছি।

ধীরে ধীরে শান্তির পরিবেশ ফিরছে কোলহাপুর, হিংসার জন্য সরকারকে দুষলেন রাউত

মুম্বই, ৯ জুন : ধীরে ধীরে হলেও অবশেষে শান্তি ফিরছে মহারাষ্ট্রের কোলহাপুরে। বৃহস্পতিবারের পর শুক্রবার ফের এই দাবি করল কোলহাপুর প্রশাসন। শুক্রবার দোকানপাট খুলেছে, রাস্তায় মানুষজনকে বেরোতে দেখা গিয়েছে। ইন্টারনেট পরিষেবা চালু হয়েছে। তবে, কোলহাপুর শহরে এখনও বিপুল সংখ্যক পুলিশ বাহিনী মোতায়েন রয়েছে।উপ সুলভারেনে স সঙ্গে সম্পর্কিত একটি পোস্টকে ঘিরে গত মঙ্গলবার কোলহাপুর শহরে উত্তেজনা ছড়িয়ে পড়ে। অবিলম্বে বন্ধ করে দেওয়া হয় ইন্টারনেট পরিষেবা। অবশেষে হিংসা ভুলে স্বাভাবিক ছন্দে ফিরছে মহারাষ্ট্রের কোলহাপুর।এদিকে, এই হিংসার জন্য মহারাষ্ট্র সরকারকে দায়ী করলেন উদ্ধব ঠাকুরে ঘনিষ্ঠ নেতা সঞ্জয় রাউত। শুক্রবার সাংসদ সঞ্জয় রাউত বলেছেন, এই হিংসার জন্য মহারাষ্ট্র সরকার দায়ী। রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী ও মুখ্যমন্ত্রী দায়ী। ৪০০ বছর পরও ওরঙ্গজেবের নামে হিংসা হচ্ছে মহারাষ্ট্র। রাজনৈতিক স্বার্থে ওরঙ্গজেবের নাম নিয়ে আসা হচ্ছে

কানাডার দাবানলের ধোঁয়ায় বিপর্যস্ত আমেরিকা

নিউইয়র্ক, ৯ জুন :ঔষংকর দাবানলে জ্বলছে পূর্ব কানাডা।আর কানাডার এই দাবানলের ধোঁয়ায় বিপর্যস্ত আমেরিকা।পূর্ব কানাডা গত সপ্তাহের শেষের দিকে ১৫০টি বাড়ি পুড়ে ছাই হয়ে গেছে। হাজার হাজার মানুষকে নিরাপদ জায়গায় সরিয়ে নেওয়া হয়েছে। দাবানলের ধোঁয়া ছাট্টে পাচ্ছে কয়েক হাজার কিলোমিটার দূরের আকাশেও। ধোঁয়া মার্কিন যুক্তরাষ্ট্রের একটি বড় অংশের আকাশেও চলে গেছে। এতে দেশটির বিভিন্ন জায়গায় বায়ুদূষণ অসমর্থ হতে গেছে। বয়স্ক ও বাদের গুরুতর অসুখ আছে, তাদের সাধারণত থাকতে বলা হয়েছে। সাবধান করে দেওয়ার ইচ্ছে হচ্ছে গর্ভবতীদের।কিছুদিন ধরেই কানাডার দাবানলের ধোঁয়া যুক্তরাষ্ট্রে আসছিল। কিন্তু এখন কুইবেকে দাবানল থেকে যে ধোঁয়া ছড়াচ্ছে, তা খুবই ক্ষতিকর বলে বিশেষজ্ঞরা জানিয়েছেন।নিউ ইয়র্ক, নিউ জার্সি, পেনসিলভানিয়া-সহ বিশাল এলাকায় ধোঁয়া ছড়িয়েছে। ক্ষুলগুলাতে অনলহীন ত্রাস শুরু করা হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রে বৃহস্পতিবার ২৬০০টি ফ্লাইট এই ধোঁয়ার জন্য দেরিতে ছেড়েছে। বাতিল হয়েছে অনেক ফ্লাইট। নরওয়ের বিমানীয়া বলছেন, সেখানে এই ধোঁয়া আসতে পারে। দাবানল সাধারণত কানাডার পশ্চিম দিকে হয়। তবে এবার হয়েছে পূর্ব দিকে। মোডা স্কটিয়া, কুইবেক, অন্টারিওতে দাবানল নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে। এর ফলে যুক্তরাষ্ট্রে এত বিপুল পরিমাণ ধোঁয়া যাচ্ছে।চলতি বছরে কানাডায় ৩৬ লাখ হেক্টর জমির গাছপালা দাবানলের পুড়ে গেছে। শুধুমাত্র কুইবেকেই ১৬০টি দাবানল জ্বলছে। দশ হাজার মানুষকে নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে যেতে হয়েছে।

কি কারণে যুক্তরাষ্ট্রে গেলেন মেসি, শোনা যাচ্ছে নানা কথা

যুক্তরাষ্ট্র, ৯ জুনঃ যে দেশে একটা সময় ফুটবল বলতে বোঝাত হাত দিয়ে বল ধরে রীতিমতো ধন্যধনিত করার একটা খেলা, প্রথাগত ফুটবল যে দেশে পরিচিত সকার নামে, সেখানেই জীবনের শেষ লগ্নে খেলতে গেলেন লিওনেল মেসি। আর জাদুকরের ফেরা হল না প্রিয় বার্সেলোনা, কিংবা যাওয়া হলো না অন্লে অর্থ নিয়ে দাড়িয়ে থাকা সৌদি আরবেও। মেসি শেষ পর্যন্ত বেছে নিলেন মেজর লিগ সকারের দল ইন্টার মায়ামিকে।ইন্টার মায়ামিতে তিনি চলে গেলেন ইউরোপের ফুটবলের অনেক কিছুই ছেড়ে। অর্থাৎ তাঁকে আর কেণ্ডা যাতে না চ্যাম্পিয়নস লিগেও। কিন্তু কেন তিনি মায়ামিতে গেলেন? কি করে কেউ বলছেন, মেসি গেলেন ইন্টার মায়ামিতে বেশ বড় অর্থযোগ আছে বলে। যেমন স্মার্ট টিভিতে ইন্টারনেট স্ট্রিমিংয়ের মাধ্যমে এমএলএস সম্প্রচার করে অ্যাপেলের একটি সেবা অ্যাপেল টিভি প্রায় দর্শকদের পক্ষা খরচ করে গোটা মরশুমের খেলা দেখার সাবস্ক্রিপশন কিনতে হয়। মেসি এলে দর্শক বাবে, তাই মেসি অ্যাপেলের লাভের অঙ্কে ভাগ বসানেন।এই রকম আরও একটা লাভের মুখ দেখবেন মেসি। যখন বৈশ্বিক ক্রীড়াব্র্যান্ড অ্যাডিডাসও মেসির সঙ্গে রাজস্ব ভাগাভাগির চুক্তি করবে। মায়ামিতে সাড়ে সাত মিলিয়ন পাউন্ডে মায়ামি বক্স অ্যাপার্টমেন্ট কিনেছেন মেসি। খেলতে এসে থাকবেন সেখানেই যেখানে মার্কিন মুন্স্কের অনেক ধনুকের সঙ্গে বিশিষ্ট ব্যক্তিরা থাকেন মায়ামিতে। বিলাসবহুল জীবনযাপন, একটু কম চাপের খেলা তাইই সে সঙ্গে বাচ্চাদের শিক্ষা। এইসবের জন্যই মেসি বেছেছেন এই গন্তব্য। ওয়াশডা সৌদি আরবে টাকা পেতেন টিকই,কিন্তু অন্ত্রোনেলা কি পারতেন সাতাঁর পোশাকে রোদ পোহাতে? মেসিই কি পারতেন প্রিয় ওয়াইন আর বেকন খেতে? এসব ভেবেই মেসি মার্কিন মুন্স্ককেই পছন্দ করেছেন।তাছাড়া শোনা যাচ্ছে ইন্টার মায়ামির কোচ হচ্ছেন জেরার্দো টাটা মার্তিনো। সূতরাং প্রাক্তন গুরু-শিষ্যে আবার জন্মেরে মার্কিন মুন্স্ককে। আর মেসির মার্কিন মুলুকে যাওয়ার আর তাইহই বড় কারণ তিনি আগামী বিশ্বকাপটা খেলতে চান। এই ইচ্ছাই শুধু তাইহই নয় ,চ্ছটাই তাঁর দেশপালিও। আর সেই বিশ্বকাপটিই যে হবে মার্কিন যুক্তরাষ্ট্র। তাই মেসির মেজর লিগ সকারে যুক্ত হয়ে থাকটা অনেক কাজে দেবে তখন।

দুরন্ত বার্তা

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,১০জুন শনিবার, ২৪ জ্যৈষ্ঠ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১০জুনঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যচন্দ্র, কলিঃ১২২৩, সৌরঃ ২৬ জ্যৈষ্ঠ মাস,১৮৭ মঙ্গসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০১৭ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২৬ জ্যৈষ্ঠ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২৬ জ্যৈষ্ঠ ১৯৪৪, মৈতৈঃ১১১ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অরুণাচলপুজার গতযশস্বিন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ৫৫ এবং অস্তবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তরাত্রি ১২ঃ১ঃ৬৫ ৫০(৮)।শুক্র পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগও অমৃতযোগঃদিন ০৫ঃ২ঃ৪৩১ থেকে - ০৭ঃ০ঃ৪১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫ঃ৪০২ থেকে - ১০ঃ২ঃ৩৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৫০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫ঃ২১০ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২ঃ৪২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৬ঃ৫ঃ২৩ঃ ২১ থেকে - ০৩ঃ৫ঃ২ঃ২১ থেকে - ০৪ঃ২ঃ৯ঃ০৪ পর্যন্ত, তারপর ০ঃ৫ঃ২ঃ১২ থেকে - ০৫ঃ২ঃ৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৪৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২ঃ৪২৫ থেকে - ০৮ঃ১০ঃ৫০ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ৪০ঃ৫২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ৪০ঃ২৩ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।১০ঃ১১ঃ০৮ঃ৪৪ঃ৫১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ঃ পর্যন্ত।গ্রহচক্রঃ(সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১ঃ২ঃ৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২১৫৩৫৯ (২৬) ২ পদবৃহঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৬ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৬.১ ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৯.০১এড্রী সেল্টিগ্রেড ও (১) দিনের বেলা।।আস্কিফে আর্দ্রতা হবে ৮৫শতকরা এবং ৪০শতকরা। বৃষ্টি হয়েছে শুক্রবার। জোয়ার- সফল। ৯ টা ২০ মিনিট এবং রাত৯টা ২০মিনিট হবে। ভাটা-সফল-৯টা ২০মিনিট। রাত-৯টা ২০ মিনিট। সূর্য উন্য় আজঃ ৪ টা ৫৫মিনিটে এবং সূর্য অস্ত যেতে পারে ৬ টা ১১মিঃ

রাশিফল

মেঘশারিঃআপনার আকাশা এবং উচ্চাশা ভয় দ্বারা প্রভাবিত হওয়ার উচ্চ সম্ভাবনা রয়েছে। শুভ দিন।

বৃহত রাশিঃআজ আপনি পিটারের সারিতে বসে আরাম করুন- এবং শেষে জড়িয়ে থাকুন এবং যে জিনিসে আপনি সবচেয়ে বেশি উপভোগ করেন তাই করুন।।

মিথুনঃ রাশিঃআপনার আকাশা এবং উচ্চাশা ভয় দ্বারা প্রভাবিত হওয়ার উচ্চ সম্ভাবনা রয়েছে।

কর্কটঃ রাশিঃমানসিক শান্তির জন্য নিজেকে কিছু দান এবং দাতব্য কাজে নিয়োজিত করুন। শুভদিন।

সিংহঃ রাশিঃআজ আপনার জন্য খুব একটা উচ্চ-ক্ষমতাসম্পন্ন দিন নয় এবং আপনি ছোট ছোট বিষয়েই বিরক্ত হয়ে উঠবেন।

কন্যাঃ রাশিঃসংসারের শান্তি, বিবাহের যোগ হতে পারে আজ।

ভূলাঃ রাশিঃযোগব্যায়াম ও ধ্যান আপনাকে মানসিকভাবে ফিট রাখতে এবং থাকতে সাহায্য করবে। সংসারে শান্তি হতে পারে

বৃশ্চিকঃ রাশিঃআপনার স্বাস্থ্য সবসঙ্গে বিশেষ যত্নবান নহন, বিশেষ করে উচ্চ রক্তচাপের রোগীরা।বিশেষ খাবার। শুভদিন হতে পারে আজ।

ধনুঃ রাশিঃআজ আপনি পরোপকারের কাজে মানসিক শান্তি আর আরাম পাবেন।শুভদিন।

মকরঃ রাশিঃআজকের বিশ্বেদানের মধ্যে খেলাধুলো সংক্রান্ত ক্রিয়াকলাপ এবং বাইরের অনুষ্ঠান অন্তর্ভুক্ত থাকা উচিত।শুভদিন।

কুম্ভঃ রাশিঃআপনার স্বাস্থ্য ভালো রাখবে এমন জিনিসের উপর কাজ করার পক্ষে একটি কল্যাণকর দিন।

জ্যৈষ্ঠঃ রাশিঃআজের মধ্যে জীবনীশক্তি সিস্টেমের মধ্যে নির্বছার বিষয়ে মত কাজ করবে

নির্ঘরঃ রাশিঃ সৃষ্টিশীল কাজ নিয়াজিত রাখা এবং এই রোগের বিরুদ্ধে নিজেকে উদ্বুদ্ধ রাখাই সবচেয়ে শ্রেয়।। স্বর্থ ব্যয় হবে

হাওড়ায় গরমে পুরসভার উদ্যোগে পথচারীদের জলদান কর্মসূচি



দূরন্ত বার্তা, হাওড়া, ৯ জুন : গরমে পুরসভার উদ্যোগে পথচারীদের জলদান কর্মসূচি হলো হাওড়ায়। তীব্র গরমে স্বাস্থ্যবিধি মেনে পথচারীদের হাতে সিল প্যাক জল তুলে দিলো হাওড়া পুরসভা। শুক্রবার সকালে হাওড়ার ২৯ নং ওয়ার্ডে ওই জলদান কর্মসূচি নেওয়া হয়। উপস্থিত ছিলেন পুরসভার মুখ্য প্রশাসক ডা সুজয় চক্রবর্তী, প্রাক্তন কাউন্সিলর শৈলেশ রাই। প্রচন্ড গ্রীষ্মের দাবদাহে প্রচুর মানুষ রাস্তায় কাজে বেরিয়েছেন। মূলত তাদের জন্য হাওড়া পুরসভার তরফ থেকে এদিন ২৯ নম্বর ওয়ার্ডে এই ঠান্ডা পানীয় জল বিতরণ করা হয়। জানা গেছে, শু শু এদিনই নয়, হাওড়া ময়দান চত্বরে পুরসভার তরফ থেকে শনিবারও জলদান করা হবে। এদিনের কর্মসূচি সম্পর্কে ডা, সুজয় চক্রবর্তী বলেন, এই প্রচন্ড গ্রীষ্মের দাবদাহে প্রচুর মানুষ রাস্তায় কাজে বেরিয়েছেন। তাই তাদের জন্য আমরা হাওড়া পুরসভার তরফ থেকে আজকে ২৯ নম্বর ওয়ার্ডে হাওড়া পুরসভা এবং প্রাক্তন কাউন্সিলর শৈলেশ রাইয়ের উদ্যোগে আমরা ঠান্ডা পানীয় জল বিতরণ করলাম। শু শু আজ নয়, আমরা হাওড়া ময়দান চত্বরে আগামীকালও জল দেব। এর আগেও হাওড়া পুরসভা চারটি জলের ট্যাক হাওড়ার চারটি গুরুত্বপূর্ণ রাস্তায় পাঠিয়ে তৃষ্ণার্ত মানুষকে জলের ব্যবস্থা করেছিল। হাওড়া ময়দান, কানারডাঙ্গা, দানেশ শেখ লেন সহ বিভিন্ন জায়গায় জলের ট্যাক পাঠানো হয়েছিল। আজ আমরা সিল প্যাক জলের বোতল মানুষকে দিলাম। এতে হাইজিন মেনইন্টেইন হবে।

শিক্ষক বদলির প্রতিবাদ বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সংঘের

দূরন্ত বার্তা, কলকাতা, ৯ জুন : শিক্ষক রাজেশ মাহাতোকে পশ্চিম মেদিনীপুর জেলার খজাপুরস্থিত বেনাপুর উচ্চবিদ্যালয় থেকে উত্তরবঙ্গের কোচরিহার জেলার সিতাইয়ের চামটা আদর্শ বিদ্যালয়ে বদলির প্রতিবাদে শুক্রবার দুপুরে ‘বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সংঘে’র পক্ষ থেকে পশ্চিম মেদিনীপুরের জেলাশাসককে স্মারকলিপি ও বিক্ষোভ দেখানো হয়। এই বদলি অনৈতিক বলে দাবি তুলে শিক্ষক সংঘের রাজ্য সভাপতি আশীষ কুমার মণ্ডলের নেতৃত্বে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুর্কলিয়া ও ঝাড়গ্রাম জেলার ‘বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সংঘে’র রাজ্য ও বাঁকুড়া, পুর্কলিয়া ও পশ্চিম মেদিনীপুরের জেলা নেতৃত্ব ও শিক্ষক, শিক্ষিকারা এতে অংশ নেন। গান্ধী মূর্তির পাদদেশ থেকে মিছিল শ্লোগানের মধ্য দিয়ে বিক্ষোভ দেখাতে দেখাতে পশ্চিম মেদিনীপুর জেলার শিক্ষাডবন হয়ে জেলাশাসকের দফতরে পৌঁছায়। আশীষাবু বলেন সামাজিক আন্দোলনে অংশগ্রহনকারী শিক্ষক রাজেশ মাহাতোকে সুদূর কোচবিহারে অনৈতিক বদলির তীব্র প্রতিবাদ জানাই। শিক্ষকদের এরকম বদলির কোনও নিয়ম নেই, তাই রাজেশবাবুকে আবার আগের জুলে ফিরিয়ে আনার দাবী জানান।

ডায়মন্ড হারবারে মনোনয়ন জমা করতে না পারার অভিযোগ বিরোধীদের



জমা করতে গিয়ে সিপিএম, বিজেপি এবং আইএসএফের একযোগে অভিযোগ, প্রশাসনের পক্ষ থেকে মনোনয়ন গ্রহণের কোনও ব্যবস্থাই করা হয়নি। এই অভিযোগের প্রেক্ষিতে ব্লক প্রশাসনের পাল্টা বক্তব্য, ভোট ঘোষণার পর সব কিছুর প্রস্তুতি নেওয়ার সময় মেলেনি। তাই মনোনয়ন গ্রহণের প্রক্রিয়া শুরু করতে দেরি হচ্ছে। ঘোষণা মতেই শুক্রবার ডায়মন্ড হারবার ১ ব্লকের মনোনয়ন জমা দিতে যান বিজেপি, সিপিএম এবং আইএসএফ প্রার্থীরা। তাদের অভিযোগ, দলের প্রার্থীদের মনোনয়ন জমা নেওয়া হয়নি। বিরোধীদের আরও অভিযোগ, ২০১৮ সালের পঞ্চায়েত নির্বাচনের পুনরাবুত্তি চাইছে শাসকদল। বিরোধীরা যাতে মনোনয়ন জমা দিতে না পারে, সেই চেষ্টা করা হচ্ছে। আগামী ৮ জুলাই রাজ্যে পঞ্চায়েত নির্বাচন। শুক্রবার থেকেই শুরু হয়ে গিয়েছে মনোনয়ন প্রক্রিয়া। তা চলবে ১৫ জুন পর্যন্ত। এর মধ্যে রবিবার সরকারি দফতরে ছুটি, মনোনয়ন প্রক্রিয়া বন্ধ থাকবে। ভোট ঘোষণার পর দিন থেকেই মনোনয়ন প্রক্রিয়া শুরু হয়ে যাওয়ায় মহাফার্পরে পড়েছে ব্লক প্রশাসনের একাংশ! এত কম সময়ের মধ্যে মনোনয়ন গ্রহণের প্রস্তুতি নিতে হিমশিম খাচ্ছেন তারা।

মনোনয়নের শুরুতেই আক্রান্ত ক্যানিং পশ্চিম বিজেপির মন্ডল সভাপতি

দক্ষিণ ২৪ পরগণা, ৯ জুন : নির্বাচনের শুরুতেই আক্রান্ত বিজেপির মন্ডল সভাপতি। শুক্রবার বিজেপির তরফে এই অভিপোগ করা হয়েছে। অভিযোগ, ক্যানিং পশ্চিম এক নম্বর মন্ডলের প্রেসিডেন্ট মনোজ সরকার দুজন সাধারণ সম্পাদককে নিয়ে আজ ক্যানিং বিডিও অফিসে নির্বাচনের ডিসিআর (মনোনয়নপত্র) তুলতে যায়। সেখানে বিডিও অফিস কর্ম্যত ১০০ থেকে ১৫০ বহিরাগত সহ স্থানীয় তৃণমূল দ্বষ্ট্বতীরা দখল করে রেখেছিল। মন্ডল সভাপতি বিডিও অফিসের এর মধ্যে ঢুকলে বেধড়ক মারধর করে এবং সমস্ত কাগজপত্র ছিঁড়ে দেয়। তৃণমূল এই অভিযোগ অস্বীকার করেছে। পুলিশের বক্তব্য, অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে।

কন্টেন্ট স্রষ্টা সোবিত তামাং-র পাশে সিঙ্গাপুর ভিত্তিক নির্মাতা সংস্থা

৯ জুন : শিলিগুড়ির বিখ্যাত কন্টেন্ট স্রষ্টা সোবিত তামাং ইউটিউবে তার আর্থক স্ববিশ্ববস্ত্র সহ বিশ্বব্যাপী দর্শকদের মন জয় করেছেন। মিউজিক, মিমস এবং তাত্ক্ষণিক কথোপকথনের প্রতি তার অনুরাগ অনুসরণ করে, সোবিত তামাং সর্বদা তার শ্রোতাদের জন্য অনন্য এবং দুর্দান্ত কিছু তৈরি করার চেষ্টা করেছেন এবং এই এলিমেন্টস গুলিকে তার কন্টেন্টে ব্যবহার করা শুরু করেছেন। তার কাজ দেখে, অ্যানিমাটা, একটি সিঙ্গাপুরভিত্তিক নির্মাতা প্রযুক্তি সংস্থা যা ডিজিটাল নির্মাতাদের তৈরি এবং লালনপালনের উপর দৃষ্টি নিবদ্ধ করে, তাকে তার কন্টেন্টের যাত্রা চালিয়ে যেতে সহায়তা করার জন্য সোবিতকে নিজেদের সাথে নিয়ে নিয়েছে। সোবিত তামাং দেড় বছর আগে তার ইউটিউব যাত্রা শুরু করেছিলেন সাধারণ শূকর সাথে। একটি প্রযুক্তি দিয়ে শূকর যা খুব বেশি দর্শক সংগ্রহ করতে পারেনি, সোবিত ওমেগোলে অপরিচিতদের সাথে ব্যক্তিগত আলাপচারিতার ভিডিও থেকে অনুপ্রেরণা নিয়েছিলেন। সোবিত তামাং-এর পরচেষ্টার প্রতিক্রিয়াও বিস্ময়কর ছিল, কারণ তার প্রথম ভিডিও আপলোড হওয়ার এক সপ্তাহের মধ্যে ১,০০০ ভিউ অতিক্রম করেছে। এই প্রাথমিক সাফল্য তার কনটেন্ট ক্রিশেপশনের যাত্রা চালিয়ে যাওয়ার জন্য একটি অনুপ্রেরণামূলক কারণ হিসেবে কাজ করে। সময়ের সাথে সাথে সোবিত তামাং এর চ্যানেল দ্রুত বৃদ্ধি পায় এবং এক বছরের মধ্যে তিনি ১ লাখ গ্রাহকের একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেন।

হিন্দমোটরের ফ্ল্যাট থেকে বৃদ্ধের পচা গলা দেহ উদ্ধার

বনস্পতি দে, হিন্দমোটর, ৯ জুন : ফ্ল্যাটের দরজা বন্ধ। তিনদিন ধরে দরজা খোলেনি। আবাসনের প্রতিবেশীরা খোঁজখবর নেওয়ার চেষ্টা করেছিলেন। ফ্ল্যাটের দরজায় টোকাও মেরেছিলেন বেশ কয়েকবার। কিন্তু কোনও সাড়াশব্দ মেলেনি। প্রথম দিকে বিশেষ কিছু মনে না হলেও, তিনদিন পেরিয়ে যাওয়ার পর সন্দেহ জাগে প্রতিবেশীদের মনে। খবর দেওয়া হয় থানায়। শেষ পর্যন্ত পুলিশ এসে দরজা ভেঙে ফ্ল্যাটের ভিতরে ঢোকে। আর ভিতরে ঢুকতেই বিকট পচা গন্ধ। ফ্ল্যাটের ভিতর থেকে উদ্ধার হয় এক বৃদ্ধের পচাগলা দেহ । মৃতের নাম দিলীপ রায় (৬০)। ঘটনাটি ঘটেছে উত্তরপাড়া পুরসভার সাত নম্বর ওয়ার্ডে। সেখানে হিন্দমোটর স্টেশন রোড সংলগ্ন এক আবাসনে একই থাকতেন বৃদ্ধ দিলীপ রায়। কীভাবে বৃদ্ধের মৃত্যু হল সেই বিষয়টি এখনও স্পষ্ট নয়। পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট প্রকাশ্যে এলেই বোঝা যাবে মৃত্যুর কারণ। তবে প্রতিবেশীরা বলছেন, ওই বৃদ্ধ বিগত বেশ কিছুদিন ধরে অসুস্থ ছিলেন। খুব একটা মেলামেশা করতেন না আবাসনের বাকিদের সঙ্গে। বহিরে যে



বাসিন্দাদের। প্রথমে তারা খবর দেন পাড়ার ক্লাবে। ক্লাবের ছেলেরা এসে দরজা খোলার চেষ্টা করে। কিন্তু কোনও লাভ হয় না। এরপর আর দেরি না করে পুলিশে খবর দেওয়া হয়। শেষে পুলিশ এসে দরজা ভেঙে ওই বৃদ্ধের পচাগলা দেহ উদ্ধার করে।

রাজ্যে নিরপেক্ষ পঞ্চায়েত ভোট করতে হলে কেন্দ্রীয় বাহিনীর প্রয়োজন, দাবি সুকান্ত মজুমদারের

দূরন্ত বার্তা, কলকাতা, ৯ জুন : এই পুলিশ দ্বারা শান্তিপূর্ণ নির্বাচন করা অসম্ভব। রাজ্যে নিরপেক্ষ পঞ্চায়েত ভোট করতে হলে কেন্দ্রীয় বাহিনীর প্রয়োজন। দাবি সুকান্ত মজুমদারের। বৃহস্পতিবার হাওড়ার সাকরাইলে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সুকান্ত মজুমদার বলেন, আমরা পঞ্চায়েত নির্বাচনের জন্য প্রস্তুত আছি। আমরা চাই নিরপেক্ষ, শান্তিপূর্ণ পঞ্চায়েত নির্বাচন হোক। সেটা তখনই সম্ভব যখন নির্বাচন কমিশন কেন্দ্রীয় বাহিনীর সাহায্য নেবে। এই পুলিশ দ্বারা শান্তিপূর্ণ নির্বাচন করা অসম্ভব। এক দফায় গোটা রাজ্যে পঞ্চায়েত নির্বাচন প্রসঙ্গে সুকান্ত মজুমদার বলেন, রাজ্য পুলিশ এত নৈই বলে সিডিক হোস্টিট্যার থেকে শুরু করে হোমহাউসের কাছে লাগানো হবে। গ্রাম পুলিশের বেশিরভাগই তৃণমুলের ক্যাডার। সেইজন্য আমাদের বক্তব্য নিরপেক্ষ নির্বাচন করতে হলে কেন্দ্রীয় বাহিনীর প্রয়োজন। তারপরে যদি হিংসার পরিবেশ সৃষ্টি হয় তারজন্য দায়ী থাকবে নির্বাচন কমিশন এবং রাজ্য সশস্ত্র বাহিনী। আসসা যোজনায় ঘর দেওয়া হয়েছে। সরকার এইভাবেই চলে। গরু পাচারের একটা বড় র্যাকেট রাজ্য জুড়ে আছে। অনুব্রত মন্ডল এবং তার ডালপালা, শাখাপ্রশাখা লোক এই পাচারের সঙ্গে যুক্ত। মাথাগুলোয় সিবিআই পৌঁছাতে পারেনি। মনে হয় সিবিআইয়ের তদন্তে আরও বেশি গতি আনা উচিত যাতে মাথা পশ্চ



যা বলছে সেটা করছে।

সুকান্ত মজুমদার আরও বলেন, কেন্দ্রীয় প্রকল্পের একটা অংশ এসে পৌঁছেছে। কারণ এই সরকার এবং পঞ্চায়েত কাটমানি খেয়েছে। অনেক ক্ষেত্রে যারা অনুপযুক্ত তাদের প্রধানমন্ত্রী আসসা যোজনায় ঘর দেওয়া হয়েছে। সরকার এইভাবেই চলে। গরু পাচারের একটা বড় র্যাকেট রাজ্য জুড়ে আছে। অনুব্রত মন্ডল এবং তার ডালপালা, শাখাপ্রশাখা লোক এই পাচারের সঙ্গে যুক্ত। মাথাগুলোয় সিবিআই পৌঁছাতে পারেনি। মনে হয় সিবিআইয়ের তদন্তে আরও বেশি গতি আনা উচিত যাতে মাথা পশ্চ

পঞ্চায়েতগুলো কেন্দ্রের পাঠানো টাকা লুঠ করার কেন্দ্রে পরিনত হয়েছে। যার হাতে দায়িত্ব আছে সে যদি হেরে যায় তাহলে তার রোজগার চলে যাবে। সেইজন্য মারামারি করছে। বৃধবার আমার মঞ্চ খুলে দেওয়া হল। যাতে মিছিলে না আসে সেইজন্য আমাদের কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে হুমকি দেওয়া হল। বিরোধী দলনোতে যেখানে কিছু করতে যাচ্ছে সেখানে বাধা দেওয়া হচ্ছে। কোনও কোনও জায়গায় পুলিশ সহযোগিতা করলেও বেশিরভাগ ক্ষেত্রে অসহযোগিতা করছে। ভোটের নামে প্রহসন হচ্ছে।

রাজ্যের সরকারি হাসপাতাল থেকে বিনামূল্যে বিলি করা ওষুধের খামে বাংলায় তা খাওয়ার পরিমাণ ও নিয়ম লিখতে হবে

দূরন্ত বার্তা, কলকাতা, ৯ জুন : রাজ্যের সর্বস্তরের সরকারি হাসপাতাল থেকে বিনামূল্যে বিলি করা ওষুধের খামে এবার থেকে বাধ্যতামূলক ভাবে বাংলায় তা খাওয়ার পরিমাণ ও নিয়ম লিখে দিতে হবে। যাতে ইংরাজী না জানা রোগীরা ওষুধিযায় না পড়েন। এই মর্মে রাজ্যের স্বাস্থ্য সচিব রাজ্যের স্বরূপ নিগম নির্দেশিকা জারি করেছেন। নির্দেশিকায় বলা হয়েছে, এবার থেকে রাজ্যের সব সরকারি হাসপাতালের ফার্মাসি থেকে যখন কোনও রোগী বা তার পরিজন কোনও ওষুধ নেবেন তখন প্রতি

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দূরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ১৯০ সংখ্যা, শনিবার, ২৬ জ্যৈষ্ঠ, ১৪৩০

অবশেষে পঞ্চায়েত নির্বাচন

বলা যায় না পশ্চিমবঙ্গের মানুষ পঞ্চায়েত নির্বাচন চাইছে কিনা। সেই সমীক্ষা নেওয়া হয়নি। তবে রাজনৈতিক দলের নেতারা যে পঞ্চায়েত নির্বাচন চাইছেন সেটা পরিস্কার ছিল। যাঁরা রাজনীতিতে জীবনের পেশা এবং নেশায় পরিণত করেছেন গণতন্ত্রের কাছে প্রতিটি নির্বাচনে হচ্ছে এক একটি চ্যালেঞ্জ। দেশের গণতান্ত্রিক পরিবেশকে বহাল রাখতে এখন নির্বাচন করাটা খুবই প্রয়োজন। নির্বাচন না করলে গণতন্ত্র অতলে তলিয়ে গেল বলে রব উঠতে শুরু করবে সেটা পরিস্কার করে বুঝতে পারা গিয়েছে। কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে বঞ্চনা করছে এই আলোচনা শুনেতে পাওয়া যাচ্ছে। ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েককে প্রধানমন্ত্রী বলেছিলেন প্রাকৃতিক দুর্যোগে বধ ক্ষতি হয়েছে ওড়িশার। আপনাকে কেন্দ্রীয় সরকার আর্থিক সাহায্য করতে চায়। আপনি তা গ্রহণ করুন। ওড়িশার মুখ্যমন্ত্রী বলেছিলেন প্রয়োজন

হলে ভেবে দেখবেন। তবে এখন তার দরকার নেই। যখন দরকার পড়বে তখন সেটা ভাবা যেতে পারে। থাকে গিয়েছিলেন প্রধানমন্ত্রী মোদি। তিনি আর বেশি কথা বাড়ান নি। তবে বলেছিলেন, ওড়িশা রাজ্য উন্নতি করতে পারছে ভাবতে গিয়ে এমি স্টিভিই বিষয় বোধ করছি। এই রকমভাবে প্রতিটি রাজ্য যদি উন্নতি লাভ করতে পারতো তাহলে ভারতকে আর ভাবতে হতো না। কেন্দ্রকে বেশি বেগ পেতে হতো না। কিন্তু বাংলার ক্ষেত্রে দেখতে পাওয়া যাচ্ছে যে একেশো দিনের কাজের টাকা না দেওয়ার ফলে রাজ্য সরকার সেই টাকা নিজের থেকে দিতে পারছে না। কেন্দ্র একশো দিনের কাজের টাকা দিলেই তবেই রাজ্য সরকার তা দিবে বলে ভাবছে। বাওয়ার রাজনৈতিক দলের সভা থেকে একটি কথা ভেসে আসতে শুরু করেছে কেন্দ্র কেন একশো দিনের কাজের টাকা আটকে রেখেছে। তাড়াতাড়ি সেই টাকা দেওয়ার কথা ভাবুক কেন্দ্র। এটা হল পশ্চিমবঙ্গের অবস্থা। আর কোনও রাজ্য এতখানি দেউলিয়া হয়ে যায়নি। তার একটি মাত্র কারণ হচ্ছে তারা রাজ্য কোষাগার নষ্ট করে দেয়নি। সেই সব রাজ্যের কোষাগার খুবই শক্তিশালী। এবং সেখ নাকার বাসিন্দারা কাজ করে খেতে চান। তারা যথেষ্ট সুশিক্ষিত। বাংলার শিক্ষা ব্যবস্থাকে যেমন ভেঙে ফেলে দিয়া হয়েছে তারা কিন্তু তাদের রাজ্যের শিক্ষা ব্যবস্থার হাল এতখানি খারাপ করে দেয়নি। শক্ত হাতে শিক্ষার হালকে তারা ধরে রেখে দিয়েছে। সেই কারণে বেঙ্গালুরু হারদ্রাবাদের দিকে বেশি করে বাঙালি ভরপুরা গিয়ে চাকরি গ্রহণ করতে শুরু করেছে। ক্যারার মুখে তো গুনতে পাই না বাংলায় গিয়ে চাকরি করবে। বাংলার চাকরি নেই। চাকরি পেতে গেলে এখানে টাকা ঘুষ দিতে হবে। চাকরি এখানে বিক্রি হয়। বাংলার শিক্ষা ব্যবস্থার কঙ্কাল চেহারাটা পরিস্কার করে দেখিয়ে দিয়েছে আদালত। এর বেশি আর কি দেখাতে। যা দেখিয়ে দিয়েছে আদালত তাই যথেষ্ট। মানুষ্যত্ব থাকলে মুখ আড়াল করে চলবে না। না হলে কান কাটার মতো রাস্তার মধ্যে দিয়ে চলতে থাকবে। আসলে আমরা সবাই পণ্ডিত। একানে আর কেউ বোকা বা মুর্থ নেই। সেই কারণে ভালো স্কুল রাখার কোনও প্রয়োজন নেই। সব স্কুল এখন বলতে গেলে ফাঁকা হতে শুরু করে দিয়েছে। পড়াশুনার প্রতি অগ্রহ কমতে শুরু করেছে। জানা কোন শেষ না জানা চেষ্টা বৃথা তাই।

বার্তা দোভালের

ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল জানেন পাকিস্তান এবং চিনের খেলাটা কী রকম হতে পারে। তিনি আগেই আন্দাজ করে নিয়েছিলেন যে চিন এবং পাকিস্তানের নাম না করে এসিও এর জাতীয় জাতীয় নিরাপত্তা উপদেষ্টা পর্যায়ের বৈঠকের উদ্বোধনী বক্তৃতায় সন্ত্রাস নির্মূল করা কল দেবেন। তিনি পাকিস্তানের নাম করে বলেছেন যারা আজও সন্ত্রাসকে মূল করে এগিয়ে চলার সিদ্ধান্ত গ্রহণ করেছে তারা কিন্তু বিশ্ব আইনের চোখে অপরাধী। তাদেরকে কোনও রকমভাবে ভারত ক্ষমার দৃষ্টিতে দেখতে পারে না। পাকিস্তানের বিরুদ্ধে জঙ্গিবাদ চিনের সম্প্রসারণবাদ আজকে ভারতকে চিহ্নিত করে দিয়েছে। এসসিও মঞ্চে এবারে চিন এবং পাকিস্তান উপস্থিত। এই দুই রাষ্ট্র সদস্যও বটে। ভিডিও এর মাধ্যমে আজকে দেশের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। ভারতের হয়ে প্রতিনিধিত্ব করছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল। তিনি বলেছেন সন্ত্রাস কিন্তু একটি দেশের পক্ষে খুবই বিপদের কারণ। জঙ্গিবাদকে যারা রাজনৈতিকভাবে প্রশ্র দিয়ে থাকে তারা একটি দেশের সার্বভৌমত্বকে অস্বীকার করে থাকে। জঙ্গিবাদ আন্তর্জাতিক শান্তি রক্ষা করার পক্ষে সবচেয়ে বড় শত্রু বলা যেতে পারে। সন্ত্রাসবাদকে কোনও রকমভাবেই গ্রহণ করা যায় না। এসসিও সদস্য নির্দেশিকায় বলা হয়েছে সার্বভৌমত্বকে স্বীকার করতে হবে। রাষ্ট্রগুলিকে সম্মান দান করতে হবে। প্রত্যেক দেশ ভৌগলিক অঞ্চতাকে মানতে হবে। আন্তর্জাতিক সম্পর্কে ক্ষেত্রে ঈশিয়ারী দেওয়া এবং হুমকি দেওয়া চলবে না। কোনও দেশ নিজেদের সামরিক মাত্রা অন্যএ প্রতিষ্ঠা করার চেষ্টা করবে না। কূটনৈতিক শিবির থেকে বলা হয়েছে অজিত দোভাল কারোর নাম উল্লেখ না করলেও তিনি পূর্ব লাদাখের গং আড়াই বছর ধরে প্রকৃত নিয়ন্ত্রণ রেখার কাছেই চিনা সেনা অবস্থানকেই বোঝাতে চেয়েছেন। শুধু চিন ভারত এবং পাকিস্তান ভারত সীমান্ত সমসয়ার মধ্যে না থেকে কাশ্মীরে আর্থিক করিডর তৈরি করার ব্যাপারে কথা বলেছেন তিনি। চিন সেখানে পাকিস্তানের কথা অনুসারে আর্থিক করিডর তৈরি করতে শুরু করেছে। শুধু তাই নয় চিন সেখানে সেনা বাহিনীর সদস্যদের মজুত করতে শুরু করেছে। আসলে চিন কাশ্মীরের ব্যাপারে অকারণে মাথা গলাতে চেষ্টা করছে। কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অংশ তা কিন্তু পাকিস্তানের মতো চিনও গুনতে চায় না। তারা পাকিস্তানের উচ্চানিতে সেখানে আর্থিক করিডর তৈরি করতে শুরু করেছে। ভারত এব্যাপারে কিন্তু বার্তা দিলে তা মানা করা হয়নি। চিন ভারতের বার্তাকে উপেক্ষা করে সেখানে চিনা সেনা উপস্থিতির মধ্যে দিয়ে আর্থিক করিডর তৈরি করতে শুরু করেছে এবং রেল লাইন পাতার চেষ্টা করছে। সব রাষ্ট্রের সঙ্গে এ ব্যাপরে কথা বলার প্রয়োজন ছিল। ভারতকে বাদ দিয়ে চিন কাশ্মীরে আর্থিক করিডর তৈরি করতে পারে না।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী



অমৃতময় জল কপটের নিকট তিক্ত লবনময়,
তীরে যাইয়াও তার তৃষ্ণা নিবারিত হয় না
মাটির শরীর মাটি হবে মাটি
হাড়া নাই বিধান, মাটিরে তুই কররে খাঁটি অমৃতেরই এনে নিদান ।।।।।

স্বামী বিবেকানন্দের কর্ম চিন্তা

মা দুর্গা সবার কাছ থেকে শক্তি নিয়ে তিনি শক্তিশালী হয়েছিলেন। আর আজকে ভারতবাসীকে সবার কাছ থেকে শক্তি নিয়ে শক্তিশালী হতে হবে। না হলে একেবারে পরাস্ত হয়ে ঘরে বসে থাকতে হবে। ভারতবর্ষ সভ্যতায় প্রাচীন। গ্রীস দেশের মতো প্রাচীন হচ্ছে ভারতীয় সভ্যতা। বিবেকানন্দের লক্ষ্য ছিল মহান ভারত গড়ে তোলার। তার জন্য তিনি সর্বত্র শারীরীক প্রশিক্ষণ কেন্দ্র খোলার কথা বলেছিলেন। শিক্ষা ব্যবস্থা বিবেকানন্দ হওয়ার থেকে হাতে কলমে শিক্ষা দেওয়ার কথা বলতেন পুরিকোদান। ভগবান ভগবান করলে হবে না। কাজ করতে হবে। কাজের মধ্যে দিয়েই ভগবানের সাধনা করতে হবে।

১১০ তম জন্ম দিবস বিপ্লবী ভবানী প্রসাদ ভট্টাচার্য

রবীন্দ্রকুমার শীল

বাংলার বিপ্লবীদের জীবনপঞ্জী খুঁজে পাওয়া খুবই মুশকিল। কারণ তারা এমনভাবে চলাফেরা করতেন যে তাঁদের সঠিক তথ্য যাতে পুলিশ সংগ্রহ না করতে পারে এবং তার জন্য সব কিছু বলতে গেলে পুড়িয়ে ফেলে দিতেন। বেশির ভাগ বিপ্লবীদের নির্দিষ্ট ঘরবাড়ি বলতে কিছুই ছিল না। ছিল না তাদের মাথা গোঁজার ঠাই। ‘যুগান্তর’, ‘অনুশীলন’ এবং আরও যেসব বিপ্লবীদের আখড়া ছিল সেখানেই তাঁরা থেকেছেন এবং দিন যাপন করেছেন। দেশ মাতৃকাকে স্বাধীনতা করার জন্য তাঁদের আত্মত্যাগকে আজ আমরা ভুলে যেতে বসেছি। বাংলার বিপ্লবী আন্দোলন- ইতিহাস কংগ্রেসের চেয়ে বেশি জটিল এবং যোরালো। তখন প্রতিটি পাড়ায় একটি করে বিপ্লবীদের আখড়া তৈরি হয়েছিল। তবে একটি কেন্দ্রীয় দফতর ছিল। সেই সব কেন্দ্রীয় দফতর থেকে নির্দেশ যেত এই সব শাখা অফিসে। জাতির জনক মহাত্মা গান্ধির অহিংসা আন্দোলনের থেকেও পুরানো হচ্ছে বাংলার সশস্ত্র সংগ্রাম। ১৯০৬ খ্রিস্টাব্দে বিপ্লবী অরবিন্দ বাংলায় এসে উপস্থিত হতেই শুরু হয়ে গেল বাংলার গুপ্ত সমিতির সশস্ত্র সংগ্রাম। যদিও তার আগেই বাংলার গুপ্ত সমিতির গঠন প্রস্তুতি শুরু হয়ে

গিয়েছিল। আর সেটা করেছিলেন অরবিন্দ তাঁর ভাই বারীন্দ্রনাথ ঘোষকে বাংলায় পাঠিয়ে। কলকাতায় অনুশীলন সমিতি প্রতিষ্ঠা হল ১৯০২ সালে। সভাপতি হয়েছিলেন ব্যারিস্টার সি মিত্র। সহ সভাপতি হন দেশবন্ধু চিত্তরঞ্জন দাস এবং অরবিন্দ ঘোষ। সেই সময় থেকে বাংলার সশস্ত্র সংগ্রামের রূপরেখা নিয়ে আলোচনা চলতে থাকে। ঢাকার অনুশীলন সমিতি প্রতিষ্ঠা হয়েছিল ১৯০৬ সালে। সেই সমিতির দায়িত্ব গ্রহণ করেছিলেন পুলিশ বিহারী দাস। সম্ভবত ১৯০০ খ্রিস্টাব্দে আয়োজনিত সমিতি প্রতিষ্ঠা হয়েছিল। বিপ্লবী সতীশ মুখার্জি এবং নিবারণ ভট্টাচার্য এই সংগঠনটি তৈরি করেছিলেন বিপিন বিহারী গাঙ্গুলীর পরামর্শানুক্রমে। পরে এই বিপ্লবী গুপ্ত সমিটিটি বারীন ঘোষের সঙ্গে হাত মিশে যায়।



আলিপুর বোমা মামলা ১৯০৮ সালে শুরু হলে অরবিন্দ এবং বারীন ঘোষ জেলে থাকার পরে আবার ‘আয়োজনিত সমিতি’ আবার মাথা চাড়া দিয়ে উঠতে থাকে। সেই সময়ে বাংলার বিপ্লবী আন্দোলনকে সক্রিয় করতে উপস্থিত হলেন অনুকূল মুখার্জি, বিপিন বিহারী গাঙ্গুলী, হরিশং সিকদার সহ আরও অনেকে। ‘আয়োজনিত সমিতি’র নেতারা সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে বিপ্লবী বাঘা যতীন এবং

ইংরেজ সরকার এবারে একটি কড়া আইন চালা করলো। সেই আইনটি হল ‘দাা বেঙ্গল প্রপ্রেসন অব টেররিষ্ট অ্যাক্টের সংস্করণ’ ১৯৩২ এবং ‘দা বেঙ্গল ক্রিমিন্যাল ল’ (আর্মস অ্যান্ড এক্সপ্লোসিভস) অ্যাক্ট ১৯৩২। সন্দেহভাজন ব্যক্তিমাত্র তাকে গ্রেফতার করা যাবে। তার জন্য আলাদা করে আদালতে কোনও অনুমতি নেওয়ার প্রয়োজন পড়বে না। সন্ত্রাসবাদী কার্যকলাপের সঙ্গে যারা যুক্ত রয়েছে তাদেরকেও গ্রেফতার করা যাবেই। তারপর যারা এই সব সন্ত্রাসবাদী কার্যকলাপে সহযোগিতা করেছেন তগাদেরকে বিনা বিচারে আটক করা যাবে। ‘বেঙ্গল এমারজেন্সি পাওয়ারস অর্ডিন্যান্স অক্টোবর অব ১৯৩১’ সালের আইনানুসারে সারা চট্টগ্রামে জরুরী অবস্থা জরি করা হল। চট্টগ্রামে বিপ্লবীরা যাতে তার সেখানে কোনও রকমভাবে মাথা তুলে দাঁড়াতে না পারে তার জন্য ব্রিটিশ সরকার কড়া পদক্ষেপ গ্রহণ করলো। আগে বলা হয়েছিল বাংলার বিপ্লবী সমিতি ভিন্ন নামে পরিচিত থাকলেও হলে তারা কিন্তু কর্মে ছিল অভিন্ন। বাংলার সমস্ত বিপ্লবী গুপ্ত সমিতির সঙ্গে পরস্পরের যোগাযোগ থাকতো। ঢাকা শহরের একটি গুপ্ত সমিতির অফিসে বিপ্লবীদের সভা বসল। বিনয় বাদল দীনেশ অ্যাভারসনকে

শেষ করতে পারেনি। এবারে তার জবাব দেওয়া হবে। গুপ্ত সমিতির সভায় উপস্থিত ছিলেন সুকুমার ঘোষ, মধু ব্যানার্জি, ভবানী প্রসাদ ভট্টাচার্য (জয়দেবপুর) রবি ব্যানার্জি, মনোরঞ্জন ব্যানার্জি (লক্ষ্মীবাজার)। সেই বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হল যে অ্যাভারসনের দিকে তাক করে পিস্তল ধরতে হবে। সেই সময়ে মহিলাদের গুপ্ত অভিযানে নিয়ে দিকটা বিবেচনা করে দেখা হতো। যদিও তার আগে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনে মহিলারা অংশ গ্রহণ করে বীরত্বের পরিচয় দিয়ে গেলেছে। গ্রহণ বিপ্লবী মন্ত্রে দীক্ষিত উজ্জ্বলা মজুমদারকে সঙ্গী করতে হল অ্যাভারসন হত্যা পরিকল্পনা অভিযানে। তাঁর পিতা সুরেশচন্দ্র মজুমদার ছিলেন একজন বিপ্লবী। তখন কোনও বিপ্লবী অভিযান করতে গেলে দলীয় নেতার আদেশ গ্রহণ করতে হতো। যাই হোক অ্যাভারসনকে হত্যা করতে দার্জিলিং গিয়ে উপস্থিত হয়েছিলেন ভবানী ভট্টাচার্য, রবি ব্যানার্জি, মনোরঞ্জন ব্যানার্জি, উজ্জ্বলা মজুমদার। রেস কোর্সে গভর্নরকে লক্ষ্য করে গুলি করলে তা ব্যর্থ হয়ে পুলিশের হাতে ধরা পড়ে গিয়েছিলেন ভবানী ভট্টাচার্য ও রবি ব্যানার্জি। আদালতের আদেশে রাজশাহী সেন্ট্রাল জেলে ভবানী ভট্টাচার্যের ফাঁসি দিয়েছিল ইংরেজ সরকার।

কেন ‘অ্যাভারসন ভবন’-এর নাম পাণ্টে ‘ভবানী ভবন’ রাখা হল?

রবীন্দ্রকুমার শীল কলকাতায় এসে উপস্থিত হলেন ভবানী প্রসাদ ভট্টাচার্য এবং রবি ব্যানার্জি। তখন বাংলার সশস্ত্র সংগ্রামকে পরিচালনা করছেন বিপ্লবী জ্যোতিষ গুহ। তিনি বেঙ্গল ভলেটিয়ার্স দলের নেতা। ফলে তাঁকে সব বিষয়ে জ্ঞানানোর প্রয়োজন হল। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে অনুষ্ঠানে বীমা দাস গভর্নর স্যার স্টানলি জ্যাকসনকে হত্যা করতে তাঁক লক্ষ্য করে গুলি চালিয়েছিলেন। কিন্তু তা লক্ষ্য ভ্রষ্ট হয়। পুলিশ তাঁকে গ্রেফতার করে নয় বছরের কারাদণ্ড দিয়েছিল। বিপ্লবী নেতা জ্যোতিষ গুহ সিদ্ধান্ত নিলেন যে কলকাতায় গভর্নরকে হত্যা করাটা খুবই কঠিন। দার্জিলিং গিয়ে গভর্নরকে হত্যা করতে হবে। পরিকল্পনা মতো উজ্জ্বলা মনোরঞ্জন ব্যানার্জির বোন হয়ে স্নো ভিউ হোটেলে উঠলেন। সঙ্গে ছিল একটি হারমোনিয়াম। উজ্জ্বলা মজুমদার নিজেকে সঙ্গীত শিল্পী হিসাবে পরিচয় দিতে শুরু করলেন। এই হারমোনিয়ামের মধ্যে কলকাতা ছিল দুই পিস্তল। উজ্জ্বলা এবং মনোরঞ্জনের কাজ ছিল কখন, কোথায় কোন রাস্তায় দিয়ে গভর্নর যাতায়াত করবেন তার আগাম খবর নেওয়া। সংবাদ পাওয়া গেল যে

গভর্নর আসছেন একটি ফ্লাওয়ার শো উদ্বোধন করতে। উজ্জ্বলা মনোরঞ্জন সিদ্ধান্ত গ্রহণ করলেন সেখানেই গভর্নরকে লক্ষ্য করে পিস্তল তাক করবেন। কিন্তু এমনভাবে রক্ষী পরিবেষ্টিত ছিলেন যে সে যাত্রায় রক্ষা পেয়ে গেলেন গভর্নর অ্যাভারসন। আবার অপেক্ষা করতে থাকলেন বিপ্লবীরা। এবার বিপ্লবীরা জানতে পারলেন যে লেবং রেস কোর্সে ঘোড়াদৌড় দেখতে আসছেন গভর্নর। এটাই শেষ সুযোগ। এই সুযোগ একেবারে হাতছাড়া করা চলবে না। বিপ্লবীরা মরিয়া হয়ে উঠতে শুরু করে দিয়েছে। এবারে বেশ সৌখিন পোশাক পরিধান করেছেন যতীন ভট্টাচার্য ও রবি ব্যানার্জি। পরনে সাহেবি পোশাক। ওদিকে মনোরঞ্জন ব্যানার্জি বেনেদি অভিজাত পরিবারের সদস্যদের মতো দামি ধুতি পাঞ্জাবি পরিধান করে প্রস্তুত। বোন উজ্জ্বলা মজুমদার নীল রংয়ের ঢাকই শাড়ি এবং চোঁটে সোনাল রংয়ের শাড়ি পরে পিস্তলকে লুকিয়ে রাখলেন। পুলিশ পুরুষদের শরীর পরীক্ষা করে প্রশ্নে করার অনুমতি দিতে থাকে। কিন্তু সেখ

ভারতের স্বাধীনতা আন্দোলনের একটি অধ্যায়

চট্টগ্রামের মাষ্টারদার মতোই বিপ্লবী ছিলেন ভগৎ সিং। বিপ্লবী সূর্য সেনের জন্মের দিনের পরের দিনই হচ্ছে ভগৎ সিংয়ের ফাঁসির দিন। শোনা যায় ভগৎ সিংহের ফাঁসিকে কেন্দ্র করে সারা ভারতবর্ষ ব্রিটিশ সরকারের বিরুদ্ধে গর্জন করতে শুরু করে দিয়েছিল। ব্রিটিশ সরকার ভয় পেয়ে গিয়েছিল ভগৎ সিংয়ের ফাঁসির দিন ঘোষণা করতে। সেই সময়ে বহু ব্রিটিশ পৃষ্ঠপোষকেরা উপদেশ দিয়েছিল ইংরেজদের দ্রুত ভগৎ সিংকে ফাঁসি দিতে পরামর্শ দিয়েছিল। নাহলে ভারতের জনগণের রোষকে একেবারে থামানো সম্ভব হতে পারবেই। জনপ্রিয় বিপ্লবী ছিলেন ভগৎ সিং। ২৩ মার্চ ১৯৩১ সালে তাঁর ফাঁসি হয়ে যায়। ১৯২৮ সালের ডিসেম্বর ভগৎ সিং ও তাঁর সহযোগী শিবরাম রাজগুরু উভয়েই ছোট পাল্লারী থগ হিন্দুস্তান সোশালিস্ট রিপাবলিক্যা অ্যাসোসেশনের সদস্য ছিলেন। তখন তাঁর বয়স ছিল ২১ বছর। ব্রিটিশ পুলিশ অফিসার সাভার্সকে গুলি করে হত্যা করেছিলেন। ব্রিটিশ সিনিয়র পুলিশ সুপার জেমস স্কটের মারতে গিয়ে একজন সাভার্সকে ভুল করে মেরে দিয়েছিলেন। লালা লাজপত রায়ের মৃত্যুর জন্য স্কটকে দায়ী করা হয়েছিল। সাভার্স বাইসাইকেল করে পুলিশ স্টেশন থেকে বের হয়ে যাচ্ছিলেন। তখন রাজগুরু তাকে লক্ষ্য করে গুলি চালায়। তাতে তিনি আহত হয়েছিলেন। সেই সময়ে ভগৎ সিং তাঁকে কাছাকাছি থেকে বেশ কয়েকবার গুলি করেন। পোস্টমর্টেম রিপোর্টে দেখতে পাওয়া গিয়েছিল আটটি গুলি লেগেছে। ভগৎ সিংয়ের আর একজন সহযোগী চন্দ্র শেখর আজাদ ভারতীয় পুলিশের হেড কন্স্টেবল চন্মন সিংকে গুলি করে হত্যা করেন। ভগৎ সিং এবং রাজগুরু পালিয়ে যাওয়ার সময়ে এই পুলিশ

গুরুতর আহত হয়েছিলেন লালা লাজপত রায়। ১৯২৮ সালে ১৭ নভেম্বর হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি মারা গেলেন। লালা লাজপত রায় মারা যাওয়ার জন্য ব্রিটিশ সরকার দায়ী নয় তা প্রচার করতে শুরু করে প্রশাসন। ভগৎ সিং হিন্দুস্তান রিপাবলিক্যান অ্যাসোসিয়েশনের একজন বিশিষ্ট সদস্য ছিলেন। ১৯২৮ সালে হিন্দুস্তান কমিউনিস্ট রিপাবলিকান অ্যাসোসিয়েশন নামে পরিচিতি লাভ করে। পুলিশ সুপার স্কটকে হত্যা করার জন্য শিবরাম রাজগুরু, সুখদেব থাপার এবং চন্দ্র শেখর আজাদের সঙ্গে গোপন শরারামর্শ গ্রহণ করতে থাকেন। সাভার্স নামে যখন একজন সহকারি পুলিশ অফিসার থানা থেকে বর হয়েছিলেন তখন তাতে স্কট ভেবে গুলি করে হত্যা করেন। সেই তারিখটা ছিল ১৭ ডিসেম্বর ১৯২৮ সাল। তারপরে পুলিশের হাত থেকে রেহাই পাওয়ার জন্য ছদ্মবেশে তিনি লাহোর পরিতাগ করে বেনারসে এসে কেন্দ্রীয় আইনসভার ভিতরে বোমা বিস্ফোরণ করা ছক তৈরি করেছিলেন। বটুকেশ্বর দত্তের সঙ্গে হাত মিলিয়ে সংঘদে গ্যালারিতে বসে দুটো বোমা নিক্ষেপ করেছিলেন। সেই দিনটা ছিল ৮ এপ্রিল ১৯২৯ সাল। তারপরে তারা ইনকুাব জিন্দাবাদ লিফলেট প্রকাশ করে। তখন দুই ব্যক্তিকে গ্রেফতার করা হয়। গান্ধিজি তখন তাদের এই ধরনের কাজকে স্বীকৃতি দেননি। তিনি তখন কঠোর শদ প্রয়োগ করেছিলেন। ১৫ এপ্রিল ১৯২৯ সালে সুখ দেব, কিশোরী লাল এবং জয় গোপালকে গ্রেফতার করে। সেই সময়ে সাধারণ অপরাধীদের মতো বিপ্লবীদের সঙ্গে কারাগারে ব্যবহার করা হতো। রাজনৈতিক বন্দি হওয়ার দাবি করতে তাকে বন্দিরা। সেই সময়ে বন্দিদের সঙ্গে হাত মিলিয়ে অনশন করতে শুরু করে দিয়েছিলেন ভগৎ সিং। মহত্বত্ব আলি জিন্নাও অনশনকারিদের পক্ষ নিয়েছিলেন। পুলিশ সেই সময়ে অনশনকারীদের ধরে জোর করে খাওয়ানোর চেষ্টা করে। লর্ড আউরউন জেল কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করার জন করে খাওয়ানোর চেষ্টা করে। লর্ড আউরউন জেল কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করার জন ছুটি কমিয়ে দিল্লিতে এসে উপস্থিত হলেন। ভগৎ সিং কারাবন্দিদের কাছে জনপ্রিয়তা অর্জন করতে শুরু করে দিয়েছিলেন।

হেরিটেজ

কলকাতায় জোড়া শিব মন্দির

কলকাতায় জোড়া শিব মন্দির রয়েছে বেলেঘাটায়। বেলেঘাটায় জোড়া শিব মন্দির নামে একটি বাস স্টপেজ রয়েছে। আগে বেলেঘাটা সুন্দরবন অঞ্চলের অন্তর্গত ছিল। সুন্দরবনের একটি গ্রামের নাম হল খেয়াদহ। সেখান থেকে বিদ্যাধরী নদী ধরে বেলেঘাটায় আসতে গেলে সময় লাগত চোদ্দ ঘণ্টার মতো। রামকৃষ্ণ বাবু ছিলেন এই অঞ্চলের জমিদার। তাঁর ব্যবসায়িক কাজকর্মের জন্য তিনি বেলেঘাটায় স্থায়ী ভাবে বসবাস করতে শুরু করেন। ১৮৬২ সাল থেকে ১৮৬৫ সালে এর মধ্যবর্তী সময়ে তিনি এখানে স্থায়ীভাবে বসবাস করতে শুরু করেন। এখানে রামকৃষ্ণবাবু একটি প্রসারের মতো বাসগৃহ নির্মাণ করেছিলেন। রামকৃষ্ণবাবু এক সময়ে মানিকতলা পুরসভার চেয়ারম্যান নিযুক্ত হন। ৬.১১.২৯৪ সালে জোড়া শিব মন্দিরটি প্রতিষ্ঠা লাভ করে। আটচালা দ্বি তৈরি ছিল এই মন্দির দুটো প্রতিষ্ঠা লাভ করেছিল। পরে লক্ষ্মী মন্দির প্রতিষ্ঠা লাভ করে। লক্ষ্মী নারায়ণ বিথটি প্রতিষ্ঠা লাভ করেছিল ১৯৫৫ সালে। শিব মন্দিরের নাম দেওয়া হয়েছিল কুবেরায়। দেবী আনন্দময়ী মূর্তিও প্রতিষ্ঠা লাভ করে এখানে। শিলালিপিতেও কষ্টি পাথরের তৈরি মূর্তি পাওয়া যায়। গিয়েছে। বেলেঘাটা জোড়া শিব মন্দিরের নাম বাংলায় ছড়িয়ে গিয়েছে। বাংলার গ্রাম গ্রামান্তরে জোড়া শিব মন্দিরের নাম গুনতে পাওয়া যায়। কলকাতায় আবার বেশ কয়েকটি স্থানে জোড়া শিব মন্দির রয়েছে। বোহালায় জোড়া শিব মন্দির। এবং আমতলার জোড়া শিব মন্দির দেখে তে পাওয়া যায়। এমনকী কেশব চন্দ্র সেন স্ট্রিটেও জোড়া শিব মন্দির রয়েছে। এই শিব মন্দির নিয়ে গর্ব করে বেলেঘাটার মানুষেরা।

ভারতে রামায়ণের যুগেও বিমান ছিল

(পূর্ব প্রকাশের পরের অংশ)
বিজ্ঞান চলে বাস্তবের ওপরে ভিত্তি করে। আর পৌরাণিক কাহিনীগুলো হচ্ছে অতিরিক্ত কল্পনা। তার কোনও বাস্তব ভিত্তি নেই। একেবারে গালগল্প ছাড়া। কবি কল্পনা করতে পারেন। কিন্তু কবির কল্পনাকে বিজ্ঞানীরা প্রাধান্য দিচ্ছেন এটা মনে করার মধ্যে একটি আঁত ধারনা নিশ্চয় রয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদাদের দাস মেদি বলেছেন, ভারতের পৌরাণিক কাহিনীর মধ্যে যে সব তথ্য রয়েছে তা বর্তমান চিকিৎসা জগতে সেগুলোর রূপরেখা দেখতে পাই। অতীতে চিকিৎসা ব্যবস্থাকে নির্ভর করে বর্তমান জগতে চিকিৎসা ব্যবস্থা পরিচালিত হচ্ছে। তিনি যুক্তি দিয়েছেন, মহাভারতের বর্ণনা অনুযায়ী কর্ণের জন্ম মাতৃগর্ভে হয়নি। এর অর্থ হল সেই সময়ে জেনেটিক সায়েন্স সভ্যতায় প্রয়োগ করতেন। ভারতের আয়ুর্বেদ চিকিৎস এর ওপরে ভিত্তি করে গড়ে ওঠে। এই সব মুখিষথিরা গাছ গাছালি চিনতেছেন। তারা সেই সব গাছের ডাল কিংবা পাতা বটে রোগীদের খেতে দিতেন এবং রোগীরা সুস্থ হয়ে উঠত। যেমন রামায়ণের লক্ষণকে শক্তিশেল মারার পর যখন যখন অবস্থা একেবারে মরণাপন্ন ঠিক সেই সময়ে বীর হনুমান গন্ধমাদান পর্বত নিয়ে এসে উপস্থিত হলে। সে কিন্তু গাছ চিনতেছেন। পর্বতের গাছ চিনতে সেই সময়কার চিকিৎসকেরা। লক্ষণকে সুস্থ করে তোলা হল।

ঘর- গেরস্থালি

শাকসবজি কাটার জন্য চর্পিং বোর্ড ব্যবহার করলে সাবধান হোন



পাস্টে গিয়েছে বাঙালির রান্নার পদ্ধতি। তবে হেঁশেলে আগুন জ্বলে, তার কারণ হল গ্যাসের দাম। তার মণ্ডেও বাড়ির রান্না ঘরের লোকপুলোর রান্না করার বা সবজি কাটার কথা বলতেই হয়। তাই বলা-এখন বাঁটির থেকে ছুঁরির চল বেশি। আর ছুঁরির সঙ্গেই রান্নাঘরে ঢুকে পড়েছে চপিং বোর্ড নামের জিনিসটা। শাকসবজি থেকে মাছমাংস, সবই এতে রেখে কাটা সহজ বলে মনে করেন অনেকে। কিন্তু তাঁরা কি জানেন, এই চপিং

বোর্ড হাতে পারে শা রী রিক অসুস্থতা র কারণ! সঠিক ব্যবহার না জানলে চপিং বোর্ড আপনার পক্ষে বিপজ্জনক হতে পারে, এমনটাই জানাচ্ছেন বিশেষজ্ঞরা। কীভাবে? জেনে নিন-
বারবার ব্যবহার হতে থাকে চপিং বোর্ড। কিন্তু কাজ হয়ে গেলে তা অনেকেই ঠিকভাবে ধুয়ে রাখেন না। এতে শাকসবজি কিংবা মাছ- মাংসের টুকরো জমে যায়। তাতে পচন ঘটা ফলে ক্ষতিকারক ব্যাক্টিরিয়ার জন্ম হয়। এমনটা হলে পেটের সমস্যা হতে পারে। আর এতে ডায়াবেটিস রোগীদের ক্ষতি হতে পারে।
কি করবেন, তা পরিষ্কার রাখবেন। প্রতিবার শাকসবজি

কতটা জল বা সার প্রয়োজন বাড়িতে রাখা গাছের? জেনে রাখুন তথ্য



বাড়িতে সকলেই প্রায় ছোট্ট ছোট্ট গাছ লাগান। তাতেই ঘরের ভেতরের সৌন্দর্য্য বেড়ে যায়। সবুজ পাতাগুলি ক্লান্ত চোখে আনাম দেয়। কিন্তু রোদ-বৃড- বৃষ্টিতে এই গাছগুলিকে বাঁচিয়ে রাখাই যেন দায় হয়ে পড়ে। হাজার চেষ্টা করেও কোনও লাভ হয় না। এমন পরিস্থিতি আপনার হলে কয়েকটি ভুল অবশাই মাথায়

রাখতে হবে। গাছে জল তো প্রয়োজন। তবে অতিরিক্ত জলের কোনও প্রয়োজন নেই। অনেকেই উচ্ছসিত হয়ে গাছে ঘন ঘন জল দিয়ে ফেলেন। এতে গাছের ক্ষতি হয়। প্রত্যেক গাছের আলাদা পরিমাণ জল গ্রহণ করার ক্ষমতা রয়েছে। তা বুঝে তবেই জল টবে দিন। জলের পাশাপাশি গাছের আলোরও প্রয়োজন হয়। কোনও

ফ্রিজও সাজিয়ে রাখতে হবে

বাড়ির সবচেয়ে প্রয়োজনীয় জিনিসগুলো মার্মেমধ্যে সবচেয়ে অনাদরে, অগোহালাভাবে রাখার অভ্যাস রয়েছে অনেকেই। ফ্রিজও অনেকটাই সে রকম। অন্দরসজ্জায় ফ্রিজের স্থান নির্বাচন বেশ গুরুত্বপূর্ণ। ফ্রিজের ভেতরের এবং বাইরের সাজও হতে হবে পরিপাটি। ফ্রিজ ছাড়া শহুরে অন্দর যেন কল্পনাই করা যায় না। রুচি আর সৌন্দর্য্যবোধ বজায় রেখে কীভাবে ফ্রিজের দরজা, হাতল আর ওপরের অংশ মনের মতো করে সাজাবেন, পরামর্শ দিলেন এক ইন্টেরিয়ার ডিজাইনার।
রং-রঙের ফ্রিজ- বাড়ির সবচেয়ে প্রয়োজনীয় জিনিসগুলো মার্মেমধ্যে থাকে সবচেয়ে অনাদরে থাকে। ফ্রিজও অনেকটাই সে রকম। ঘরসজ্জায় ফ্রিজের স্থান নির্বাচন বেশ গুরুত্বপূর্ণ। ফ্রিজের ভেতরের এবং বাইরের সাজও হতে হবে পরিপাটি। ছোট্ট অন্দরে গাঢ় রঙের ফ্রিজ না রাখাই ভালো। ফুলেল কিংবা বাহারি নকশা করা ফ্রিজও ছোট্ট অন্দরের জন্য নয়। এসব ফ্রিজে অন্দরকে আরও সংকীর্ণ দেখায়। প্রশস্ত অন্দরে এমন নকশার ফ্রিজ বেছে নিতে পারেন, যা অনান্য্য অনু্ষন্দের মাঝে মানানসই। অন্যদিকে, সাাদা, চাপা সাাদা কিংবা অন্য কোনো হালকা রঙের ফ্রিজের সুবিধা হলো, এমন রঙের কারণে অন্দরটাকে তুলনামূলক বড় দেখায়। তা ছাড়া হালকা রঙের ওপর ময়লা হলে সহজেই চোখে পড়ে, এই কারণে অল্পতেই পরিষ্কার করে ফেলা যায়। ময়লা জমে যাওয়ার আশঙ্কা থাকে না। কাজের সুবিধামাফিক ফ্রিজের জায়গা নির্ধারণ করুন। এমনিতে

সাধারণত খাবার ঘরেই ফ্রিজ রাখা হয়। রান্নাঘরটা বড়সড় হলে সেখানেও রাখা যায়। অনেক বাড়িতে একাধিক ফ্রিজও থাকে। আবার কোনো বাড়িতে থাকে আলাদা ডিপ ফ্রিজ। একাধিক ফ্রিজ থাকলে করিডর বা কোনো আলাদা কোণকে কাজে লাগাতে পারেন। তবে এমন কোথাও না রাখাই ভালো, যেখানে রাখা হলে দরজা খোলামাত্রই ফ্রিজের ভেতরটা বাইরের লোকের চোখে পড়বে। আবার এমন কোথাও রাখা ঠিক নয়, যাতে ফ্রিজ থেকে কিছু বের করে অতিথির বসার ঘর কিংবা খাবার জায়গার ভূমানে দিয়ে রান্নাঘরে যেতে হয়। করিডর বা কোনো কোণে ফ্রিজ রাখলে সেটিও ব্যবহার অনুসারে খাবারঘর বা রান্নাঘরের কাছাকাছি রাখুন। একাধিক ফ্রিজের ক্ষেত্রেও স্থান বরাদ্দের সময় কাজের সুবিধাটাই খেয়াল রাখুন। খাবারঘরের ফ্রিজ থেকে খাবার বের করে টেবিলে পরিবেশন করা সুবিধাজনক, প্রয়োজনে মাইক্রোওয়ে ওভেনে গরমও করে নেওয়া যায়। তাই রান্না করা খাবার, খাবার জল, পানীয়, ফলমূল, আইসক্রিমও মিস্ট্রাম রাখতে পারেন খাবারঘরের ফ্রিজে। আর রান্নাঘরে ফ্রিজ রাখা হলে সেটিতে রাখুন চাঁচা খাবার। ডিপ ফ্রিজও রান্নাঘরে রাখতে পারেন। যে ভিত্তির ওপর ফ্রিজ রাখা হবে, ফ্রিজের রং কিংবা অন্দরের দেওয়ালের রঙের সঙ্গে মিল রেখে সেটির রং বেছে নিন। ফ্রিজ কোম্পানির নির্দেশনামাফিক দেওয়াল থেকে ৬ ইঞ্চি দূরে স্থানন করুন ফ্রিজ। জানালার কাছে কখনই রাখবেন না।

রাশিয়ার চারটি ক্রুজ

ক্ষেপণাস্ত্র ও ১০টি ড্রোন ভূপাতিত করেছে ইউক্রেন, দাবি সেনার

কিয়েভ, ৯ জুন : রাশিয়ার চারটি ক্রুজ ক্ষেপণাস্ত্র ও ১০ টি ড্রোন ভূপাতিত করেছে। শুক্রবার সকালে ইউক্রেনের বিমানবাহিনী এক বিবৃতিতে এই খবর জানিয়েছে। বিবৃতিতে বলা হয়, রাশিয়ার বাহিনী হামলা চলাকালে ১৬ টি ড্রোন ও ছয়টি ক্রুজ ক্ষেপণাস্ত্র ছোড়ে। এতে আরও বলা হয়, অন্য দুটি ক্রুজ ক্ষেপণাস্ত্র বৃহস্পতিবার সন্ধ্যায় আগের হামলার সময় মধ্য ইউক্রেনের একটি বেসামরিক বস্তুতে আঘাত করে। এদিকে পশ্চিম সোলেস্ক অঞ্চলে ত্রিচ লড়াইয়ে সফলতা পাওয়ায় সেনাবাহিনীর প্রশংসা করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি।

কিয়েভ, ৯ জুন : রাশিয়ার চারটি ক্রুজ ক্ষেপণাস্ত্র ও ১০ টি ড্রোন ভূপাতিত করেছে। শুক্রবার সকালে ইউক্রেনের বিমানবাহিনী এক বিবৃতিতে এই খবর জানিয়েছে। বিবৃতিতে বলা হয়, রাশিয়ার বাহিনী হামলা চলাকালে ১৬ টি ড্রোন ও ছয়টি ক্রুজ ক্ষেপণাস্ত্র ছোড়ে। এতে আরও বলা হয়, অন্য দুটি ক্রুজ ক্ষেপণাস্ত্র বৃহস্পতিবার সন্ধ্যায় আগের হামলার সময় মধ্য ইউক্রেনের একটি বেসামরিক বস্তুতে আঘাত করে। এদিকে পশ্চিম সোলেস্ক অঞ্চলে ত্রিচ লড়াইয়ে সফলতা পাওয়ায় সেনাবাহিনীর প্রশংসা করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি।

গন্ডোলায় আটকে পড়া ২৫০ পর্যটককে উদ্ধার করল পুলিশ

বারামুন্লা, ৯ জুন : শুক্রবার গুলমার্গ রিসর্টে গন্ডোলা হ্রিডের সময় আটকে পড়া ২৫০ পর্যটককে উদ্ধার করেছে পুলিশ। সবাই নিরাপদে রয়েছে বলে জানা গিয়েছে। পুলিশ জানায়, গন্ডোলায় চড়ে আড়হিশ পর্যটক ফিরছিলেন। এদিকে, ক্যালক কােরে আকস্মিক জটীর কারণে গন্ডোলা ফেজ-২-এ আটকে পড়েন সব পর্যটক। গুলমার্গের এসএইচও ইন্সপেক্টর ইরশাদ আহমেদের নেতৃত্বে পুলিশের উদ্ধারকারী দল গন্ডোলা কার কর্পোরেশনের কর্মচারীদের সহায়তায় সবাইকে উদ্ধার করে। পর্যটকরা তাদের সময়মত সাহায্যের জন্য বারামুন্লা পুলিশের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

বর্ষাকালীন সতর্কতা বাড়াতে নির্দেশ পূর্ব রেলের জেনারেল ম্যানেজারের

কলকাতা, ৯ জুন : আসন্ন বর্ষা মরশুমের শুরুতে, পূর্ব রেলওয়ে মহাব্যবস্থাপক, শ্রী অমর প্রকাশ দিবেদীর নেতৃত্বে, তার অধিায়ারে ভারী



প্রবল বৃষ্টিপাতের পরিস্থিতি মোকাবিলা করার জন্য পৃ থিত রো।ম্ লক রক্ষণাবেক্ষণ এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। বুদ্ধিপূর্ণ গাছ কাটা, রেলবার চিক করা, ক্যাচ ওয়াটারসাইড ড্রেন পরিষ্কার করা, বর্ষা টহলের প্রস্তুতি, বুদ্ধিপূর্ণ স্থানে সৈশ্যনানী প্রহরী নিয়োগ সহ বর্ষাকালীন সতর্কতা এই রেলওয়ে দ্বারা পরিকল্পনা করা হয়েছে। সম্প্রদায়ের রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় আইটেমগুলির বর্ষা সরক্ষণের প্রাপ্যতার বিধান করা হয়েছে। মহাব্যবস্থাপক সমস্ত রক্ষণাবেক্ষণ কর্মীদের হাই অ্যালাটে রাখার নির্দেশ দিয়েছেন। গুরুত্বপূর্ণ বিভাগে ২৪ ঘণ্টা টহল চালাতে হবে। বিশেষ পুনঃবিকরণের কাজগুলি সম্পাদন করার সময় নৈদান্তিক কাজের সময় নিরাপত্তার উপর জোর দেওয়ার জন্য, জেনারেল ম্যানেজার কঠোরভাবে মেনে চলার জন্য নির্মালিখিত সমস্ত সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন রক্ষণাবেক্ষণ কার্যক্রমের জন্য যে মাঠ কর্মকর্তাদের প্রদান করা হয়েছে তাদের অবশ্যই রক্ষণাবেক্ষণ কার্যক্রমে জন্া ব্যবহার করতে হবে। এছাড়াও, এটি নিশ্চিত করতে হবে যে তারা রক্ষণাবেক্ষণ এবং কাজের সাইটে সর্বাধিক সময় ব্যয় করে। ২. প্রধান কর্মকর্তারা রক্ষণাবেক্ষণ ওয়ার্কসাইটের সমস্ত দিক কভার করে পরিদর্শন করবেন এবং কাজ সঠিক ও নিরাপদ সম্পাদনকার জন্য জুনিয়র ইঞ্জিনিয়ার সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ারদের গাইড করবেন। তাদের উপাদান, জনবল এবং অন্যান্য সম্পদের প্রাপ্যতা নিশ্চিত করে মাঠ কর্মকর্তাদের সুবিধা প্রদান করা উচিত। পরিদর্শনের ফোকাস শুধুমাত্র ঘাটতি খুঁজে বের করাই নয়, মাঠ কর্মীদের সাহায্যগাইড করার মাধ্যমে এগুলো পূরণ করাও উচিত।

দীর্ঘ আলোচনার পর প্রণীত হয়েছে নতুন শিক্ষানীতি, যুবকদের দক্ষতা বিকাশে দেওয়া হয়েছে জোর ঃ অনুরাগ ঠাকুর

জলন্ধর, ৯ জুন : শিক্ষা সেক্টরকে শক্তিশালী করার জন্য শিক্ষাবিদদের প্রতি আহ্বান জানানেন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। শুক্রবার তিনি উস্তর বিচার আশ্রমদকর ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি (এনআইটি) জলন্ধরে স্কুলে সাম্প্রতিক অগ্রগতির তিন দিনের জাতীয় সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, যা শিক্ষা মহাকুস্ত নামেও পরিচিত। এনআইটি জলন্ধর এবং অন্যান্য প্রধান শিক্ষা প্রতিষ্ঠানের সহযোগিতায় তিন দিনের সম্মেলনের আয়োজন করছে সর্বহিতকারী শিক্ষা সমিতি পাঞ্জাব। সর্বহিতকর শিক্ষা সমিতির প্রচেষ্টার প্রশংসা করে তিনি বলেন, দীর্ঘ আলোচনার পর নতুন শিক্ষানীতি তৈরি করা হয়েছে। এটি যুবকদের দক্ষতা বিকাশের উপর দৃষ্টি নিবদ্ধ করে। মন্ত্রী বলেন, পুরাতন গুরুত্বল শিক্ষা ব্যবস্থাকে আধুনিক শিক্ষা ব্যবস্থার সঙ্গে একীভূত করার পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি জোর দিয়ে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দক্ষ নেতৃত্বে কেন্দ্রীয় সরকার দেশের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ।

মৃদু ভূমিকম্পে কেঁপে উঠল লাদাখ, কম্পনের তীব্রতা ৩.৯

শ্রীনগর, ৯ জুন : মৃদু তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখ। শুক্রবার সকালে ৩.৯ তীব্রতা ভূমিকম্প অনুভূত হয় লাদাখে। ভূমিকম্পের তীব্রতা অসংক্ষাকৃত কম থাকায় ক্ষয়ক্ষতির কোনও খবর পাওয়া যায়নি। ন্যাশনাল সেটার ফর সিসমোলজি জানিয়েছে, শুক্রবার সকাল ১০.২৩ মিনিট নাগাদ ৩.৯ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয় লাদাখে। ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার গভীরতায় ছিল উপকেন্দ্র। মৃদু তীব্রতার এই ভূমিকম্পে ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি কোথাও।



নিজের বাড়ি সাজাতে চাইছেন সে বিষয়ে মিশ্রি কিংবা ইন্টেরিয়ার ডিজাইনারের সঙ্গে স্পষ্টভাবে কথা বলে নিন। ঠিকঠাক আলোচনা না হলে আপনারই ক্ষতি। সাধের বাড়ি সেজে ওঠার পরিবর্তে নিতে পারে ভয়ংকর রূপ। এখন ইন্টারনেটের যুগ। এক ফ্রিকেই জানা যেতে পারে সমস্ত তথ্য। আর তাই টিউটোরিয়াল ভিডিও দেখে নিয়ে সমস্ত কাজ নিজে নিজেই করতে চান অনেকে। তবে বাড়ি নতুন করে সাজানোর সময় সব কাজ নিজে করতে যাবেন না। টাকা একটু বেশি খরচ হলেও বিশেষজ্ঞের সাহায্য নিন।

ইউক্রেনের বন্যায় বিধ্বস্ত অঞ্চলে গেলেন জেলেনস্কি, মৃত অস্তত ৫

কিয়েভ, ৯ জুন : ইউক্রেনের একটি বাঁধ উড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছিল রাশিয়ার বিরুদ্ধে। বাঁধ ভেঙে যাওয়ায় প্রবল বন্যায় ইতিমধ্যেই পাঁচজনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। নিরাপদ আশ্রমে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে ৪ হাজার মানুষকে। বৃহস্পতিবার পরিস্থিতি খতিয়ে দেখতে ঘটনাস্থলে যান ইউক্রেনের প্রেসিডেন্ট ভল্দাদির জেলেনস্কি। ক্ষতিগ্রস্থদের জন্য আর্থিক সাহায্য দেওয়ার কথাও ভাবছে ইউক্রেন প্রশাসন। রাশিয়ার দখলে থাকা দক্ষিণ ইউক্রেনের নোভা কাসোভকা শহরের এই বাঁধটি সোভিয়েত আমলের। ১৯৫৬ সালে তৈরি। ৩০

শিয়ালদহ বিভাগে ১৩৭তম ইউজারস কনসালটেটিভ কমিটির সভা অনুষ্ঠিত



কলকাতা, ৯ জুন : ৭.০৬.২০২৩ তারিখে বিভাগীয় সদর দফতরে পূর্ব রেলের শিয়ালদহ বিভাগ দ্বারা ১৩৭ তম ডিভিশনাল রেলওয়ে ইউজারস কনসালটেটিভ কমিটি (ডিআরইউসিসি)-র সভা অনুষ্ঠিত হয়েছিল। মোট দশ (১০) ডিআরইউসিসি সদস্য সভায় উপস্থিত ছিলেন। শ্রী দীপক নিগম, ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার শিয়ালদহ এবং (ডিআরইউসিসি) এর চেয়ারম্যান এবং শ্রীমতি অঞ্জল, সিনিয়র ডিসিএম শিয়ালদহ ডিআরইউসিসি সদস্যদের স্বাগত জানান। সভায় এডিআরএমসহ অন্যান্য শাখার কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে, স্টেশনের পরিষ্কার - পরিচ্ছন্নতা, স্যানিটেশন, স্বাস্থ্যবিধির মতো যাত্রীদের

‘এআই নিয়ন্ত্রণ করবে সরকার’: মন্ত্রী রাজীব চন্দ্রশেখর

নয়াদিল্লি, ৯ জুন : কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স ডিজিটাল নাগরিকদের যাতে কোনও ক্ষতি করতে না পারে, তা নিশ্চিত করতে এই প্রযুক্তিকে নিয়ন্ত্রণ করবে কেন্দ্র সরকার। শুক্রবার এমনটাই জানানো হল কেন্দ্রীয় তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী রাজীব চন্দ্রশেখর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমলে গত ৯ বছরে ভারত ডিজিটালাইজেশনের প্রেক্ষিতে কতদূর এগিয়েছে শুক্রবার সেই বিষয়ে একটি

প্রেজেন্টেশন দেন রাজীব চন্দ্রশেখর। সেই উপস্থাপনার সময় রাজীব চন্দ্রশেখর বলেন, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স ডিজিটাল নাগরিকদের যাতে কোনও ক্ষতি করতে না পারে, সেই উদ্দেশ্যে এই প্রযুক্তিকে নিয়ন্ত্রণ করবে কেন্দ্র সরকার। তাঁর কথায়, “ইন্টারনেটে বিবাক্ত পরিস্থিতি এবং অপরাধ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ডিজিটাল নাগরিকদের ক্ষতি করার চেষ্টা আমরা সফল হতে দেব না।” তিনি

বলেন, ৮৫ কোটি ভারতীয় ইন্টারনেট ব্যবহার করে, ২০২৫ সালের মধ্যে যে সংখ্যাটা ১২০ কোটিতে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে। ইন্টারনেট থেকে ব্যবহারকারীদের ব্যক্তিগত তথ্য হাতিয়ে অপরাধের সংখ্যা বাড়ছে। এই বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন মন্ত্রী। তিনি বলেন, ডক্সিংয়ের মতো অপরাধ বাড়ছে। আইনশৃঙ্খলা রক্ষার বিষয়, কেন্দ্র এবং রাজ্য সরকারকে এই বিষয়ে কঠোরভাবে কাজ করতে হবে।

দুরন্ত বাতী

দক্ষিণ- পূর্ব রেলের উন্নয়নমূলক কাজের কারণে ট্রেনের নিয়ন্ত্রণ চক্রধরপুর ডিভিশনে

কলকাতা, ৯ জুন : দক্ষিণ - পূর্ব রেলওয়ের চক্রধরপুর ডিভিশনের আসানবানি এবং গোবিন্দপুর স্টেশনের মধ্যে প্রস্থাবিত সাধারণ উচ্চতার সাবওয়েতে গাড়ীর চালু করার জন্য ট্র্যাফিক-কাম-পাওয়ার ব্লকের পরিপ্রেক্ষিতে, নিম্নলিখিত ট্রেনগুলিকে নিয়ন্ত্রিত করা হবে ট্রেন বাতিল ১) ০৮০৫৫ / ০৮০৫৬ খড়গপুর-টাঁটানগর খড়গপুর মেনু স্পেশাল ১১.০৬.২০২৩ তারিখে বাতিল থাকবে। ২) ০৮০৭১ / ০৮০৭২ খড়গপুর -তারানগর - খড়গপুর প্যাসেঞ্জার স্পেশাল ১১.০৬.২০২৩ তারিখে বাতিল থাকবে। ৩) ০৮১৫১ / ০৮১৫২ টাঁটানগর- বরকাকানা - টাঁটানগর প্যাসেঞ্জার স্পেশাল ১১.০৬.২০২৩ তারিখে বাতিল থাকবে। ট্রেনের পুনঃনির্ধারণ ১) ১২৮৭২ টিটলাগড়- হাওড়া ইম্পাত এক্সপ্রেস ১১.০৬.২০২৩ তারিখে ০৫.১৫ ঘট্টার পরিবর্তে ০৮.২ মিনিটে তিতলাগড় থেকে ছেড়ে যাওয়ার জন্য পুনরায় নির্ধারিত হবে। ট্রেনের শর্ট টার্মিনেশনশর্ট অরিজিনেশন ১) ০৮১৭৩ আসানসোল- টাঁটানগর প্যাসেঞ্জার স্পেশাল, ১১.০৬.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা, পুরুলিয়াতে সংক্ষুণ্ডভাবে শেষ হবে। ২) ০৮১৭৪ টাঁটানগর- আসানসোল প্যাসেঞ্জার স্পেশাল, ১১.০৬.২০২৩ তারিখে যাত্রা শুরু, পুরুলিয়া থেকে সংক্ষিণ্ড হবে।

যাত্রী সুবিধার্থে দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ পর্যন্ত স্বাভাবিক পরিষেবা পুনরায় চালুর সিদ্ধান্ত

কলকাতা, ৯ জুন : মেট্রো চলাচলের নিরাপত্তা নিশ্চিত করার জন্য মেট্রো রেলওয়ে একটি বিশাল ট্র্যাক রক্ষণাবেক্ষণ এবং পুনঃ বীকরণের কাজ হাতে নিয়েছে। নীল করিডোরে ০৬.০৫.২০২৩ থেকে যাত্রীদের অসুবিধার জন্য সত্তাঘাতে এই রক্ষণাবেক্ষণের কাজটি চলছিল। এখন যেহেতু এই রক্ষণাবেক্ষণের কাজ সমাপ্তির কাছাকাছি, তাই শনিবার পরিষেবার নিয়ম বাতিল করার এবং ১০.০৬.২০২৩ থেকে দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ পর্যন্ত পুরো অংশে স্বাভাবিক পরিষেবাগুলি পুনরায় চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই রানের রক্ষণাবেক্ষণের কাজগুলি মেট্রো করিডোরে মসৃণ পরিষেবা এবং শূন্য ট্র্যাক ব্যর্থতা নিশ্চিত করেছে। এখন থেকে, ব্লু লাইনে এই ট্র্যাক রক্ষণাবেক্ষণের কাজ শুধুমাত্র রবিবারে হবে।

Name Change
I SUBHAS CHANDRA AGARWAL ALIAS SUBAS CH AGARWAL ALIAS SUBHAS AGARWAL ALIAS SUBHASH CHANDRA AGARWAL S/O RAMESHWAR DAS AGARWAL R/O DAS PARA DUTTA PARA GOPAL BABA MATH AKSHAY SANGHA CLUB PO BARUIPUR,SOUTH 24 PARGANAS PIN: 700144, WEST BENGAL, INDIA. SHALL HENCEFORTH BE KNOWN AS SUBHASH AGARWAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/06/2023. SUBHAS CHANDRA AGARWAL ALIAS SUBAS CHAGARWAL ALIAS SUBHAS AGARWAL ALIAS SUBHASH CHANDRA AGARWAL AND SUBHASH AGARWAL ONE AND SAME IDENTICAL PERSON.

Name Change
I, CHHABIRANI SHIL (old name) W/O SUBHAS SIL Resident of Gobra Vivekananda Pally, PO- Chandialia WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) CHHABI SIL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 09/06/2023. CHHABIRANI SHIL and CHHABI SIL both are same and one identical person.

Name Change
I, MD SAKIB MISTRY (old name) S/O SERAJUL MISTRY (Old Name) Resident of Vil-Rajjagohalia, P.O-Dostonia, PS- Bishnupur, Dist-S/ 24 Pgs-743503 WEST BENGAL, India I have changed my & my father's name to (shall henceforth be known as) SAKIB MISTRY S/o SIRAJUL MISTRY, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 09/06/ 2023. MD SAKIB MISTRY S/O SERAJUL MISTRY and SAKIB MISTRY S/o SIRAJUL MISTRY both are same and one identical person.

Name Change
I, BIPIUL KUMAR AGARWAL S/O SUBHASH AGARWAL R/O DAS PARA DUTTAPARAGOPALBARUAMATHAKSHAY SANGHA CLUB PO BARUIPUR,SOUTH 24 PARGANAS, PIN: 700144, WEST BENGAL, INDIA SHALL HENCEFORTH BE KNOWN AS BIPUL AGARWAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/06/2023.BIPUL KUMAR AGARWAL AND BIPUL AGARWAL ONE AND SAME IDENTICAL PERSON.

Name Change
I, VIJAY SREE BAHETY & VIJAYSHREE BAHETY (old name) W/O INDR KUMAR BAHETY Resident of 35A, Darpanarayan Tagore Street, PO- Beadon Street, PS-Jorabagan, Kolkata- 700008 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) VIJAY SHREE BAHETY, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 08/06/2023. VIJAY SREE BAHETY & VIJAYSHREE BAHETY and VIJAY SHREE BAHETY both are same and one identical person.

Name Change
I, INDRAJIT ROY CHAUDHURI, SON OF LATE BHABESH RAOY CHAUDHURI , RESIDENT OF M/3,VIDYASAGAR NIKETAN, SALT LAKE CITY,SEC-1, KOLKATA- 700064, HAVE CHANGED MY NAME TO INDRAJIT RAY CHAUDHURI AND I SHALL HEREAFTER BE KNOWN AS INDRAJIT RAY CHAUDHURI.

Name Change
I, ASHOK CHAKRABARTY (old name) S/O LATE NIGAMANANDA CHAKRABARTY Resident of Vill-Bhogpur, PO- Bhogpur, PS- Kolaghat, Dist- Purba Medinipur, Pin-721151 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) ASHOK KUMAR CHAKRABARTY, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 08/06/2023. ASHOK CHAKRABARTY and ASHOK KUMAR CHAKRABARTY both are same and one identical person.

Name Change
I, NESANG LOPCHAN (old name) W/O GOPAL TAMANG Resident of WARD NO 5 KRISHNANAGAR MIRIK 734214 DARJEELING WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) NESANG TAMANG, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 09/06/ 2023. NESANG LOPCHAN and NESANG TAMANG both are same and one identical person.

Name Change
I, TAPAN KUMAR HALDER (old name) S/O LATE ANANTA HALDER Resident of Vill- Jioncha, PO- Saduhath, PS-Ramagar, Pin-743504, Dist-South 24 Pgs WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) TAPAN HALDER, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 09/06/2023. TAPAN KUMAR HALDER and TAPAN HALDER both are same and one identical person.

Name Change
I, MANJUR ALAM (old name) S/O Late Abdul Jahur Resident of 11C, Tiljala Shibtala Lane, 1st Floor, PO& PS: Tiljala, Kolkata - 700039 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) MD MANJOOR ALAM, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 09/06/2023. MANJUR ALAM and MD MANJOOR ALAM both are same and one identical person.

Name Change
I, KHYATI SUMEET BANSAL (old name) S/O SUMEET KUMAR BANSAL Resident of 10/7, GIRISH GHOSH ROAD, LILUAH, HOWRAH- 712004 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) KHYATIS BANSAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 09/06/2023. KHYATI SUMEET BANSAL and KHYATIS BANSAL both are same and one identical person.

স্বামী - স্ত্রীর রহস্যজনক মৃত্যুতে শোকের ছায়া পরিবারে

দুরন্ত বার্তা, কোচবিহার, ৯ জুন : কোচবিহারের মেশলিগঞ্জের রানীরহাটে রহস্যজনক ভাবে মৃত্যু হলো স্বামী- স্ত্রীরা খুন নাকি অন্য কিছু তদন্তে



পুলিশ। শুক্রবার, সকাল ছয়টায় পরিবারের লোকেরা দেখতে পান ওই দম্পতির নিখর দেহ পড়ে রয়েছে শোবার ঘরের মধ্যে। এরপর, পরিবারের লোকজন ও প্রতিবেশীরা ছুটে আসে। খবর পেয়ে ঘটনাস্থলে আসে মেশলিগঞ্জ থানার পুলিশ ও কোচবিহারের অতিরিক্ত পুলিশ সুপার অমিত ভার্মা।

মৃত ব্যক্তির নাম রাজ কুমার হরিজন (৩৫), তার স্ত্রীর নাম মঞ্জু হরিজন (২৬)। তাদের দুই জন কন্যা। সন্তান রয়েছে। মৃত যুবকের পরিবার সূত্রে জানা গেছে রাজ কুমার হরিজন পেশায় একজন মুচি। কিন্তু, সেই কাজে রাজগার কমে এসেছে, প্রতিনিয়ত মদ্য পান করছেন ও স্বামী -স্ত্রীর মধ্যে কামেলা চলত। এই কামেলায় জেরে গৃহবধূকে বাপের বাড়িও চলে যেতেন। গৃহবধুর মা বলেন তার জামাই প্রায় দিনেই মদ্যপান করত ও তার মেয়ের উপর চলত অত্যাচার। রাজকুমার হরিজনের মা সুকমনি হরিজন বলেন, তার ছেলের টিভি রোগ রয়েছে। কিভাবে এই ঘটনা হলো তা বুঝতে পারছেন না। তাদের অডাব চলত। কোচবিহারের অতিরিক্ত পুলিশ সুপার অমিত ভার্মা জানিয়েছেন দুজনের দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। তদন্ত চলছে।

শিলিগুড়িতে শুরু হল সপ্তম গীতাঞ্জলি ম্যাংগো ফেস্টিভ্যাল



দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৯ জুন : শুক্রবার থেকে শিলিগুড়িতে শুরু হল সপ্তম গীতাঞ্জলি ম্যাংগো ফেস্টিভ্যাল। তিনদিন চলবে এই ফেস্টিভ্যাল। দেশ ও বিদেশ থেকে বিভিন্ন ধরনের আম রয়েছে। এই ফেস্টিভ্যালো পুরো পশ্চিমবঙ্গ সহ বাংলাদেশ, ভুটান, নেপাল থেকে বিভিন্ন প্রজাতির আম এই ফেস্টিভ্যালের আনা হয়েছে। আমের বিভিন্ন স্টল রয়েছে এখানে। নেপাল টুরিজমের সহযোগিতায় ভারতীয় একটি সংগঠন এই ফেস্টিভ্যালের আয়োজন করেছে। এই ফেস্টিভ্যালের মধ্য দিয়ে আম খাওয়া ও আমের সঙ্গে যুক্ত চাষিদের উন্নয়নে ও এই ফল যাতে অশ্রান্ত ফেরিটজ তকমা পায় তার চেষ্টা করা হচ্ছে। বিভিন্ন চাষীরা তাদের নিজেদের চাষ করা আম নিয়ে এসেছে। শুক্রবার দুপুরে আনুষ্ঠানিকভাবে এই ফেস্টিভ্যালের উদ্বোধন করা হয়।

স্বীকে কুপিয়ে পালানোর পরদিনই স্বামীর বুলন্ত দেহ উদ্ধার চোপড়ায়

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ৯ জুন : উত্তর দিনাজপুরের চোপড়ায় ধনসিগাংঘে এলাকায় মদ্যপ অবস্থায় স্বীকে বুলন্ত করে আশু দিয়ে কোপ মেরে পালানোর অভিযোগ ছিল স্বামীর বিরুদ্ধে। ঘরপুস্তিভাবার এই ঘটনা ঘটেছে। এরপর পরদিনই শুক্রবার উদ্ধার হল স্বামীর বুলন্ত দেহও। অভিযোগ, পারিবারিক অশান্তির জেরে গতকাল চোপড়ার দাসপাড়া এলাকার কুলাগাঁও গ্রামের বাসিন্দা বছর পঞ্চাশের মহম্মদ সপিঞ্জদ্দিন দুয়েগের সামনে স্ত্রী মালেকা খাতুনকে খারাল অস্ত্র দিয়ে আঘাত করে। এরপর ওই ব্যক্তি সেখান থেকে পালিয়ে যান। মালেকা খাতুন জখম অবস্থায় উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এরই মধ্যে এদিন সকালে বাড়ির ৮ কিলোমিটারের মধ্যে ধনসিগাংঘে এলাকায় একটি গাছে মহম্মদ সপিঞ্জদ্দিনের বুলন্ত দেহ উদ্ধার হয়। স্থানীয়রা দেহটি দেখতে পেয়ে খবর দেন পুলিশে। চোপড়া থানার দাসপাড়া ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ইসলামপুর মহকুমা হাসপাতালে পাঠায়। কেনে ওই ব্যক্তি এমনটা করলেন বা এর পেছনে অন্য কোনও কারণ রয়েছে কিনা, তা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

রোলিং স্টকের উপযুক্ত রক্ষণাবেক্ষণ ও ট্রেনের নিরাপদ পরিচালনার জন্য উত্তর- পূর্ব সীমান্ত রেলের উদ্যোগ

মালিগাঁও, ৯ জুন : রোলিং স্টকের উপযুক্ত রক্ষণাবেক্ষণ ও ট্রেনের নিরাপদ পরিচালনার জন্য উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে একাধিক উদ্যোগ গ্রহণ করেছে। এই ধরনের উদ্যোগগুলির ফলে রোলিং স্টকের দক্ষতা ও সুরক্ষা বহুরের পর বছর বৃদ্ধি পেয়েছে। উত্তর- পূর্ব সীমান্ত রেলওয়ের



করার মতো গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উন্নত যাত্রী পরিষেবা নিশ্চিত করতে ডেমুর বিস্তার ঘটানো হয়েছে। এই সমস্ত আধুনিক কোচ চালু হওয়ার সময় সময়ে সময়ে রক্ষণাবেক্ষণ পদ্ধতি ও ক্ষমতা বৃদ্ধি করার ও প্রয়োজনীয়তা হয়ে পড়েছে। রোলিং স্টকের সুরক্ষিত ও সুগম পরিচালনার জন্য রোলিং স্টক ওয়ার্কশপগুলিতে এবং পরীক্ষা পয়েন্টগুলিতে উন্নতমানের রক্ষণাবেক্ষণ ও ওভারহোলিং করা হচ্ছে। রোলিং স্টকের সুরক্ষা বৃদ্ধি করার জন্য ২০২১-২২ সালে ৩৫৬ টি হাই স্পিড লিংকে হফমেন বুশ (এলএইচবি) কামরার তুলনায় ২০২২-২৩ সালে এই ধরনের ৫৭৩ টি কামরার পর্যায়ক্রমিক ওভারহোলিং (পিওএচট) করা হয়েছে, এই ক্ষেত্রে বৃদ্ধি ঘটেছে ৬২ শতাংশ। আগুনের জন্য যে কোনও বিহীনুদী ঘটনা প্রতিরোধের লক্ষ্যে এসি এলএইচবি কোচগুলিতে অটোম্যাটিক স্মোক / ফায়ার ডিটেকশন সহ ব্রেকিং সিস্টেম (এফডিবিএস)-এর ব্যবস্থা রয়েছে। সিস্টেমটি যদি আগে থেকে আগুন অথবা অগ্নি শনাক্ত করে এবং অ্যালার্ম বাজাতে শুরু করে তাহলে কোচের নীচে প্রদান করা ব্রেক ভাল্ভের মাধ্যমে ব্রেক প্রয়োগ করা। ২০২২-২৩-এর সময়সীমায় ৪৯ টি এলএইচবি এসি কোচে এফডিবিএস প্রদান করা হয়েছে। একইভাবে, এলএইচবি কোচের প্যান্টি ও পাওয়ার কারে অটোম্যাটিক ফায়ার ডিটেকশন কাম সাপ্রেশন সিস্টেম স্থাপন করা হয়েছে। জল, ফোম অথবা রাসায়নিক দ্রব্যের মতো ফায়ার সাপ্রেশন এজেন্ট প্রয়োগের মাধ্যমে সিস্টেমটি আগুন নোভানোর জন্য তৈরি করা হয়েছে। রক্ষণাবেক্ষণের জন্য গৃহীত একাধিক কাজ রেলওয়ে পরিচালনার নিরাপত্তার উন্নতির পাশাপাশি ট্রেনের যাত্রীদেরও উপকৃত করবে। যাত্রীদের উন্নতমানের সুযোগ-সুবিধা এবং উন্নত পরিকাঠামো প্রবর্তনের মাধ্যমে নিরাপদ ভ্রমণ অভিজ্ঞতা প্রদান করা হবে।

তীব্র দাবদাহে জলের জন্য হাহাকার, এলাকায় নেই কোন পিএইচই বা সাব মার্সিবল পাম্প



দুরন্ত বার্তা, মালদা, ৯ জুন : তীব্র দাবদাহে জলের জন্য হাহাকার। এলাকায় নেই কোন পিএইচই বা সাব মার্সিবল পাম্প। ৫০ টাকা দিয়ে জল কিনে খেতে হচ্ছে এলাকাবাসীকে। এমনটাই বিস্ফোরক অভিযোগ এলাকাবাসীরা। এদিকে দুয়ারে কড়া নাড়ছে পঞ্চায়েত ভোট। কিন্তু ভোট চলে এলেও জল সমস্যার সমাধান হয়নি। ভোটের আগে প্রতিশ্রুতির ডালি নিয়ে হাজির হবে বিভিন্ন রাজনৈতিক দল। কিন্তু আর কোন প্রতিশ্রুতিতে বিশ্বাস করতে নারাজ এলাকাবাসী। জলের সমস্যা সমাধান না হলে ভোট বয়কটের হুঁশিয়ারি। শুক্রবার গ্রামীণ সড়ক অবরোধ করে কলসি বালতি রেখে টায়ার পুড়িয়ে বিক্ষোভে ফেটে পড়লেন বাসিন্দারা। গ্রামদ্বার হরিশ্চন্দ্রপুর ১ নং ব্লকের রশিদাবাদ মালা পঞ্চায়েতের অন্তর্গত ভক্তিপুর দাস পাড়ার ঘটনা । শতাধিক পরিবারের বাস ওই এলাকায়। বেশিরভাগ মানুষই কৃষিজীবী। দারিদ্র সীমার নিচে বসবাস করে। ফলে বাড়িতে বাজিগতভাবে সাব মার্সিবল পাম্প বা নলকূপের ব্যবস্থা করতে পারেনি। এলাকায় পঞ্চায়েতের পক্ষ থেকে বসানো হয়নি কোন

নদীয়ায় ঝড়ের তান্ডবে ভাঙ্গলো অভিষেকের সভা মঞ্চের একাংশ, সভার বদলে হল জনসংযোগ যাত্রা

গোপাল বিশ্বাস, নদীয়া, ৯ জুন : প্রবল ঝড় বৃষ্টির কারণে মঞ্চের একাংশ ভেঙ্গে যাওয়ায় ভেঙে যায় নদীয়ায় অভিষেক বন্দোপাধ্যায়ের জনসভা। কিন্তু প্রাকৃতিক দুর্যোগকে উপেক্ষা করেও নব জোয়ারে জনসংযোগ কর্মসূচি সাড়লেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায়। হাজার হাজার কর্মী সমর্থকরাও প্রবলবৃষ্টি মাথায় নিয়ে জনসংযোগ কর্মসূচিতে যা মেলার। এদিন নদীয়ার বাদকুল্লার অনামী ক্লাবের মাঠে নব জোয়ার কর্মসূচিকে সামনে রেখে আয়োজন করা হয় এক জনসভার। সভা শুরুর আগেই প্রাকৃতিক দুর্যোগের কারণে ভেঙে যায় জনসভা। দুপুর ঠিক তিনটে নাগাদ শুরু হয় প্রবল ঝড়-বৃষ্টি, মঞ্চের সামনে তখন কাতারে কাতারে তৃণমূল কর্মীসমর্থম, মঞ্চও ছিল বেশ কিছু নেতৃত্ব, কিন্তু হঠাৎ এতেন প্রাকৃতিক দুর্যোগ হওয়ায় নিমিষেই যেন সব লভ

মনোনয়নপত্র জমা দেওয়া শুরু, বীরভূম তৃণমূলের প্রার্থী তালিকা পাঠানো হয়েছে রাজ্যে

দুরন্ত বার্তা, বীরভূম, ৯ জুন : নির্বাচনের ঢাকে কাঠি পড়তেই মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ শুরু বীরভূমে। তবে তৃণমূলের প্রার্থীর চূড়ান্ত বাছাইয়ের তালিকা পাঠানো হয়েছে রাজ্যে অনুমোদনের জন্য, এমনটাই জানালেন তৃণমূল বোর কমিটির আহ্বায়ক মলয় মুখোপাধ্যায়। তিনি বলেন, সহনতের ভিত্তিতে জেলা থেকে একশুটি ব্লকের ত্রিস্তর পঞ্চায়েতের প্রার্থী তালিকা তৈরী। চূড়ান্ত অনুমোদনের জন্য রাজ্যে পাঠানো হয়েছে। মনোনয়ন পত্র জমা হতে পারে কাল থেকেই। বীরভূমের ভদ্রপুর এবং ও দুই পঞ্চায়েতের বাম প্রার্থীদের দুইজন টোকেন মনোনয়নপত্র জমা দেন, বলে জানান স্থানীয় বাম নেতা আব্দুস সালাম। তাঁরা দলীয় কর্মী সমর্থক সহযোগে মনোনয়নপত্র জমা দেন। কোথাও কোনো বাধা তারা পান নি সে কথা নিজ মুখে স্বীকার করেন আব্দুস সালাম। অন্যদিকে, ডেমো ফন না থাকায় রামপুরহাট দুই ব্লকে বেশ কিছু প্রার্থী মনোনয়নপত্র জমা দিতে পারেন নি।

মনোনয়ন জমা দেওয়ার প্রথম দিনেই উত্তপ্ত সালার, তৃণমূল গোষ্ঠী সংঘর্ষে জখম ১২ জন

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৯ জুন : পঞ্চায়েত নির্বাচনের জন্য মনোনয়নের প্রথম দিনেই তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষে উত্তপ্ত হয়ে উঠল মুর্শিদাবাদের সালারের। ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়ার প্রথম দিনেই তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষে আহত ১২ জন। শুক্রবার সালার বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় দু’পক্ষের সংঘর্ষ বাঁধে। আহতদের সালার গ্রামীণ হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। সালু পঞ্চায়েতের প্রধান মুস্তাক আলি সাহু তৃণমূল সভাপতি মোস্তাফিজুর রহমানের অনুগামীদের উপর হামলা করেন বিধায়ক হুমায়ুন কবীর অনুগামীদের বিরুদ্ধে। যদিও এ অভিযোগ অস্বীকার করেছেন বিধায়ক হুমায়ুন কবীর। এই বিষয়ে ভরতপুর দুই ব্লকের তৃণমূল সভাপতি মুস্তাফিজুল রহমান জানান, মনোনয়ন পত্র জমা দেওয়ার বিষয়ে একটি সর্বদলীয় বৈঠক ডাকা হয়। আলোচনা শেষ করে স্টেশনের কাছে আসছিলেন তখন কিছু মোটর বাইকের ওপর দুষ্টতীরা অতর্কিতে হামলা চালায়। বেশ কয়েকজন নেতা আহত হন। প্রধান বিজ্ঞান-সহ আরও বেশ কয়েকজন আহত হন। বহরমপুর-

সাব মার্সিবল পাম্প। স্থানীয় পঞ্চায়েত সদস্যকে বারবার বলা হলেও কর্ণপাত করেননি তিনি। পঞ্চায়েত ভোটের দিনক্ষণ ঘোষনা হতেই তাই বিক্ষোভের পথ বেছে নিল এলাকাবাসী। এলাকাবাসীর অভিযোগ এলাকার একটি বিদ্যালয় থেকে জল আনতে গেলে সেখানেও বাধার সম্মুখীন হতে হচ্ছে। ফলে দেখা দিয়েছে ব্যাপক জল সংকট। এমতাবস্থায় সমস্যার সমাধান না হলে আসন্ন পঞ্চায়েত ভোট বয়কটের হুঁশিয়ারি দিয়েছে সাধারণ মানুষ। রশিদাবাদ গ্রাম পঞ্চায়েত তৃণমূল পরিচালিত। স্থানীয় পঞ্চায়েত সদস্যও শাসকদলের। এলাকাবাসীর আরও অভিযোগ কাজ করার ক্ষেত্রেও রাজনৈতিক স্বার্থ দেখে কাজ করেছে স্থানীয় পঞ্চায়েত সদস্য। যদিও জলকষ্টের কথা স্বীকার করে নিয়েছেন স্থানীয় তৃণমূলের পঞ্চায়েত সদস্য কাবুল দাস। সমগ্র ঘটনা নিয়ে তৃণমূলকে তীব্র আক্রমণ করেছে বিজেপি। এলাকাবাসীর কাছে বিজেপি নেতৃত্বের আবেদন ভোট বয়কট না করে ভোটের মাধ্যমে জবাব দিক সচিকভাবে। অন্যদিকে কংগ্রেস এবং সিপিআইএমও কাঠগড়ায় তুলেছে তৃণমূলকে। তৃণমূল শুধু কাটামানির ভাগ করতেই বসত। কখন মানুষকে পরিষেবা দিতে হবে তারা জানেন না। ভোটের মুখে মানুষ জবাব দিচ্ছে তৃণমূলকে। ভ্রাম্যমান ট্যাক্স করে জল পৌঁছে দেওয়া হবে এলাকায়। আশ্বাস দিয়েছেন বিডিও। গ্রামের বধু সবনম বিবি ও মালা দাসীরা জানানলে, গ্রামে অনেক জল অনেকটা দূর মাঠে যেতে হচ্ছে। সেচের জল ধরে আনত হয় কোনোরকমে। গ্রামে চাপাকল থাকলেও খড়ায় জল উঠছে না। সরকারি ভাবে নেই সাবমার্সিবল পাম্প। কি করে ভোট দেয়া।

মডেল সুস্বাস্থ্য কেন্দ্র : টেলিমেডিশিনের সুবিধা

দুরন্ত বার্তা, নলহাটি, ৯ জুন : ব্লক সুস্বাস্থ্য কেন্দ্র এবং প্রাথমিক সুস্বাস্থ্য কেন্দ্রের সঙ্গে যোগসূত্র স্থাপনের জন্য গ্রামীন প্রত্যন্ত এলাকায় তৈরি হচ্ছে মডেল সুস্বাস্থ্য কেন্দ্র। নলহাটি দুই ব্লকের প্রত্যন্ত এলাকায় রায়পুর সুস্বাস্থ্য কেন্দ্রের পরিদর্শন করলেন ব্লকের স্বাস্থ্য অধিকারিক। মূলতঃ এই সুস্বাস্থ্য কেন্দ্রগুলিতে সুগার, প্রেসার, প্রসূতির নিয়মিত পরীক্ষা ছাড়াও, থাকছে বিদেশের মতো টেলিমেডিশিনের সুবিধা। সি এইচ ও (কমিউনিটি হেল্থ অফিসার) ইন্টারনেটে স্বাস্থ্য বিভাগের চিকিৎসকের সঙ্গে যোগাযোগের মাধ্যমে রোগীর সূচিকিৎসা বা পথের জনা পরামর্শ নিতে পারবেন। এমনটাই জানালেন নলহাটি দুই ব্লকের স্বাস্থ্য অধিকারিক সুরজিত কর্মকার।

সুস্বাস্থ্য কেন্দ্র তৈরীর বিরোধিতা, আন্দোলনে সামিল বাসিন্দারা

দুরন্ত বার্তা, মালদা, ৯ জুন : পৌরসভার উদ্যোগে সুস্বাস্থ্য কেন্দ্র তৈরীর বিরোধিতা করে শুক্রবার ইংলিশবাজার পৌরসভার ২৯ নম্বর ওয়ার্ডের কৃষপল্লী বাপুজি কলোনি এলাকায় আন্দোলনে সামিল হলেন ওয়ার্ডবাসীরা। যদিও পড়ে, ইংলিশ বাজার থানা পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতির স্বাভাবিক হয়। জানা গেছে, ইংলিশ বাজার পৌরসভার উদ্যোগে ২৯ নম্বর ওয়ার্ডের কৃষপল্লী বাপুজী কলোনি এলাকায় তৈরি করা হচ্ছে একটি সুস্বাস্থ্য কেন্দ্র। ওয়ার্ডবাসীদের অভিযোগ যে শিশু উদ্যানে সুস্বাস্থ্যকেন্দ্র তৈরি করা হচ্ছে সেই জায়গায় সামাজিক নানা অনুষ্ঠান এবং ছেলেমেয়েরা খেলাধুলা করে। তাই সংশ্লিষ্ট জায়গায় পৌরসভার উদ্যোগে সুস্বাস্থ্য কেন্দ্র তৈরিতে বাধা দেন ওয়ার্ডবাসীরা। ঘটনার প্রতিবাদে দীর্ঘক্ষণ বিক্ষোভ দেখান তারা।

উপেক্ষা করে অভিষেক বন্দোপাধ্যায়ও গাড়ি থেকে ছাড়া হাতে নিয়ে সরকলের সাথে কুশল বিমায়ন করেন। দেখানোও বৃষ্টি উপেক্ষা করেই রাস্তার দুপাশে দেখা যায় কয়েক হাজার মানুষের ভিড়। সূত্রের খবর বাদকুল্লায় জনসংযোগ কর্মসূচি সেরে নদীয়ার চাকদার উদ্দেশ্যে রওনা দেন অভিষেক বন্দোপাধ্যায়। সেখানেও একইভাবে করবেন নবজোয়ার কর্মসূচি।

বেজেছে পঞ্চায়েত নির্বাচনের দামামা, আগামী ৮ জুলাই রাজ্যে পঞ্চায়েত ভোট

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৯ জুন : বেজে গিয়েছে পঞ্চায়েত নির্বাচনের দামামা। আগামী ৮ জুলাই রাজ্যে পঞ্চায়েত ভোট। নির্বাচনের দিনক্ষণ ঘোষনা হতেই ময়দানে নেমে পড়লো বিভিন্ন রাজনৈতিক দল। ইতিমধ্যেই বিভিন্ন জায়গায় শুরু হয়েছে দেওয়াল লিখন ও নির্বাচনী প্রচার।



শুক্রবার ডাবগ্রাম -ফুলবাড়ি ব্লকের ফুলবাড়ি ১ ও ২ অঞ্চল এলাকায় দেখা গেল এমনই চিত্র। এদিন ফুলবাড়ি ১ অঞ্চল তৃণমূল কংগ্রেসের উদ্যোগে ফুলবাড়ির কামরাঙাগুড়ি এলাকায় দেওয়াল লিখন কর্মসূচি গ্রহণ করেন তৃণমূল কংগ্রেসের নেতৃত্ব ও দলীয় কর্মীরা। এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন ফুলবাড়ি ১ অঞ্চল তৃণমূল কংগ্রেসের সভাপতি মহম্মদ অহিদ, ডাবগ্রাম ফুলবাড়ি ব্লকের যুব সভাপতি কিশোর মন্ডল, অঞ্চল যুব সভাপতি গণেশ বর্মন সহ তৃণমূলের অন্যান্য কর্মী সমর্থকরা। ফুলবাড়িতে পঞ্চায়েত ভোটের ফলাফল ভালো হবে বলে জানান অঞ্চল সভাপতি মহম্মদ আহিদ।

উত্তর পূর্ব রেল সমগ্র ভারতীয় রেলে থিম ভিত্তিক টুরিস্ট ট্রেন চালানো হচ্ছে

গোরখপুর, ৯ জুন : সমগ্র ভারতীয় রেলে থিম ভিত্তিক টুরিস্ট ট্রেন চালানো হচ্ছে। ভারত গৌরব ট্রেন হল ভারতীয় রেলওয়ে টুরিস্ট সার্কিট ট্রেন যা ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য, ঐতিহাসিকতা এবং প্রাকৃতিক সৌন্দর্য্যে পরিপূর্ণ শহরগুলিতে ভ্রমণ করে। ভারত গৌরব ট্রেনের মাধ্যমে স্থানীয় ও আঞ্চলিক পর্যটন আরও বাড়বে। আমাদের পর্যটন স্থান এবং ভারতের গর্ব, অহিআরসিটিসি জনপ্রিয় করতে মহাকাশেশ্বর, ওমকারেশ্বর, সোমনাথ, দ্বারকাধীশ, নাগেশ্বর, ত্রিশ্বেশ্বর, ঘর্শেশ্বর এবং ভীম শঙ্করের দর্শন যাত্রার জন্য গোরখপুর থেকে গোরখপুর পর্যন্ত ভারত গৌরব পর্যটন ট্রেন হিন্দু ভক্ত এবং অন্যান্য পর্যটকদের জন্য মোট ৭ টি জ্যোতির্লিঙ্গ এবং অন্যান্য পর্যটকদের জন্য ২০ জুন থেকে ২০ জুলাই পর্যন্ত চলবে। রাত এবং ১০ দিনের জন্য। এই ট্রেনের বোর্ডিং পয়েন্ট গুলি হবে গোরখপুর, বাস্তি মানকাপুর, অযোধ্যা, বারাণসি, লখনউ, কানপুর সেট্টাল, ওরাই এবং বীরাঙ্গনা লক্ষ্মীবাই জং।

এসপ্ল্যানেড স্টেশন পরিদর্শন করেন জেনারেল ম্যানেজার

কলকাতা, ৯ জুন : শ্রী পি উদয় কুমার রেড্ডি, জেনারেল ম্যানেজার, মেট্রো রেলওয়ে ০৯.০৬.২০২৩ সন্ধ্যায় এসপ্ল্যানেড মেট্রো স্টেশন পরিদর্শন করেছেন। শ্রী রেড্ডি ব্ল লাইন (কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর) এবং গ্রীন লাইন এর যাত্রী-পরিবর্তন পয়েন্ট পরিদর্শন করেছেন। তিনি এসপ্ল্যানেড স্টেশনের প্রবেশপ্রস্থান পয়েন্ট, প্ল্যাটফর্ম, কনকোর্স লেভেল, টিকিট ভেন্ডিং মেশিন, টিকিট কাউন্টার, স্টেশন সাইনজেন, পরিষ্কৃততা ইত্যাদি পরিদর্শন করেন। স্টেশনের কর্মীদের সঙ্গেও মতবিনিময় করেন তিনি। এই পরিদর্শনকালে জিএমকে স্টেশনের রাশ ব্যবস্থাপনা ব্যবস্থা সম্পর্কে অহ্বিত করা হয়। তিনি এই স্টেশনের নান্দনিক সৌন্দর্য্য এবং যাত্রী সুবিধার আরও উন্নতি করার জন্য সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশ দেন। এসপ্ল্যানেড স্টেশনের সার্বিক ব্যবস্থা দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন।

KOLKATA MUNICIPAL CORPORATION &TENDER		
ABRIDGED NIT		
The DY.C.E.(E)/(S&D)/KMC invites e-tender online item wise rate two bid system for the following works :- 1. NIT NO. : MDPS/MPS/MSR/2023 (1st Call) Name of work : Urgent dismantling & thorough renovation of MS structures of SUMP chamber & railings inside the pump house including other allied works at MPS Bangur under MDPS. Estimated Amount : Rs.2,78,963.00. Earnest Money : Rs.5,580.00. Period of Completion : 10 Days. Last Date and Time of submission of Bid : 19.06.2023 at 5 p.m. The Bid forms and other details are available on and from 10.06.2023 at 5 p.m. from the website https://www.wbtenders.gov.in. For corrigendum etc, if any, the same website has to be seen.	The Executive Engineer (Parks & Squares), KMC invites quotation online percentage rate two bid system for the following works :- 1. NIT NO. : KMC/EE_PS/IV/45/1/23-24 (1st Call) Name of work : Cleaning and stacking of deposited Silt from Rani Rashmoni Ghat in Ward No.45, Br.-V. Estimated Cost : Rs.1,95,980.40. Earnest Money : Rs.4,000.00. Period of Completion : 30 Days. 2. NIT NO. : KMC/EE_PS/VIII/86/2/23-24 (1st Call) Name of work : Creation of greenary by construction of road side garden at different places in Ward No.86, Borough-VIII. Estimated Cost : Rs.4,54,434.51. Earnest Money : Rs.9,500.00. Period of Completion : 120 Days. Last date and time of submission of Bid : 17.06.2023 at 1 p.m. (for SI.No.1) and 19.06.2023 at 2 p.m. (for SI.No.2). The bid forms and other details shall be available on and from 10.06.2023 at 10 a.m. (for SI.No.1) and 09.06.2023 at 10 a.m. (for SI.No.2) from the website https://tender.wb.nic.in (for SI.No. 1 & 2).	
The DY.C.E.(M)/Roads, KMC invites tender online quotation two bid system for following works :- 1. NIT NO. : KMC/DG(M)/ASP/GG/M-50/22-23 Name of work : Repairing & replacement of different spare parts etc. of different payloaders & vehicles under Asphaltum Goragacha. Estimated Cost : Quotation. Earnest Money : Rs.5,600.00. Period of Completion : 07 Days. 2. NIT NO. : KMC/ASPH/P.B/BNG-02/2023-24 Name of work : Repairing of Two No's Load-out conveyor belt for DM-45 plant at Asphaltum Department, Palmer Bazar. Estimated Cost : Quotation. Earnest Money : Rs.3,000.00. Period of Completion : 10 Days. Last Date and Time of submission of Bid : 24.06.2023 at 12 noon (for SI.No.1) and 22.06.2023 at 2 p.m. (for SI.No.2). Bid opening date for technical proposal : 26.06.2023 at 1 p.m. (for SI.No.1) and 24.06.2023 at 2 p.m. (for SI.No.2). The bid forms and other details are available on and from 14.06.2023 at 5 p.m. (for SI.No.1) and 10.06.2023 at 6 p.m. (for SI.No.2) from the website https://wbtenders.gov.in (for SI.No.1 & 2).	The Dy.Chief Engineer (Parks & Squares), KMC invites quotation online percentage rate two bid system for the following works :- 1. NIT NO. : KMC/DYCE/PS/III/16/1/2023-24 (1st Call) Name of work : Engagement of labour for daily maintenance of gardens at different places in Goabangar Park for one year (01.07.2023 to 30.06.2024) in Ward 16, Br.-II. Estimated Cost : Rs.1,98,702.35. Earnest Money : Rs.4,000.00. 2. NIT NO. : KMC/DYCE/PS/II/5/1/2023-24 (1st Call) Name of work : Maintenance of Pot Grown Rose and Dahlia in Tala Park Nursery in Ward-05, Br.-I. Estimated Cost : Rs.1,98,702.35. Earnest Money : Rs.4,000.00. Period of Completion : 365 Days (for SI.No. 1 & 2). Last date and time of submission of bid : 19.06.2023 at 1 p.m. (for SI.No.1 & 2). The bid forms and other details shall be available on and from 10.06.2023 at 10 a.m. (for SI.No. 1 & 2) from the website https://tender.wb.nic.in (for SI.No. 1 & 2).	
The D.G. (Mech.)/Roads, KMC invites tender online item wise rate two bid system for the following works :- 1. NIT NO. : KMC/ASPH/P.B./BNG-01/2023-24 Name of work : Vulcanizing and delivery of Two No's Load-out conveyor belt for DM-45 plant at Asphaltum Department, Palmer Bazar. Estimated Cost : Quotation. Earnest Money : Rs.7,000.00. Period of completion : 10 Days. 2. NIT NO. : KMC/ASPH/PB/SM-49/2022-23 Name of work : Restoration of different roads by engaging labour in different wards of different borough in East Kolkata Region under the Jurisdiction of KMC under roads Mechanical Department. Estimated Amount (Incl. GST & CESS) : Rs.4,99,013.04. Earnest Money : Rs.10,000.00. Period of completion : 180 Days. 3. NIT NO. : KMC/RRD/GM02/23-24 Name of work : Continuation of daily maintenance work of different road rollers by engagement of mechanic and helper on contractual basis under Road Roller Department. Estimated Cost : Rs.4,80,522.28. Earnest Money : Rs.10,000.00. Period of Completion : 325 Days. Last Date and Time of submission of Bid : 24.06.2023 at 2 p.m. (for SI.No.1) and 21.06.2023 at 11 a.m. (for SI.No. 2 & 3). Bid opening date for Technical Proposals (Online) : 26.06.2023 at 2 p.m. (for SI.No. 1) and 23.06.2023 at 11 a.m. (for SI.No. 2 & 3). The bid forms and other details are available on and from 10.06.2023 at 6 p.m. (for SI.No.1), 10.06.2023 after 5 p.m. (for SI.No.2) and 07.06.2023 at 6 p.m. (for SI.No.3) from the website : https://wbtenders.gov.in (for SI.No. 1 & 2) and https://tender.wb.nic.in (for SI.No. 3).	The Director General (Roads), KMC invites tender online percentage rate two bid system for following work :- NIT NO. : KMC/ROADS/SOUTH/2023-2024/32 (1st Call) Name of work : Laying seal coat at Santoshpur Avenue from Trikon Park to Santoshpur Jora Bridge in Ward No.103 under Br.XI. Estimated Amount (Incl. GST & CESS) : Rs.2,99,011.27 (Excl. Contingency Amt.). Earnest Money : Rs.6,000.00. Period of Completion : 10 Days. Last Date and Time of submission of all Bids : 17.06.2023 at 12 noon. The Bid forms and other details are available on and from 09.06.2023 at 12 noon from the website https://tender.wb.nic.in	

মোহনবাগানে আসছেন দেশের সেরা মিডিও?

দলবদলে বড় খবরের অপেক্ষায় সবুজ মেরুন



দুরন্ত বার্তা, কলকাতা, ৯ জুনঃ প্রীতম কোটাল নাকি মোহনবাগান ছাড়ছেন। এমন সম্ভাবনা অবশ্য আছে সেটা মানতে রাজি নন মোহনবাগান কর্তারা। এফসি কাপে অভিজ্ঞ বাঙালি ডিফেন্ডার ছাড়া মোহনবাগান খেলবে এমন সম্ভাবনা কম। প্রীতম নিজেও চট করে মোহনবাগান ছাড়ার কথা ভাবেন না। এর মশেই দল বদলের বাজারে আরও এক বড় চমক দিতে চলেছে মোহনবাগান। সব ঠিকঠাক থাকলে, রেকর্ড পরিমান ট্রান্সফার ফি’র বিনিময়ে অনিরুদ্ধ খাপাকে দলে সই করাতে চলেছে সবুজ-মেরুন প্রিগেতা। পাঁচ বছরের চুক্তিতে হুয়ান ফেরান্দোর শিবিরে আসতে পারেন জাতীয় দলের অন্যতম সেরা মিডিও। চেমাইয়ান এফসি’র সঙ্গে আরও এক বছর চুক্তি রয়েছে অনিরুদ্ধর। দক্ষিণের ফ্র্যাঞ্চাইজির কর্তৃপক্ষের সঙ্গেও তাঁর দারুণ

সম্পর্ক। তবু দীর্ঘদিন ধরেই তাঁকে দলে নেওয়ার চেষ্টা চালাচ্ছিল মোহনবাগান ম্যানেজমেন্ট। সুত্রের খবর, অবশেষে অনিরুদ্ধ খাপাকে বিক্রি করতে রাজি হয়েছে চেমাই। মৌখিক কথাবার্তা চূড়ান্ত হলেও সই এখনও বাকি। পদ্ধতিগত প্রক্রিয়া শেষ হলেই মোহনবাগানের চুক্তিতে সই করবেন তিনি। এএফসি কাপে খাতায় কলমে অন্যতম সেরা দলই স্প্যানিশ কোচের হাতে তুলে দিতে চলেছে মোহনবাগান সুপার জায়ন্টের কর্তারা। একটা সময় পর্যন্ত লেফট-ব্যাক আকাশ মিশ্রর সঙ্গে অনিরুদ্ধ খাপাকে পেতে সবুজ-মেরুনের সঙ্গে পাল্লা দিচ্ছিল মুম্বই সিটি। হায়দরাবাদের আকাশ এখনও কোনও দলেই সই করেননি। জানা গিয়েছে, বাকিংহামের প্রশিক্ষণার্থী মুম্বই সিটিতে তাঁর যোগ দেওয়ার সম্ভাবনা প্রবল। অন্যদিকে, চেমাইয়ান মিডফিল্ডারটিকে পাওয়ার ব্যাপারে মুম্বইকে টেকা দিয়ে এগিয়ে মোহনবাগান। এর আগে অস্ট্রেলিয়ান বিশ্বকাপার জেসন কামিংসকেও নিশ্চিত করেছে সবুজ-মেরুন। এবার তাদের প্রাইম টার্গেট দেবানুদের ফুটবলারটি। ভারতের জার্সিতে এখনও পর্যন্ত ৪০টি ম্যাচ খেলেছেন অনিরুদ্ধ। বক্স টু বক্স অপার্টে করায় দারুণ দক্ষ। দূরপাল্লার শট নিতেও পারদর্শী এই মিডফিল্ডার। খাপা প্রচুর পরিশ্রম করতে পারেন এবং সঠিক পাস বাড়াতে পারেন। ২৪ বছরের এই মিডফিল্ডার এই মুহুর্তে দেশের অন্যতম সেরা তার ফুটবল বুদ্ধির জন্য। চেমারাই ছোটখাটো হলেও অনিরুদ্ধ লড়াকু ফুটবলার। এখন দেখা যাক শেষ পর্যন্ত মোহনবাগানে আসেন কিনা খাপা।

কে কী বলল, উপেক্ষা করতে শিখুন, ট্রোলড হয়ে পাল্টা বিরাটের



লন্ডন, ৯ জুনঃ ক্রিকেট প্রেমীরা তাঁর ব্যাটে বিস্ফোরণ দেখার জন্য সব সময় মুখিয়ে থাকেন। সেই তিনি যে দিন ব্যর্থ হন, চলে আসেন নিশানায়। ক্রিকেট এমনই। কোনও দিন দু’হাত ভরিয়ে দেয়, তো কোনও দিন শূন্যে ফেরায়। ওভালে চলছে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল। প্রথম ইনিংসে সাড়ে চারশেরও বেশি রান তুলেছে অজিরা। ভারতীয় বোলারদের ব্যর্থতার ছাপ পরিষ্কার দেখা গিয়েছে। উল্টোদিকে টিম ইন্ডিয়ার টপ অর্ডার চূড়ান্ত ব্যর্থ। দেশের মাটিতে আইপিএলে দুরন্ত ছন্দে ছিলেন বিরাট কোহলি, শুভমন গিলরা। কিন্তু জাতীয় দলের জার্সিতে কোহলি-গিলদের মধ্যে সেই স্পার্কটাই যেন মিসিং। প্রথম ইনিংসে কোহলি ৩১ বলে মাত্র ১৪ রান করে ফেরেন। গুরুত্বপূর্ণ ম্যাচে এ ভাবে ব্যর্থ হওয়ার বিরাট ক্যাচ এ হতাশ হয়েছিলেন, তা দেখা গিয়েছিল তাঁর চোখ-মুখে। এর পরের এক দৃশ্য সোশ্যাল মিডিয়ায় ভাইরাল। বিরাট আউট হওয়ার পর ড্রেসিংরুমে ফিরে খাবার খাচ্ছিলেন। আর সেই ছবি ধরা পড়ে টেলিভিশন ক্যামেরায়। যা দেখে বিরাটের উপর

বাহানের ব্যাটিংয়ে আপ্লুত সৌরভরা

ওভালে ভারতকে টানলেন ‘লর্ড শার্দূল’

লন্ডন, ৯ জুনঃ জাত চিরস্থায়ী, সেই আগুবাঝাকে ফের প্রমাণ করলেন অজিঙ্গা রাহানে। টেস্টের বিশ্ব চ্যাম্পিয়নশিপ ফাইনালে রাহানেকে দলে ফেরানো হয়েছিল। তিনি বহুদিন বাদে রোহিতদের টেস্ট সংসারে ফিরেই সফল হলেন। যখন বাকি দল ব্যর্থ, সেইসময় শার্দূল ঠাকুরকে সঙ্গে করে রাহানে সিনিয়র ক্রিকেটার হিসেবে নিজের দক্ষতা তুলে ধরলেন। ১২৯ বলে ৮৯ রান করে রাহানে ফিরলেন মধ্যাহ্নভোজের বিরতির পরেই। প্যাট কামিন্সের বলে ক্যামেরণ গ্রিনের হাতে ক্যাচ দিয়েছেন। রাহানের ইনিংসে রয়েছে ১১টি চার ও একটি ছক্কা। তাঁর ব্যাটিং দেখে উচ্ছ্বসিত সৌরভ গঙ্গোপাধ্যায়। টিভি কমেণ্ট্রি করতে গিয়ে মহারাজ বলেন, “রাহানের আত্মবিশ্বাস দেখে বেশ ভাল লাগছে। আইপিএলে ওরকম দুরন্ত খেলার পরে অস্ট্রেলিয়ার বোলিকে সামলে দিয়েছে, গ্রেটা।” রাহানে টেস্টে নিজের পাঁচ হাজার রান পূর্ণ করলেন। রাহানেকে নিয়ে যতটা প্রশংসা হওয়া উচিত, তেমনি শার্দূল ঠাকুরকে নিয়েও দারুণ স্তুতি চলছে। শার্দূলের কাছে ওভালের ম্যাচ খুব লাকি প্রাইড। এর আগে দু’বার খেলেছেন, হাফসেক্সুরি করেছিলেন। এবারও আট নম্বরে নেমে তিনি নির্ভরতা দিলেন দলকে। উইকেটে টিকে থেকে লর্ড শার্দূলও ম্যাচ বাঁচাচ্ছেন ভারতের হয়ে। রাহানে আউট হতেও শার্দূল খেলছিলেন। তিনিও আউট হলেন



১০৯ বলে ৫১ রানের মাধ্যম গ্রিনের বলে। ভারতের ইনিংস শেষ হয়ে গিয়েছে ২৯৬ রানে। ভারতের ব্যাটিং ইনিংসে রাহানে (৮৯) ছাড়াও বলার মতো সাফল্য শার্দূল (৫১) ও রবীন্দ্র জাদেজার (৪৮)। বাকিরা ডাহা ফেল। অস্ট্রেলিয়া বোলিং ইনিংসে সফল প্যাট কামিন্স। অধিনায়ক তিন উইকেট নিলেন ৮৩ রানে। বাকি বোলারদের মধ্যে দুটি করে উইকেট নিয়েছেন মিচেল স্টার্ক, ক্যামেরণ গ্রিন ও স্কট বোল্যান্ড। স্পিনার লিয়ন নিয়েছেন এক উইকেট।

‘মেসির জন্য প্রস্তুত নয় মায়ামি’



ইতিবাচক নয়। কারণ মেসির মতো মহাতারকাকে নিয়ে আসার জন্য যেসব প্রস্তুতি দরকার তা ইন্টার মায়ামির নেই বলে দাবি তার। ফুটবলারটির নাম নিক মার্সমান-মায়ামির ডাচ গোলকিপার। পরশু রাতে মেসির মায়ামিতে যোগ দেওয়ার ঘোষণার পর থেকেই আলোচনা চলছে এই দলবদল নিয়ে। ফেইনর্দ থেকে ২০২১ সালে ইন্টার মায়ামিতে যোগ দেওয়া মার্সমান এ নিয়ে কথা বলেছেন ইএসপিএনের সঙ্গে। মায়ামির মনে হয় ক্লাব প্রস্তুত নয়, যদিও আমি চাই সে আসুক।” মায়ামি ফ্রিডম পার্কে ইন্টার মায়ামি একশো কোটি ডলার খরচ করে নতুন স্টেডিয়াম বানাচ্ছে। এই কারণে অস্ট্রায় স্টেডিয়াম হিসেবে আপাতত ফেট লডারহিলে ডিআরভি পিএনকে স্টেডিয়াম ব্যবহার করছে মায়ামি। এই স্টেডিয়ামের আসনসংখ্যা মাত্র ১৮ হাজার এবং যে ধরনের নিরাপত্তাব্যবস্থার প্রয়োজন তা নেই। মায়ামি নিজেদের জন্য নতুন যে স্টেডিয়াম বানাচ্ছে, সেখানে আসনসংখ্যা হবে প্রায় ২৫ হাজার, স্টেডিয়ামটি ২০২৫ সালে খুলে দেওয়া হবে। যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের (এমএলএস) দল ইন্টার মায়ামিতে যোগ দেওয়ার কথা মেসি জানিয়েছেন স্প্যানিশ সংবাদমাধ্যম ‘এল মুন্দো’ ও ‘মুন্দো দেপোর্তিভো’কে দেওয়া সাক্ষাৎকারে। মেসি নিজেই জানিয়েছেন, ইন্টার মায়ামির সঙ্গে ‘চুক্তি সম্পন্নের কাজ এখনো শতভাগ শেষ হয়নি। কিছু বিষয় এখনো বাকি আছে।’ আর্জেন্টিনার সংবাদমাধ্যম ‘টিওয়াইসি স্পোর্টস’ জানিয়েছে, মেসির সঙ্গে ইন্টার মায়ামির চুক্তি হবে তিন মরসুমের। প্রথম দুই মরসুম শেষে চাইলে চলে যেতে পারবেন। চুক্তিতে থাকবে, মেয়াদ বাড়ানোর বিষয়টি অবশ্যই দুই পক্ষের সম্মতির ভিত্তিতে হতে হবে। তবে স্প্যানিশ সংবাদমাধ্যম ‘স্পোর্ট’-এর দাবি, মেসিকে চার বছরের চুক্তির প্রস্তাব দেওয়া হয়েছে। মরসুম প্রতি ৫ কোটি ৪০ লাখ ডলার পারিশ্রমিক পাওয়ার পাশাপাশি অন্য কিছু খাত থেকেও মেসি আয়ের সুযোগ পাবে বলেও জানিয়েছে স্প্যানিশ সংবাদমাধ্যম। যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম ‘দ্য অ্যাথলেটিক’ জানিয়েছে, অ্যাপল ও অ্যাডিডাস থেকে আয় করবেন মেসি। প্রতিষ্ঠান দুটি মেজর লিগ সকারের (এমএলএস) সঙ্গে চুক্তিবদ্ধ। অ্যাথলেটিক আরও জানিয়েছে, খেলোয়াড়ি কেরিয়ার শেষে মেসি যেন এমএলএসে কোনো দলের মালিকানা অংশীদার হতে পারেন, ইন্টার মায়ামির সঙ্গে চুক্তিতে সেই সুযোগও রাখা হবে।

ফ্লোরিডা, ৯ জুনঃ ঘোষণা দেওয়া হয়ে গেছে। এখন শুধু চুক্তি সই এবং লিওনেল মেসিকে নতুন ক্লাবের জার্সিতে দেখার অপেক্ষা। সেই অপেক্ষা ফ্লোরেনোর সঙ্গে সঙ্গে নতুন অধ্যায় যোগ হবে যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের ইতিহাসে, যার নাম হবে মেসি-অধ্যায়। কিন্তু মেসি-অধ্যায় রাডিয়ে তুলতে ইন্টার মায়ামি কতটা প্রস্তুত? মায়ামির এক ফুটবলারের কথা সত্য হলে উত্তরটা

চমক দিয়ে ফরাসি ওপেনের ফাইনালে মুচোভা

প্যারিস, ৯ জুনঃ প্যারিসের রোঁলা গারোতে বৃহস্পতিবার ফাইনালে ওঠার লড়াইয়ে সাবালেঙ্কাকে ৭-৬ (৭-৫), ৬-৭ (৫-৭), ৭-৫ গোমে হারান মুচোভা। বনে যান র‍্যাঙ্কিংয়ের নিচের দিকে থেকে ফরাসি ওপেনের ফাইনালে ওঠা খেলোয়াড়দের একজন। শুরুর দুই সেট টাইব্রেকারে গড়ানোর পর সমতা ছিল মুচোভা ও সাবালেঙ্কার মধ্যে। তৃতীয় ও শেষ সেটে এক পর্যায়ে সাবালেঙ্কা ৫-২ ব্যবধানে এগিয়েও ছিলেন, কিন্তু ২৫ বছর বয়সী এই তারকা পেন্সে ওভেনিল। দারুণ এক জয়ের আনন্দে তাই বাকহার মুচোভা। “আমি আসলেই



জানি না কি ঘটে গেল। এটা অবিশ্বাস্য। লড়াই চালিয়ে যাওয়ার চেষ্টা করছিলাম আমি এবং এটা কাজে দিল। ভীষণ খুশি আমি।” আগামী শনিবার শিরোপা লড়াইয়ে তিনি মুখোমুখি হবেন ইগা শিয়াওভেকের। দ্বিতীয় সেমি-ফাইনালে চতুর্দশ বাছাই ব্রাজিলের রিয়ারিজ আদাজ মায়াকে ৬-২, ৭-৬ (৯-৭) গেমের হারিয়েছেন পোল্যান্ডের শীর্ষ বাছাই। ফরাসি ওপেনের বর্তমান শিরোপাধারী শিয়াওভেকে এবার রোঁলা গারোতে এসেছেন তৃতীয় শিরোপা জয়ের স্বপ্ন নিয়ে। সাবালেঙ্কার বিদায় এবং সেমি-ফাইনালের এই জয়ে র‍্যাঙ্কিংয়ে শীর্ষে থাকা নিশ্চিত হয়ে গেল শিয়াওভেকের। টানা ৬২ সপ্তাহ ধরে ‘নাম্বার ওয়ান’ পজিশনে রয়েছেন ২২ বছর বয়সী এই খেলোয়াড়।

মেসি আসছেন তাই স্বপ্ন দেখা শুরু



ফ্লোরিডা, ৯ জুনঃ এতদিন রিয়াল মাদ্রিদ, ম্যান্চেস্টার ইউনাইটেড, ব্রাজিল ছিল তাঁর প্রতিপক্ষ। এ বার বাস্কেটবল, বেসবল, রাগবি মতো প্রবল জনপ্রিয় খেলাগুলোর বিরুদ্ধে খেলতে হবে। এতদিন ইউরোপের অত্যন্ত জনপ্রিয় ক্লাব ছিল তাঁর চিকানা। এ বার অন্যটা লিগকে পরিচিত করে তোলার গুরুদায়িত্ব তাঁর কাঁধে। লিওনেল মেসি মেজর লিগ সকারে পা রাখলে রাতারাতি হয়তো বদলে যাবে না সবকিছু। কিন্তু তাঁর ছোঁয়ায় পৃথিবী পাল্টাতে শুরু করবে। গ্যালারি ভরে উঠবে, টেলিভিশন দর্শকের সংখ্যা বাড়বে। আর বাড়বে মার্কেট শেয়ার। ইন্টার মায়ামির হাত ধরে নিশ্চিতভাবে আমেরিকায় আর এক দফা ফুটবল বিপ্লব শুরু হতে চলেছে। ১৯৭৫ সালে পেলে যোগ দিয়েছিলেন নিউ ইয়র্ক কসমসে। ২০০৭ সালে ডেভিড বেকহাম খেলতে এসেছিলেন এলএ গ্যালাক্সিতে। যে পাস বাড়িয়েছিলেন পেলে, উইং থেকে যে বল ক্রস তুলেছিলেন বেকহাম, সেই বল ধরেই এ বার গোল করতে হবে মেসিকে। আমেরিকান সকাল ফাউন্ডেশনের প্রাক্তন প্রেসিডেন্ট সুনীল গুলাটি বলছেন, “এমএলএসে মেসির যোগ দেওয়া কোনও কিছুই সঙ্গে তুলনা করা যাবে না। ও সর্বকালের অন্যতম সেরা ফুটবলার। বিশ্বকাপ জিতে মেসি মেজর লিগ সকারে যোগ দেবে। আমেরিকান ফুটবলের প্রসারের জন্য এর থেকে বড় প্রাপ্তি আর কিছু হতে পারে না। বিরাট, বিরাট প্রাপ্তি।” ৩৪ বছর বয়সে পেলে কসমসে খেলতে এসেছিলেন। বেকহাম এসেছিলেন ৩২ বছর বয়সে। আর মেসি, ৩৬এ পা দিতে চলেছেন মায়ামিতে। পেলে যখন কসমসে এসেছিলেন, তখন মাত্র সাড়ে ৬ হাজার সমর্থক ছিল নর্থ আমেরিকার ওই সকার লিগের। পেলে আসার পর ৬৪ হাজার সমর্থক নিয়মিত নিউ জার্সি ইস্ট রাডারফোর্ড স্টেডিয়ামে খেলা দেখতে আসতেন। পেলেকে সই করানো কসমসের ম্যানেজার ক্রাইট টম বলছেন, “পেলের আগে আমেরিকায় ফুটবলের অস্তিত্ব সেই অর্থে ছিল না। লোকে গুরুত্বই দিত না। পেলে সেইটি পাল্টে দিয়েছিলেন। মেসি এমন এক সময় আমেরিকায় খেলতে আসছে, যে সময় এ দেশে ফুটবল নামে একটা খেলা বেশ জনপ্রিয়। মেসি এই জনপ্রিয়তাকে যে আরও বেশ খানিকটা এগিয়ে নিয়ে যাবে তাতে সন্দেহ নেই।” ১৯৯৬ সালে মেজর লিগ সকারের জন্ম। ততদিনে বিশ্বকাপ আয়োজন করার অভিজ্ঞতা হয়ে গিয়েছে আমেরিকার। শুরুরে ১০টা টিম নিয়ে খেলা হত। এখন ২৯টা টিমের লিগ। ২৭ বছরে পা রাখতে চলা এই এমএলএসের সবচেয়ে বড় বিজ্ঞাপন হতে চলেছেন মেসি নিজেই। আমেরিকায় ৩টে সবচেয়ে বড় খেলা বাস্কেটবল, রাগবি, বেসবলের বিরুদ্ধে লড়াই করতে হবে মেসিকে। আধুনিক প্রজন্মে মেসির নাম জানেন না এমন কোনও মানুষ নেই। ফলে, আমেরিকান আনাকে কানাডে ফুটবল ছড়িয়ে দেওয়ার কাজ মেসি খুব সহজে করতে পারবেন। এমন বিশ্বাস করছেন আমেরিকার প্রাক্তন জাতীয় কোচ ক্রেগ বারহল্টার। ইন্টার মায়ামিতে পা দিচ্ছেন মেসি, এই খবর ছড়িয়ে পড়ার পরই বেকহামের ক্লাবের ইস্টা ফলোয়াস এক ধাক্কায় দ্বিগুণ হয়ে পড়েছে। ১৮ হাজার দর্শক সম্বলিত স্টেডিয়ামের সংস্কারের কাজ খুব দ্রুত শুরু হবে।

রিয়াম, ৯ জুনঃ সৌদি আরব-অধ্যায়ের প্রথম মরসুমে দলগতভাবে কিছুই জেতা হয়নি ক্রিস্টিয়ানো রোনাল্ডোর। তাঁরা দল আল নাসর সৌদি প্রো লিগ শেষ করেছে দ্বিতীয় হয়ে, চ্যাম্পিয়ন আল ইত্তিহাদ থেকে পাঁচ পর্যাট পিছিয়ে থেকে। আর কিংস কাপ ও সুপার কাপ শেষ করে সেমিফাইনাল থেকে বিদায়ে। মরসুম শেষে দেখা যাচ্ছে, রোনাল্ডোর অর্জন নেই ব্যক্তিগত জায়গাতেও। লিগের মরসুমেরো একাদশে জয়গা হয়নি ৩৮ বছর বয়সী পর্তুগিজ তারকার। তাঁর জায়গায় একাদশে স্থান হয়েছে প্রাক্তন ম্যান্চেস্টার ইউনাইটেড খেলোয়াড় ওভিনো ইয়ালোর। ৩৩ বছর বয়সি ইয়ালো খেলেন আল হিলাল ক্লাবে। মরসুমসেরা একাদশে সর্বোচ্চ ৫ খেলোয়াড় আল ইত্তিহাদের। আল নাসর থেকে জায়গা হয়েছে দুজনকে। ইউরোপীয় ক্লাব ফুটবলের মতো সৌদি প্রো লিগও শুরু হয়েছিল গত বছরের আগস্টে। রোনাল্ডো আল নাসরে যোগ দেন চলতি বছরের শুরুতে, লিগে প্রথম ম্যাচ খেলেন ২২ জানুয়ারিতে। দেরিতে যোগ দেওয়ার কারণে মরসুমে ৬০



ম্যাচের মধ্যে খেলার সুযোগ পেয়েছেন ১৬টিতে। এর মধ্যে ১৪ গোল করেন রোনাল্ডো, যা আল নাসরের হয়ে মরসুমের দ্বিতীয় সর্বোচ্চ (তালিকা ২০) এবং পুরো লিগ মিলিয়ে পঞ্চম

সর্বোচ্চ। তবে পাঁচবারের ব্যালন ডি’অরজয়ীর এই পারফরম্যান্স মরসুমের সেরা একাদশে থাকার জন্য যথেষ্ট হয়নি। ফুটবলের তথ্যপঞ্জি নিয়ে কাজ করা অপটা অ্যানালিস্ট সৌদি প্রো লিগের মরসুমসেরা দলে রোনাল্ডোকে রাখেনি। রোনাল্ডোর জায়গায় স্থান হয়েছে ইয়ালোর। আল হিলালের এই স্ট্রাইকার লিগের তৃতীয় সর্বোচ্চ ১৯ গোল করেছেন। নাইজেরিয়ান ফুটবলার ইয়ালো ২০২০ সালের জানুয়ারি থেকে ২০২১ সালের জানুয়ারি পর্যন্ত ধারে ম্যানচেস্টার ইউনাইটেডে ছিলেন। চিনের সাংহাই সিনহুয়া থেকে এক বছরের জন্য ধরে গিয়ে ২৩ ম্যাচে ৫ গোল করেন ইউনাইটেডের হয়ে। আক্রমণভাগে ইয়ালোর দুই পাশে জয়গা হয়েছে আল ফাতেহ ক্লাবের দুই ফরোয়ার্ড ফিরাস আল বুরাইকান ও মুরাদ বাতনার। লিগে সর্বোচ্চ ২১ গোল করা আল ইত্তিহাদের আবরেরাজাক হামাদুল্লাহরও একাদশে জয়গা হয়নি। অপটা অ্যানালিস্টের তৈরি করা তালিকাটি সৌদি প্রো লিগের অফিশিয়াল টুইটার পেজ থেকে পোস্ট করা হয়েছে।

প্রকাশিত

২৫ বর্ষ • ষষ্ঠ সংখ্যা • ১ জুন ২০২৩

সুচিকিৎসা

দুধ না খেলে

- শৈশবের পুষ্টি দুধ
- স্বাদে-গুণে ভরপুর পনির
- দুধ - সুপার ফুড
- প্রসাবে রক্তক্ষরণ
- হার্টকে সুস্থ রেখে বাঁচা
- রোবোটিক সার্জারি

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে লগ অন করুন

www.suchikitsa.in

মেয়েদের বিশ্বকাপে টিকেট বিক্রি হয়েছে ‘১০ লাখের বেশি’, জানালেন ইনফান্তিনো

বিশ্বকাপ শুরু হতে বাকি আছে এখনও প্রায় দেড় মাস। ১০ লাখের বেশি টিকেট বিক্রি হয়ে গেছে এখনই। মেয়েদের বিশ্বকাপের ইতিহাসে এটি মাইলফলক তো বটেই, যে কোনো খেলা মিলিয়েই বিশ্ব ক্রীড়াঙ্গনে মেয়েদের কোনো টুর্নামেন্টে দর্শক উপস্থিতির রেকর্ড হতে যাচ্ছে এবার।

জরিখ, ৯ জুনঃ অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ডে ফিফা মহিলা বিশ্বকাপ শুরু হতে বাকি এক মাসের বেশি সময়। মাঠে গড়ানোর আগেই দর্শক-আগ্রহের দিক থেকে রেকর্ড গড়ে ফেলেছে মেয়েদের ফুটবলের নবম বিশ্ব আসরটি। এরই মধ্যে ফিফা মহিলা বিশ্বকাপের মায়ের ১০ লাখের বেশি টিকিট বিক্রি হয়েছে, যা মেয়েদের ফুটবল বিশ্বকাপের ইতিহাসে সর্বোচ্চ বলে উল্লেখ করছেন ফিফা সভাপতি জিয়ানি ইনফান্তিনো। ছেলেদের ফুটবল বিশ্বকাপ ১৯৬০ সালে শুরু হলেও মেয়েদের ফুটবলে শুরু হয় ১৯৯১ সালে। ১২ দল নিয়ে শুরু হওয়া মেয়েদের সর্বোচ্চ প্রতিযোগিতাটিতে সর্বশেষ ২০১৯ আসরে খেলেছিল ২৪ দল। এবার দল বেড়ে হয়েছে ৬২টি। নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়ার মাটিতে এবারের আসর শুরু হবে ২০ জুলাই, চলতে ২০ আগস্ট পর্যন্ত। বৃহস্পতিবার ভারতীয় সময় মধ্যরাতে এক ইনস্টাগ্রাম পোস্টে ফিফা সভাপতি লিখেছেন, “আমি যখন লিখছি, ততক্ষণে ১০ লাখ ৬২ হাজার ৮৮৪টি টিকিট

বিক্রি হয়েছে যার অর্থ, বিশ্বকাপ শুরুর এক মাসের বেশি সময় আগেই আমরা ২০১৯ ফ্রান্স আসরের টিকিটসংখ্যাকে পেরিয়ে গেছি।

বিশ্বকাপে সর্বোচ্চ দর্শক কোন আসরে কত ছিল, তা অবশ্য উল্লেখ করেননি ইনফান্তিনো। ফ্রান্সে ২০১৯ আসর শুরুর আগের দিন

মুখোমুখি হবে ১৯৯৫ সালের চ্যাম্পিয়ন নরওয়ে। এর কয়েক ঘণ্টা পর আরেক আয়োজক দেশ অস্ট্রেলিয়ার বিপক্ষে খেলতে নামবে রিপাবলিক অব আয়ারল্যান্ড। এ মাসের ফিফার এক বিবৃতিতে বলা হয়, বিশ্বকাপের ৬৪ ম্যাচ দেখতে ১৫০টি দেশের দর্শকের জন্য অতিরিক্ত আড়াই লাখ টিকিট বরাদ্দ করা হয়েছে। ফিফার প্রধান ফুটবল কর্মকর্তা সারাই বারোমান এ বিষয়ে বলেন, “দুটি আয়োজক দেশেই বেশ কিছু ম্যাচের জন্য দর্শকের বিপুল সাদা পেয়েছি আমরা। বাড়তি টিকিটের জোগান এই আগ্রহী দর্শকদের ম্যাচ দেখার সুযোগ করে দেবে বলে আমরা বিশ্বাস করি।” ছেলেদের বিশ্বকাপে ট্রফি জয়ে ব্রাজিল, জার্মানি ও ইতালির দাপট বেশি হলেও মেয়েদের ফুটবলে সেটা যুক্তরাষ্ট্রের। এখন পর্যন্ত হওয়া আট আসরের চারটিতেই শিরোপা জিতেছে তারা, যার মধ্যে আছে সর্বশেষ টানা দুই। এ ছাড়া জার্মানি দ্বারা, নরওয়ে ও জাপান একবার করে মেয়েদের বিশ্বকাপ জিতেছে।